ভগবদ্ব্যাস-প্রণীতং

ব্রহ্মসূত্রং নাম

বেদান্তদর্শনম্।

পরমহংসপরিব্রাজকাচার্য্যশ্রীশঙ্করভগবৎকৃত‘শারীরকমীমাংসা’নামক-ভাষ্য-
মহামহোপাধ্যায়শ্রীবাচস্পতিমিশ্রকৃত‘ভামতী’-টীকা-
শ্রীকালীবরবেদান্তবাগীশকৃত-‘সূত্রার্থসংক্ষেপ’-
‘ভাষ্যানুবাদ’-সমেতম্।

শ্রীকালীবর বেদান্তবাগীশ পরিশোধিতম্।

পরলোকগতায়াঃ

কমলমণি-দাস্যাঃ

প্রায়ঃপ্রাক্কালীনসংকল্পিতপরিপূর্ত্তিমভীপ্সতা তদ্ভর্ত্রা

শ্রীমতিলাল ঘোষদাসেন

নরসিংহলেনস্থিত ২ সংখ্যকভবনে

প্রকাশিতম্।

কলিকাতা রাজধান্যাং

২২নং ওল্‌ড্‌বৈটকখানাসেকেণ্ডলেনস্থিত

পোষ্টডিস্প্যাচ্‌মেশিন্‌প্রেসে

শ্রীরমানাথ ঘোষেণ মুদ্রিতম্।

বঙ্গাব্দ ১২৯৪।

বিজ্ঞাপন।

বেদান্তদর্শনের প্রথম সংখ্যা মুদ্রিত ও প্রচারিত হইল। ইহার মুখ-পত্রিকায় যে রমণীর নাম সন্নিবিষ্ট হইল, সেই রমণীর স্ত্রীধন ব্যয়ে তাঁহার স্মারক-চিহ্নস্বরূপ বেদান্তদর্শন মুদ্রিত ও প্রচারিত হইতে চলিল।

মদীয় পত্নী কমলমণি দাসী পরলোক যাত্রাকালে আমায় বলিয়া যান, "আমার যে যৎকিঞ্চিৎ অর্থ থাকিল, তাহা যেন কোন এক হিতকর কার্য্যে ব্যয়িত হয়।" আমার বেশ্ মনে আছে, তিনি জীবদ্দশায় অপব্যয় করি ভাল বাসিতেন না। দুঃখী বালকদিগকে স্কুলে পড়িবার খরচ দেওয়া, তাঁহাদিগকে পুস্তকাদি কিনিয়া দেওয়া, এইরূপ এইরূপ কার্য্যে ব্যয় করা তাঁহার অভিপ্রেত ছিল, তদ্বিষয়ে যত্নও ছিল। দীনবন্ধু ন্যায়রত্ন ও গোবিন্দচন্দ্র পণ্ডিত মধ্যে মধ্যে আমাকে শাস্ত্র পড়াইতে আসিতেন, তাঁহাদিগকে তিনি দুই একবার এরূপ কথা বলিয়াছিলেন যে, "জ্ঞানভাণ্ডার ভগবদ্গীতা কি কোন একখানি ভাল বেদান্ত গ্রন্থ বেশ্ পরিষ্কার বাঙ্গালায় প্রকাশ করিতে কি ব্যয় লাগে?" পরে অধিক ব্যয় হয় শুনিয়া যদিও তিনি ঐরূপ কথা আর বলেন নাই, তথাপি এক্ষণে আমার মনে হইতেছে, বোধ হয় তাঁহার ঐরূপ কোন কার্য্য করিবার ইচ্ছা বা অভিপ্রায় ছিল। এইরূপ চিন্তার বশবর্ত্তী হইয়া বন্ধুবর শ্রীযুক্ত বাবু নীলমণি মুখোপাধ্যায় (আত্ম-তত্ত্ব দর্শন-প্রকাশক) মহাশয়ের পরামর্শে আমি তাঁহার সেই যৎকিঞ্চিৎ স্ত্রীধন বেদান্তদর্শন-প্রচাররূপ সুমহৎ হিতকর কার্য্যে ব্যয়িত করিতে প্রবৃত্ত হইয়াছি। এক্ষণে ইহা সমাপ্ত হইলেই আমি তাঁহার নিকট কতকটা অঋণী হইতে পারি, এরূপ বিশ্বাস করি। যদি তাঁহার প্রচুর অর্থ থাকিত তাহা হইলে ইহা বিনা মূল্যে বিতরণ করিতে পারিতাম; কিন্তু অর্থের অল্পতাহেতু ভবিষ্যৎ চিন্তা করিয়া ইহার যথোচিত মূল্য অবধারণ করিলাম।

প্রকাশকস্য।

পাতনিকা।

নির্ণয় সংশয়-সাপেক্ষ। সংশয় না থাকিলে নির্ণয়-ইচ্ছা অথবা বিচারপ্রবৃত্তি কিছুই হয় না। যাহাতে সংশয় থাকে তাহাই নির্ণেয় হয় বিচার্য্য হয় যদি তাহাতে প্রয়োজন থাকে। সংশয় নাই, প্রয়োজন নাই, অথচ বিচার,—এরূপ হয় না। এ অব্যভিচরিত নিয়মের প্রতি ও জ্ঞান ব্যবহারের প্রতি দৃষ্টিপাত করিলে অবশ্যই মনে হইতে পারে যে, আত্মতত্ত্বনির্ণায়ক বেদান্তশাস্ত্র বৃথা বা নিষ্ফল। কেননা, প্রাণিমাত্রেরই অসন্দিগ্ধ আত্মজ্ঞান আছে, সে সম্বন্ধে কাহারও কোন সন্দেহ নাই। সকলেই আমি আমি করে,—সকলেই অহং স্বরূপে আপনাকে জানে,—আমি হই কি না, আছি কি না, কেহই এরূপ সন্দেহ করে না। সুতরাং অহং এতদ্রূপ স্বানুভব প্রমাণের দ্বারা সিদ্ধ হয় যে, প্রাণিমাত্রেই অসন্দিগ্ধ আত্মজ্ঞানী। যদি তাহাই হইল অর্থাৎ যদি প্রাণিমাত্রেরই স্বভাবতঃ আত্মজ্ঞান থাকিল,—তাহা হইলে তাহার আবার নির্ণয় কি? নূতন কি নির্ণয় হইবে? বিচারে কি ফল ফলিবে? তাহার জন্য শাস্ত্র কেন? আত্মতত্ত্বনির্ণায়ক বেদান্তশাস্ত্র নিষ্ফল পিষ্টপেষণতুল্য নিষ্ফল। পক্ষান্তরে আবার ইহাও মনে হইতে পারে যে, না—বেদান্তশাস্ত্র নিষ্ফল নহে,—সফল। কেন-না, মনুষ্যমাত্রেই আত্মজ্ঞানী, সকলেই আপনাকে জানে, আপনাকে অহং এতদ্রূপে অনুভব করে,—একথা সত্য, কিন্তু তাহারা আপনার অব্যভিচরিত স্থিরতর রূপটি জানে না। তাহাদের সামান্যতঃ আত্মজ্ঞান আছে সত্য, কিন্তু তদ্বিষয়ে তাহাদের বিশেষ জ্ঞান নাই। অর্থাৎ "আমি অমুক বা এতৎস্বরূপ" এরূপ কোন স্থিরতর জ্ঞান নাই। থাকিলে কেন তাহারা একবার দেহাদির প্রতি আত্মজ্ঞান (আমি এতদ্রূপ জ্ঞান) স্থাপন করিয়া আবার তাহাদিগকেই আমার বলিয়া উল্লেখ করে? [illegible] একবার বলে আমার দেহ, আমার মন, আমার বুদ্ধি,—আবার বলে আমি খঞ্জ, আমি কুব্জ, আমি অন্ধ, আমি বামন, আমি উন্মত্ত। অতএব "আমি"-জ্ঞানের স্থির অবলম্বন না থাকায় আমি বা আত্মা কেবল "আমি"-জ্ঞানের জ্ঞেয়, এরূপ সিদ্ধান্ত হইতে পারে না। কাজেই স্বীকার করিতে হইতেছে, জীবের সামান্যতঃ আত্মজ্ঞান থাকিলেও তাহার বিশেষরূপ জানা নাই। যখন বিশেষতত্ত্ব জানা নাই তখন অবশ্যই সংশয় আছে। স্পষ্টাকারে না থাকুক, অন্ততঃ সূক্ষ্মাকারেও আছে। সে সংশয় ব্যবহারকালে উপস্থিত না হউক, প্রণিধানকালে উপলব্ধি হয়। [illegible]

কালে হয়। জীব যখনই স্থিরচিত্তে ভাবিবে যে "আমি কি? কিংস্বরূপ?' তখনই সে সংশয়িত হইবে—বুদ্ধি আমি? না মন আমি? কি আমি? এই সকল পর্য্যালোচনা করিয়া, ভগবান শঙ্করাচার্য্য, প্রথমতঃ "আমি' "আমার' ইত্যাদি অনাদিসিদ্ধ ও লোকসিদ্ধ ব্যবহারিক জ্ঞানের মূল তত্ত্ব কি? কারণই বা কি? তাহা নির্ণয় করিয়াছেন, পশ্চাৎ তদনুযায়ী যুক্তিপথ অবলম্বন করিয়া সুগভীর ব্রহ্মসূত্রের ব্যাখ্যা করিয়াছেন। ঐ প্রথমাংশটি 'তাঁহার' ভাষ্যের ভূমিকাস্বরূপ। এক্ষণে উহা অধ্যাস-ভাষ্য নামে বিখ্যাত। এমন চমৎকার ভূমিকা কোনও ব্যাখ্যাকার লিখিতে পারেন নাই। এই ভূমিকার দ্বারাই তিনি অধ্যাসবাদ্ বা ভ্রমবাদ দৃঢ় অর্থাৎ অবিচাল্য করিয়াছেন। তাঁহার অভিপ্রায় এই যে, জীব আমি আমি করে বটে; কিন্তু তাহার যথার্থ স্বরূপটি যে কি—তাহা তাহারা জানে না। কারণ, কেবল মাত্র অহংবৃত্তির দ্বারা অর্থাৎ "আমি'-জ্ঞানের দ্বারা আপনাকে জানা হয় না। অহংবৃত্তির প্রতি বিশ্বাস কি? উহা কখন দেহাদি অবলম্বন করিয়া উদিত হইতেছে, কখন বা কেবলমাত্র চৈতন্য অবলম্বন করিয়া থাকিতেছে। সুতরাং আমি বা আত্মা অহংবৃত্তির অর্থাৎ আমি এতদ্রূপ জ্ঞানের স্থির বিষয় বা অব্যভিচরিত আলম্বন নহে। সংসারকালে, মোহকালে, ব্যবহারকালে, ঐ তত্ত্বের প্রস্ফুরণ হয় না বটে; কিন্তু প্রণিধানকালে উহা স্পষ্ট প্রতিভাত হয়। প্রণিধানকালে ইহাও প্রতীত হয় যে, চৈতন্যরূপী আত্মা বা আমি অহংবৃত্তির ব্যঙ্গ্য অর্থাৎ অহংবৃত্তি-উপলক্ষিত স্ফুরণ মাত্র অথচ তদ্বৃত্তির সহিত তাহার লিপ্ততা নাই। সম্পূর্ণ পার্থক্য আছে। তবে যে দেহাদির সহিত তাহার লিপ্ততাপ্রতীতি হয় —তাহা বিভ্রম ভিন্ন অন্য কিছু নহে। বিভ্রম বা অধ্যাস বলেই ঐরূপ অবিবিক্ত প্রতীতি হইয়া থাকে। যদিও অধ্যাসের বিরুদ্ধে যুক্তি থাকা দৃষ্ট হয়—অর্থাৎ অহংজ্ঞান অধ্যস্ত নহে, এরূপ প্রতিপন্ন করিতে পারা যায়, তথাপি তাহা (অধ্যাস) অনিবার্য্য। শত সহস্র যুক্তি একত্রিত হইলেও অহংজ্ঞানের অধ্যস্ততা নিবারণ করিতে সক্ষম হইবে না। এই অভিপ্রায়ে, ঐ তত্ত্ব আবিষ্কার করিবার জন্য, জ্ঞানগুরু শঙ্করাচার্য্য প্রথমতঃ জীবের অহংজ্ঞান অধ্যস্ত কিনা, এইরূপ একটী শঙ্কা উত্থাপন করিয়া সে শঙ্কা যুক্তির দ্বারা "অধ্যস্ত না" এই রূপে দৃঢ় করিয়া পশ্চাৎ তাহার খণ্ডন করিয়াছেন। তন্মধ্যে যুস্মদ . যুক্তং,—এই পর্য্যন্ত শঙ্কাভাষ্য এবং তথাপি...... ব্যবহারঃ;—এই পর্য্যন্ত তাহার পরিহার ভাষ্য।

মুখবন্ধঃ।

ইহ খলু ভগবান্ পরমকারুণিকোমুনির্ব্বাদরায়ণঃ কর্ম্মকাণ্ডোদিতযজ্ঞদানতপঃস্বাধ্যায়াদিকর্ম্মভির্ব্বিশুদ্ধাশয়ানাং শমদমাদিমতাং নিত্যানিত্যবস্তুবিবেকেনেহামুত্রফলভোগবিরাগিণাং মুমুক্ষূণাং মোক্ষোপায়ভূতামধ্যাত্মবিদ্যামুপদিদিক্ষুঃ "অথাহতোব্রহ্মজিজ্ঞাসা" ইত্যাদিভিঃ সূত্রজাতৈরখিলোপনিষদ্বাক্যানি বিচার্য্য সংগ্রথয়ামাস। সোহয়ং গ্রন্থশ্চতুর্ভিরধ্যায়ৈর্ব্বিভক্তোবেদান্তশাস্ত্রমিতি ব্রহ্মমীমাংসেত্যুত্তরমীমাংসেতি চ ব্যপদিশ্যতে ব্যবহর্ত্তৃভিঃ পুরুষৈঃ। তত্র তাবৎ প্রথমেহধ্যায়ে সর্ব্বেষাং বেদান্তবাক্যানাং তাৎপর্য্যতো ব্রহ্মণি পর্য্যবসানলক্ষণঃ সমন্বয়ঃ, দ্বিতীয়ে সম্ভাবিতবিরোধপরিহারঃ, তৃতীয়েহধ্যাত্মবিদ্যাসাধননির্ণয়ঃ, চতুর্থে চ বিদ্যাফলবিচারঃ সূত্রিতঃ।

সোহয়ং সূত্রগ্রন্থঃ কালবশাৎ কৃশত্বমাপন্নোহপি শ্রীমচ্ছঙ্করাচার্য্যৈস্তদুপরি-ভাষ্যং নাম প্রসন্নগম্ভীরং মহানিবন্ধং বিরচয্য সমুপবৃংহিতস্তদনু চ বাচস্পতিমিশ্রপ্রভৃতিভিরাচার্য্যবর্য্যৈর্ভামতীপ্রমুখানুদারনিবন্ধনিচয়ান্ বিধায় সুপ্রতিষ্ঠাপিতশ্চ। শঙ্করাচার্য্যপ্রাদুর্ভাবস্তু বিক্রমার্কসময়াৎ প্রগতে ৮৪৫ পঞ্চচত্বারিংশদধিকাষ্টশতমিতে সংবৎসরে কেরলদেশে কালপীগ্রামে শিবগুরুশর্ম্মণোভার্য্যায়াং সমভবদিতি সম্প্রদায়বিদ আহুঃ। অস্মাচ্চ ভগবতঃ শঙ্করাচার্য্যাৎ প্রাগেতস্য ব্রহ্মসূত্রাখ্যগ্রন্থস্য ভগবদ্বোধায়নাচার্য্যকৃতাতিবিস্তীর্ণা বৃত্তিনামধেয়া ব্যাখ্যাসীদিতি প্রমাণশতৈর্ব্বিজ্ঞায়তে। তামেবাবলম্ব্য রামানুজেন বিশিষ্টাদ্বৈতপ্রতিপাদকং ব্রহ্মসূত্রভাষ্যং নিরমায়ীতি রামানুজীয়ব্রহ্মসূত্রভাষ্যদর্শনান্নিশ্চীয়তে।

শঙ্করস্তাবদেবং মেনে।—"ব্রহ্মবিদাপ্নোতি পরম্" "তরতি শোকমাত্মবিৎ" ইত্যাদিশ্রুতিবাক্যৈর্ব্বোধিতস্য সফলস্য ব্রহ্মাত্মজ্ঞানস্য সাধনং শ্রবণং "শ্রোতব্যোমন্তব্যোনিদিধ্যাসিতব্যঃ" ইতি শ্রুতির্ব্বোধয়তি। শ্রবণঞ্চ নাম বেদান্তবাক্যানাং ব্রহ্মণি তাৎপর্য্যাবধারণানুকূলবিচারঃ। তাদৃশেনৈব শ্রবণেন নির্ব্বিচিকিৎসং ব্রহ্মাত্মজ্ঞানং সম্পদ্যতে। তদেব তাবৎ সমস্তদুঃখোপশমক-

মানন্দৈকরসং পরমং প্রয়োজনং মুমুক্ষূণাম্। তচ্চ ব্রহ্মাত্মজ্ঞানং বস্তুতঃ প্রাপ্তমপ্যনাদ্যবিদ্যাবশাদপ্রাপ্তকল্পমস্তীত্যতস্তৎ প্রেপ্সিতমিব ভবতি। যথা চ স্বগ্রীবাগতমপি গ্রৈবেয়কং কুতশ্চিৎ ভ্রমাৎ নাস্তীতি মন্যমানঃ পরেণ প্রতিবোধিতমপ্রাপ্তমিব প্রাপ্নোতি তদ্বৎ।

ন চ লোকে বহুশঃ কৃতশ্রবণস্যাপি ব্রহ্মাত্মজ্ঞানানুৎপত্তিদর্শনাদকৃতশ্রবণস্য বামদেবাদের্গর্ভবাসকাল এব তদুৎপত্তিদর্শনাচ্চ শ্রবণং ন ব্রহ্মাত্মসাক্ষাৎকারহেতুরিতি বাচ্যম্। সহকারিবৈকল্যেনান্বয়ব্যভিচারস্য দোষত্বাভাবাৎ জাতিস্মরস্য তস্য তস্য চ জন্মান্তরীয়শ্রবণাৎ ফলসম্ভবেন ব্যতিরেকব্যভিচারাযোগাচ্চ। নো খলু কৃতশ্রবণস্য নিয়মেন সর্ব্বত্র শাব্দং পরোক্ষমেব জ্ঞানমুপজায়তে। সন্নিকৃষ্টযোগ্যবস্তুবিষয়কস্য যাবৎপ্রমাণজন্যজ্ঞানস্য প্রত্যক্ষত্বাভ্যুপগমাৎ। চক্ষুঃসন্নিকৃষ্টস্য বহ্নেঃ সত্যামনুমিৎসায়ামনুমানজন্যজ্ঞানস্য প্রত্যক্ষত্বাব্যভিচারাৎ। কেনচিন্নিমিত্তেন ব্যাধকুলসম্বর্দ্ধিতস্য রাজকুমারস্য স্বীয়যথার্থস্বরূপানভিজ্ঞস্য কদাচিৎ প্রাপ্তেঽবসরে রাজকুমারস্ত্বমসীত্যাপ্তবাক্যাৎ স্বস্বরূপসাক্ষাৎকাবোদয়দর্শনাচ্চ শব্দানামপ্যপরোক্ষজ্ঞানজননক্ষমত্বমস্ত্যেবেতি নাত্র বিবদিতব্যম্। অতএব শ্রুতিবিহিতানাং শ্রবণমননাদীনাং তৃণারণিমণিন্যায়েন প্রত্যেকং ব্রহ্মাত্মসাক্ষাৎকারহেতুত্বমস্ত্যেবেতি সিদ্ধান্তিতম্।

কিঞ্চাস্যাং ভ্রান্তিদশায়াং সংসারদশায়াং বা যদয়মহমস্মীত্যহম্প্রত্যয়ানুবিদ্ধমাত্মজ্ঞানমবভাসতে তন্ন প্রমারূপম্। অনিয়তাকারতয়া সন্দিগ্ধত্বাৎ। তথা হি—স্থূলোঽহং কৃশোঽহং ইত্যাদ্যনুভবকালীনাহম্প্রত্যয়ো দেহাভিন্নমাত্মানং গৃহ্ণাতি। তথা বধিরোঽহমন্ধোঽহমিত্যাদ্যনুভকালীনাহম্প্রত্যয় ইন্দ্রিয়াকারমাত্মানং গৃহ্ণাতি। এবমন্যদাপ্যনাৎ। তস্মাদহম্প্রত্যয়েনানিয়তাকারাত্মবস্তুগ্রহণাদস্ত্যেব তত্র সন্দিগ্ধতা। সন্দিগ্ধত্বাদেব চ তত্রাস্তি প্রমাত্বব্যাঘাতঃ। অপি চ "একোদেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা।" ইতি "অয়মাত্মা ব্রহ্ম" ইতি চৈবমাদ্যাঃ শ্রুতয়ঃ স্বতরশ্চ সমস্তোপাধিশূন্যমখণ্ডৈকরসমদ্বিতীয়ং ব্রহ্মাত্মত্বেনোপদিশন্তি। অহম্প্রত্যয়স্তু প্রাদেশিকমনেকবিধদুঃখশোকাদিপ্রপঞ্চোপপ্লুতমাত্মানং প্রত্যাপয়তি। ততোঽপি সন্দিগ্ধতাত্মবস্তুনঃ। তত্রাপৌরুষেয়তয়া নিরস্তসমস্তদোষাশঙ্কেন স্বতঃসিদ্ধপ্রমাণভাবেন শ্রুতিবচনেন বিরুদ্ধত্বাদহম্প্রত্যয়প্রতীতস্যাপ্রামাণ্যমেবাধ্যবসীয়তে। নিশ্চীয়তে চ

দেহাদিতাদাত্ম্যাধ্যাসেন স্থূলোঽহমিত্যাদিরূপোঽহম্প্রত্যয়োভ্রান্তিবিলসিত ইতি। অতস্মিংস্তদ্বুদ্ধির্ভ্রান্তিরিতি ভ্রান্তেরৌৎসর্গিকং লক্ষণম্। বিশেষলক্ষণন্তু ভাষ্যে প্রবিততমস্তীতি তদ্‌দ্রষ্টব্যম্। ন চাঽপুরোবর্ত্তিনি নিরবয়বে নীরূপে চ চিদাত্মনি দেহাদিতদ্ধর্ম্মাণাঞ্চাধ্যাসোঽঘটত অদৃষ্টত্বাদিতি মন্তব্যম্। অধ্যাসহেতোরনাদ্যজ্ঞানদোষস্য নিরর্গলত্বাৎ। ন চায়মস্তি নিয়মো পুরোবর্ত্তিত্বাদিবিশিষ্ট এব বিষয়ান্তরমধ্যাসিতব্যমিতি যতো বালা অতাদৃশেঽপ্যাকাশে তলমলিনতাদ্যধ্যস্যন্তি। বস্তুতস্ত্বারোপ্যপদার্থস্য সত্ত্বমধ্যাসে নাপেক্ষিতং কিন্তু প্রতীতিমাত্রম্। এবঞ্চ কূটকার্ষাপণাদিনা ব্যবহারদর্শনাৎ পূর্ব্বপূর্ব্বমিথ্যাজ্ঞানোপস্থাপিতদেহাদিপ্রপঞ্চপ্রতীতিরেবোত্তরোত্তরাধ্যাস উপযোক্ষ্যতে ন ত্বন্যৎ কিঞ্চিদপি। যদ্যপি দেহাদিপ্রপঞ্চস্য কথঞ্চিৎ প্রতীতৌ সত্যামধ্যাসঃ সিধ্যতি সিদ্ধে চাধ্যাসে দেহাদিপ্রপঞ্চস্য প্রতীতিরিত্যন্যোন্যাশ্রয় আপততি তথাপি নাঽসৌ দোষঃ। বীজাঙ্কুরবৎ সংসারপ্রবাহস্যাঽনাদিত্বেন তৎকারণস্যাধ্যাসস্যাপ্যনাদিত্বাৎ। তদেবমপরিচ্ছিন্নে চৈতন্যৈকরসেঽদ্বিতীয়ে প্রত্যগাত্মবস্তুন্যঽধ্যস্তো নিখিলোঽন্তঃকরণাদির্জ্জড়বর্গশ্চেতনবৎ সদ্রূপেণাবভাসতে প্রত্যগাত্মা চান্তঃকরণাদিষ্বধ্যস্তোঽন্তঃকরণাদ্যবচ্ছিন্নঃ সন্ পূর্ণোঽপি প্রাদেশিক ইব চেতনোঽপি জড় ইবাবভাসমানঃ কর্ত্তা ভোক্তা চাঽহঙ্কারাস্পদমুপজায়তে। সোঽয়মনির্ব্বচনীয়ো মিথ্যাজ্ঞানবিলাসোঽনাদিরপার ইতরেতরাধ্যাসরূপঃ সর্ব্বানর্থমূলকারণং ন শক্যতে তত্ত্বজ্ঞানমন্তরা সমূলঘাতং হন্তুম্। তস্মাদাদরনৈরন্তর্য্যদীর্ঘকালাভ্যাসজন্মনা প্রবলতরতত্ত্বজ্ঞানসংস্কারেণাঽনন্তজন্মান্তরপ্রণালিকাগতঃ সুদৃঢ়োঽপি মিথ্যাজ্ঞানসংস্কারঃ সমূলঘাতং হন্যত ইত্যুপদিশতি মাতেব হিতকারিণী শ্রুতিঃ "দ্রষ্টব্যোমন্তব্যোনিদিধ্যাসিতব্যঃ" ইত্যাদিকা।

অস্মিন্ হি শাস্ত্রে ব্রহ্মণো যৎ জগৎকারণত্বরূপং লক্ষণমুক্তং তন্ন পরমাণূনামিবারম্ভকত্বরূপং নাপি প্রকৃতেরিব পরিণামিত্বরূপং কিন্তু মায়য়া ব্যোমাদিরূপেণ বিবর্ত্তমানত্বলক্ষণম্। তথা চেন্দ্রজালসদৃশস্যৈবাস্য জগতো মায়িকত্বেন তাত্ত্বিকসত্তাশূন্যত্বাৎ জগৎকারণত্ববোধিকাশ্রুতির্জ্জগদ্‌ব্রহ্মণোস্তাত্ত্বিককার্য্যকারণভাবং নাভিধত্তে কিন্ত্বৌপচারিকমেব। যথা চাস্মিংশ্চ লোকে লোকপ্রসিদ্ধো মায়াবী পরমৈন্দ্রজালিকো মণিমন্ত্রাদিপ্রয়োগসংক্ষুভ্যমাণয়া মায়য়া প্রেক্ষকাণাং বিস্মাপনমিন্দ্রজালং সৃজতি তথা মহামায়াবী মহেশ্বরোঽপ্যন-

স্বশক্তির্নির্ব্ব্যাপার এব স্বেচ্ছামাত্রেণাঽখিলং সৃজতি। যা তস্যেচ্ছাশক্তিঃ সৈব মায়েত্যঽস্মিন্ বেদান্তশাস্ত্রে নিগদ্যতে। জীবেশ্বরবিভাগোঽপি তদ্বিভেদাদুপপদ্যত এব। একাপি হি গুণবতীচ্ছাশক্তীরজস্তমোঽনভিভূতশুদ্ধসত্ত্বগুণপ্রধানা সতী মায়েতি রজস্তমোঽভিভূতমলিনসত্ত্বপ্রধানা সতী চাবিদ্যেত্যভিধীয়তে। একমপি সদ্ ব্রহ্ম মায়োপাধিকমীশ্বর ইতি গীয়তে শ্রুতিস্মৃতিষু। তদেব পুনরবিদ্যোপাধিকং সৎ জীব ইতি ব্যপদিশ্যতে চ। বিশুদ্ধেরেকবিধত্বাৎ শুদ্ধসত্ত্বপ্রধানমায়ায়া একত্বেন মায়াবিন ঈশ্বরস্যাপ্যেকত্বমেব। মালিন্যস্য তারতম্যেন মলিনসত্ত্বপ্রধানায়া অবিদ্যায়া নানাত্বাৎ তদুপাধিকস্য জীবস্যাপি দেবমনুষ্যতির্য্যগাদিপ্রভেদেন নানাত্বম্। তত্রেশ্বরঃ সর্ব্বজ্ঞঃ স্বতন্ত্রঃ সর্ব্বনিয়ন্তা তদুপাধের্মায়ায়া শুদ্ধসত্ত্বপ্রধানত্বাৎ জীবস্তু ন তথা মলিনসত্ত্বপ্রধানয়া অবিদ্যায়া উপহিতত্বাৎ। এবঞ্চ কৌন্তেয়স্যৈব রাধেয়ত্ববদবিকৃতস্যৈব পরমাত্মনঃ স্বাঽবিদ্যয়া জীবভাবঃ। যদপি সদসদ্ভ্যামনির্ব্বচনীয়ং জ্ঞানবিরোধি ভাবরূপং মূলকারণমজ্ঞানং তদেব প্রকৃতিরিতি মিথ্যাজ্ঞানমিতি মায়েতি চাভিধীয়তে। তদেব পুনর্জ্জীবেশ্বরাদিভেদে কারণমিত্যুপপন্না বিভাগব্যবস্থা। যথা চ স্বভাবে নানবচ্ছিন্ন আকাশে ঘটমুপাধিং নিমিত্তীকৃত্য তৎক্রোড়ীকৃতত্বেনাংঽশং কল্পয়িত্বা ঘটাকাশ ইত্যেকো বিভাগঃ, ঘটাদ্বহিরিতি শব্দমাত্রনিবন্ধনো মহাকাশ ইত্যপরো বিভাগঃ, বস্তুতস্তু নাসৌ বিভাগঃ পারমার্থিকঃ, এবং দেহাদিনাঽহং মনুষ্য ইত্যাদিপ্রকারেণ বিশেষ্যমাণো জীবঃ স এব পুনস্তেনাঽবিশেষ্যমাণঃ পরম ইতি বিভাবনীয়ম্।

ঘটোঽস্তি, ঘটঃ স্ফুরতি, ইত্যাদিনা ঘটাদিসত্ত্বস্ফুরণগ্রাহকং প্রত্যক্ষমাগমবিরোধাদনৈকান্তিকমেব। দৃশ্যতে হি প্রত্যক্ষদৃষ্টবস্তুস্বরূপস্য বহুশো ব্যভিচারঃ।

> "তলবদ্দৃশ্যতে ব্যোম খদ্যোতোঽব্যবাড়িব।
> ন তলং বিদ্যতে ব্যোম্নি ন খদ্যোতো হুতাশনঃ॥
> বিতস্তিমাত্রং গগনে প্রত্যক্ষেণেন্দুমণ্ডলম্।
> দৃশ্যতাং বালিশৈস্তন্ন প্রমাণং শাস্ত্রদৃষ্টিতঃ॥"

অতএব হ্যাগমস্যৈব নির্ব্বিশঙ্কং প্রামাণ্যমাস্থেয়মেব। অত্রেদমবধারণীয়ম্। যৎ যদধীনসত্তাস্ফূর্ত্তিকং তৎ তস্মিন্ কল্পিতমেব যথা জলাধীনসত্তাস্ফূর্ত্তিকং

-তরঙ্গবুদ্বুদাদিকং জলে কল্পিতম্। তথা চ বিশ্বমপি সচ্চিদাত্মাধীনসত্তাস্ফূর্ত্তি-কত্বাৎ সচ্চিদাত্মন্যেব কল্পিতমিতি কৃতবুদ্ধয়ো বিদাং কুর্ব্বন্তু। যথা স্বগতেনৈব কালিম্না দর্পণস্বভাব আচ্ছাদ্যতে তথা স্বগতেনৈবাঽনাদ্যনির্ব্বচনীয়াঽজ্ঞানেন স্বস্বরূপমাচ্ছাদ্যতে। তত এব হি বিচারমন্তরেণ বালিশা লোকা দ্বৈতপ্রপঞ্চস্য স্বাত্মকল্পিতত্বং ন বিজানন্তি। আকাশবদনবচ্ছিন্নঃ পূর্ণঃ সর্ব্বগতঃ স্বয়ম্প্রকাশশ্চিদাত্মা স্বাশ্রিতমূলাজ্ঞানলক্ষণদোষবশাৎ স্বস্মিন্নুত্থিতময়মহমস্মীত্যহঙ্কারভেদেন প্রতিপদ্যতে। অয়মেব স্বাভেদেন গৃহীতোঽহঙ্কার আত্মচৈতন্যখচিতো-ভূত্বা নিখিলং প্রপঞ্চচমৎকারমবভাসয়ন্নাত্মানমানন্দয়তি। তস্মাচ্চ কারণাদেষ আনন্দময়কোষ ইতি বেদান্তশ্রুতিষু কীর্ত্ত্যতে। ততশ্চাঽহং বিজানামীতি বুদ্ধিং বিবর্ত্তয়ন্ বিজ্ঞানময়ং কোষমধিতিষ্ঠতি। ততশ্চাঽহং মন্য ইতি মননং ভাবয়ন্ সংকল্পবিকল্পাদ্যাত্মকেন মনোময়কোষেণাব্রিয়তে। ততঃ পরং মনুষ্যোঽহমিত্যাদ্যভিমন্যমানোবাল্যতারুণ্যাদ্যনেকধর্ম্মবতাঽন্নময়কোষেণ দেহাপরনাম্নোপহিতো ভূত্বা নানাবিধান্ পুত্রকলত্রধনাগারাদিরূপান্ দেহতোঽপি বাহ্যান্ বিষয়ান্ বিচরন্ তত্র তত্রাভেদেনোপরজ্যতে। এবং স পরমোঽপি সন্ মিথ্যাজ্ঞানেন মোহমুপগতো দেহাদ্যভিন্নমাত্মানং গৃহ্লন্ স্বস্য প্রাদেশিকত্বমভিমন্যতে। তদেবমখণ্ডানন্দে স্বপ্রকাশে চিদাত্মন্যহঙ্কারেণ বৃথা প্রসঞ্জিতং কর্ত্তৃত্ব-ভোক্তৃত্বাদিকং ভেদপ্রতিভাসমপবদিতুং জীবাত্মপরমাত্মনোঽভেদং প্রত্যায়য়ন্তি শ্রুতয়ঃ—"তত্ত্বমসি" "অয়মাত্মা ব্রহ্ম" ইত্যাদিকাঃ।

ন চাগ্রমাত্রারয়বেঽপ্যবয়বিত্বারোপেণাগ্রহস্ত ইতি রাজসচিবেঽপি রাজত্বারোপেণ রাজেতি চ প্রয়োগং দৃষ্ট্বা তত্ত্বমস্যাদিবাক্যানাং জীবেশ্বরয়োরংশাংশিভাবাভিপ্রায়তা স্বামিভৃত্যভাবাভিপ্রায়তা বা কল্পনীয়া। যত আকাশস্যেব বিভোরীশ্বরস্যাংশো ন সম্ভবতি। জীবাত্মানশ্চেদীশ্বরাংশাস্তর্হি সোঽপ্যংশীতি স্বীক্রিয়তাম্। অংশিত্বং সাবয়বত্বমিত্যনর্থান্তরম্। তস্য সাবয়বত্বে জন্যত্ববিনাশিত্বাদয়ো দোষা আপতেয়ুরিতি তন্মতমসমঞ্জসমেব। কিঞ্চ জীবাত্মপরমাত্মনোর্ভেদঘটিতঃ স্বস্বামিভাবাদি র্ন কোঽপি সম্বন্ধো ঘটতে। "সদেব সৌম্যেদমগ্র আসীৎ" "একমেবাদ্বিতীয়ম্" "ঐতদাত্ম্যমিদং সর্ব্বম্" ইত্যাদ্যুপক্রমোপসংহারয়োঃ পঠিতেন শ্রুতিকদম্বেন যৎ স্ফুটমেবানয়োরখণ্ডত্বাপরপর্য্যায়মদ্বিতীয়ত্বমাম্নাতং তদেব প্রত্যায়য়িতুং প্রবৃত্তানাং তত্ত্বমস্যাদিবাক্যানাং

ভেদঘটিতাংশাংশিস্বস্বামিভাবাদৌ ন লেশতোঽপি তাৎপর্য্যং স্থাপয়িতুং পার্য্যতে কেনাপি। "তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ" "স এব ইহ প্রবিষ্ট আনখাগ্রেভ্যঃ" ইত্যাদ্যনেকশ্রুতিভির্বলবতীভিঃ স্রষ্টুরীশ্বরস্য স্বসৃষ্টেষু সংঘাতেষ্বহংবিকৃতস্যৈব প্রবেশবোধনাৎ ভেদঘটিতস্বামিভৃত্যভাবাদিসম্বন্ধস্য দূরনিরস্তত্বমবারণীয়মেব। "যথাঽগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্তি এবং—" ইত্যাদিকাস্তু শ্রুতয়স্তুত্তদুপাধিকল্পিতভেদমাশ্রিত্য প্রবৃত্তা ইত্যৌপচারিকমেব তত্র তত্র তত্তদ্ভেদশ্রবণম্। ততশ্চ "নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনম্।" ইত্যাদ্যাঃ শ্রুতয়ঃ সাধু সঙ্গচ্ছন্ত এব। কিমধিকেনোক্তেন—ঔপাধিকত্বেনাতাত্ত্বিক এব দ্বৈতপ্রপঞ্চ ইতি সর্ব্বাসাং বেদান্তশ্রুতীনাং হৃদয়ম্।

এতৎ সর্ব্বং মনসিকৃত্য পদবাক্যপ্রমাণজ্ঞো ভগবান্ শঙ্করাচার্য্যঃ শারীরকং নাম ভাষ্যং বাদরায়ণকৃতব্রহ্মসূত্রব্যাখ্যানাত্মকং শ্রুতিস্মৃতিপুরাণাদিভিরুপবৃংহিতং ন্যায়ৈশ্চ লৌকিকবৈদিকৈর্দৃঢ়ীকৃতং নির্ব্বিশেষাদ্বৈতপ্রতিপাদকং বিরচয়ামাস। তস্যায়মুপক্রম উপোদ্ঘাতো বা—যুষ্মদস্মৎপ্রত্যয়গোচরয়োরিতি। অস্যোপোদ্ঘাতসন্দর্ভস্যাধ্যাসভাষ্যমিতি প্রসিদ্ধিরস্তীত্যাস্তাং তাবৎ সর্ব্বমগ্রে দর্শনপথমাগমিষ্যতীত্যলং বহুনা।

শ্রীকালীবরশর্ম্মণাম্।

ভাষা-ভাষ্য-ভূমিকা

পূর্ব্বে দ্বাপরযুগের শেষ ভাগে ভগবান্ ব্যাস সমুদায় বেদরাশি ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ব, এই চার বিভাগে বিভক্ত করিয়া জৈমিনি প্রভৃতি শিষ্যে অর্পণ করিয়াছিলেন। সেই প্রত্যেক প্রসিদ্ধ বেদ কর্ম্ম, উপাসনা ও জ্ঞান, এতন্নামক কাণ্ডত্রয়ে বিভূষিত। মহামুনি জৈমিনি কর্ম্মী দিগের নিমিত্ত কর্ম্মকাণ্ডাত্মক বেদ ভাগের ও তদীয় গুরু বাদরায়ণ ব্যাস মুমুক্ষু দিগের নিমিত্ত উপাসনা ও জ্ঞান এই দ্বিকাণ্ডী বেদের উৎকৃষ্ট মীমাংসা নিবন্ধ প্রস্তুত করিয়া জগতের হিতসাধন করিয়া গিয়াছেন। জৈমিনির অভিপ্রায়, অধিকারী জীবনিবহ নিত্য নিয়মিত বেদোক্ত ক্রিয়াকলাপে রত থাকুক এবং ব্যাসের অভিপ্রায়, কর্ম্মী লোক কর্ম্মের দ্বারা পূত হইয়া তাহা হইতে (কর্ম্ম-বন্ধন হইতে) মুক্ত হউক। জৈমিনি মুনি জানিয়াছিলেন, একমাত্র কর্ম্মই জীবের ভোগের ও অপবর্গের মুখ্য উপায়, তাই তিনি লোকের কর্ম্মবৈগুণ্য না জন্মে, এই ভাবে ভাবিত হইয়া কর্ম্মমীমাংসা প্রস্তুত করিয়াছিলেন। কর্ম্মের স্বভাব এই যে, কর্ম্ম কামনাপূর্ব্বক অনুষ্ঠিত হইলে কাম্যফল প্রদান করিবে এবং নিষ্কাম মুমুক্ষু কর্ত্তৃক অনুষ্ঠিত হইলে অনুষ্ঠাতাকে মোক্ষের সোপান পরম্পরায় অধিরোহণ করাইবে। কামনা-পরিশূন্য হইয়া কর্ম্মকরণে প্রসক্ত বা রত থাকিলে অল্পে অল্পে কামক্রোধাদি মনোদোষ ক্ষয় প্রাপ্ত হয়, বুদ্ধি নির্ম্মল হয়, ক্রমে বৈরাগ্য আইসে, পরে শমদমাদি গুণ দৃঢ় হওয়ায় মুক্তির পরম কারণ তত্ত্বজ্ঞান উৎপাদনে অধিকারী হওয়া যায়। সুতরাং কর্ম্ম ভোগ ও অপবর্গ উভয়েরই কারণ। সকাম কর্ম্ম ভোগের ও নিষ্কাম কর্ম্ম মোক্ষের সোপান স্বরূপ। স্বর্গাদি ভোগের ও ভোগস্বরূপ মোক্ষের সোপান স্বরূপ কর্ম্মের অনুষ্ঠানরহস্য অর্থাৎ বিচার বা মীমাংসা জৈমিনি মুনি কর্ত্তৃক এবং মোক্ষের সাক্ষাৎ কারণ তত্ত্বজ্ঞানের ও তত্ত্বজ্ঞানের মুখ্য সহায় উপাসনার স্বরূপ, রহস্য বা মীমাংসা, বেদ-গুরু ব্যাস কর্ত্তৃক উপদিষ্ট হইয়া অদ্যাপি ইহ জগতে বিরাজিত ও পূজিত আছে। জৈমিনিকৃত কর্ম্মরহস্য পূর্ব্বমীমাংসা ও কর্ম্মমীমাংসা নামে এবং ব্যাসের উপদিষ্ট তত্ত্বজ্ঞানরহস্য ব্রহ্মমীমাংসা, উত্তরমীমাংসা ও বেদান্ত নামে বিখ্যাত।

পূর্ব্বমীমাংসা-গ্রন্থ ১৬ অধ্যায়ে বিভক্ত। তন্মধ্যে শেষ ৪ অধ্যায় দেবতা-কাণ্ড ও সঙ্কর্ষণকাণ্ড নামে প্রসিদ্ধ। এই সঙ্কর্ষণকাণ্ড অদ্যাপি মুদ্রিত হয় নাই এবং ইহার কোন ভাষ্য কি টীকা আছে কি না তাহা জানিতে পারি নাই। উত্তরমীমাংসা বা বেদান্তসূত্র ৪ অধ্যায়ে বিভক্ত এবং ইহার অনেক ভাষ্য বৃত্তি বার্ত্তিক ও টীকা আছে। স্বস্বমতের অনুকূলে বেদান্তের টীকা বা ব্যাখ্যা নাই এমন সম্প্রদায় নাই বলিলেও অত্যুক্তি হয় না। বৈষ্ণবসম্প্র-দায়ে রামানুজ, মাধ্ব, নিম্বার্ক, বল্লভাচার্য্য ও আধুনিক বলদেব বিদ্যাভূষণ প্রভৃতির, শৈবসম্প্রদায়ে অবধূতাচার্য্য প্রভৃতির, সন্ন্যাসীদলে শঙ্কর প্রভৃতির ভাষ্যাদি প্রচলিত থাকা দৃষ্ট হয়। এমন কি ৺রাজা রামমোহনরায় মহোদয়ও এই বেদান্তসূত্রের স্বীয় মতের অনুকূলে ব্যাখ্যা করিতে সচেষ্ট হইয়াছিলেন। যে সকল ব্যাখ্যাকারের নাম লিখিত হইল, তাঁহাদের পূর্ব্বেও অন্যান্য আচার্য্যের ব্যাখ্যা বিদ্যমান ছিল। বেদান্তসূত্রের খুব্ পুরাতন ব্যাখ্যা এখন পাওয়া যায় না। পুরাতন ব্যাখ্যাকারের মধ্যে বৌধায়ন মুনি ও পাণিনিগুরু উপবর্ষ পণ্ডিত * এই দুই আচার্য্যই অত্যন্ত প্রসিদ্ধ। অনেক স্থলেই দেখা যায়, রামানুজ ও শঙ্করস্বামী এই দুই ভাষ্যকার ঐ দুই প্রাচীন ব্যাখ্যাকারের বাক্য ও মত উদ্ধৃত করিয়া সাবধানতার সহিত বিচার করিয়া গিয়াছেন।

পূর্ব্বে এই ব্রহ্মমীমাংসা-শাস্ত্র গুরু শিষ্য ও আচার্য্য সমাজে বিশেষ মান্য গণ্য ও আদরণীয় ছিল। মধ্যে বৌদ্ধ প্রাদুর্ভাবে ইহার হতাদর ও বিরল-প্রচার ঘটনা হইয়াছিল সত্য; পরন্তু সে অবস্থা অধিক কাল স্থায়ী হয় নাই। শীঘ্রই ভগবান্ শঙ্কর-সূর্য্য উদিত হইয়া ভাষ্য-কিরণ বিস্তার করতঃ সমুদায় অধ্যাত্মবিদ্যার আবরক অন্ধকার দূরীকৃত করিয়াছিলেন। সম্বৎ অব্দের ৮৪৫ অতীত হইলে কেরল দেশের কালপী গ্রামে শিবগুরু ব্রাহ্মণের

* বৌধায়ন এক জন ঋষি। উপবর্ষ পাণিনি মুনির অধ্যাপক। পাণিনি মুনি শাক্যসিংহের বহুপূর্ব্বের লোক। সুতরাং ব্রহ্মসূত্র গ্রন্থ অতি পুরাতন। ব্রহ্মসূত্র গ্রন্থ বাঁদরায়ণ ব্যাসের কি না, সংশয় করিবার অল্পমাত্রও কারণ নাই। মহাভারত প্রণেতা ব্যাস মহাভারত ও ব্রহ্মসূত্র প্রস্তুত করিয়াছিলেন, তাহার কতকটা আভাস মহাভারতান্তর্গত গীতাপর্ব্বাধ্যায়ের "ব্রহ্মসূত্রপদৈশ্চৈব" ইত্যাদি শ্লোকে পাওয়া যায়।

ঔরসে জ্ঞানগুরু শঙ্করের জন্ম হয়। প্রথিত আছে, সর্ব্বজ্ঞকল্প শঙ্কর ১৬ বৎসর বয়সের পূর্ব্বে সমুদায় উপনিষদের, গীতার, সনৎসুজাত পর্ব্বাধ্যায়ের ও ব্যাসকৃত ব্রহ্মসূত্রের অতি উৎকৃষ্ট ভাষ্য প্রস্তুত করিয়া প্রচারিত করিয়াছিলেন এবং অন্যান্য অনেক প্রকরণ গ্রন্থও (অধ্যাত্মবিদ্যাবিষয়ক) প্রস্তুত করিয়াছিলেন। আজ্ কাল ব্রহ্মসূত্র গ্রন্থের যত গুলি ব্যাখ্যা বিদ্যমান আছে, সে সমুদায়ের মধ্যে শাঙ্কর ভাষ্যই অধিক পুরাতন। শঙ্করের অনেক পরে বল্লভ, মধ্ব ও রামানুজ জন্ম গ্রহণ করিয়া নিজ নিজ মতের অনুকূলে বেদান্তভাষ্য প্রস্তুত করিয়াছিলেন। বল্লভ, মধ্ব ও রামানুজের মত পরে বলিব, আগে শঙ্করের মত বলা যাউক। শঙ্কর বলেন—

"জীব ব্রহ্মসাক্ষাৎকার করিবা মাত্র ব্রহ্ম হয়" "আত্মজ্ঞ সংসারদুঃখ অতিক্রম করে" এই সকল আপ্ত বাক্য প্রমাণে ও তদনুকূল যুক্তিতে স্থির হয় যে, ব্রহ্মাত্মজ্ঞান ব্যতীত দুঃখাতীত হইবার অন্য কোন উপায় নাই। "ব্রহ্মই আমি" ইত্যাকার অসন্দিগ্ধ অনুভবের নাম ব্রহ্মাত্মজ্ঞান। এই জ্ঞানের প্রধান উপায় শ্রবণ। মনন ও নিদিধ্যাসন তাহার সাহায্যকারী। শাস্ত্রকথা শুনিলেই যে শ্রবণ হয় তাহা হয় না। গুরুমুখে শাস্ত্রীয় উপদেশ শুনা, মনোমধ্যে তাহার বিচারিত অর্থ ধারণ করা, সাক্ষাৎ অথবা পরম্পরায় ব্রহ্মেই সমুদায় শাস্ত্রের তাৎপর্য্য আছে, এ বিষয়ে বিশ্বাস, এগুলি একত্রিত হইলে তবে তাহা শ্রবণ বলিয়া গণ্য হইবে। ঐরূপ শুনাই শুনা, তদ্ভিন্ন শুনা শুনা নহে। তোমার বাড়ী গিয়া তোমার চাকরকে বলিলাম, তামাক সাজ্। সে তামাক সাজিল না। আমি দুঃখিত হইয়া বলিলাম, তোমার চাকর আমার কথা শুনিল না। সত্য সত্যই কি সে আমার "তামাক সাজ্" এই কথা শুনে নাই? "তামাক সাজ্" এ শব্দ কি তাহার কর্ণপ্রবিষ্ট হয় নাই? তাহা হইয়াছিল, সে তাহা শুনিয়াছিল, কিন্তু সে কথা সে মনে স্থান দেয় নাই, আদর করে নাই, অথবা সে কথার অর্থ কার্য্যে পরিণত করে নাই। বক্তব্য তাহাই, কিন্তু শব্দ সাজাইলাম, "তোমার চাকর আমার কথা শুনে নাই।" অতএব, উপর উপর শুনা শুনা নহে, শ্রুত পদার্থে আদর ও বিশ্বাসাদি না করিলে তাহাও শুনা নহে।

বলিতে পার, শত শত লোক বেদান্ত অধ্যয়ন করে, তত্ত্বমসি মহাবাক্যও

শ্রবণ করে এবং তাহার অর্থও আদর পূর্ব্বক গ্রহণ করে, অথচ তাহাদের তত্ত্বজ্ঞানের উদয় হয় না। আবার ইহাও দেখা যায় যে, অনেক লোক বেদান্ত না পড়িয়া ও তত্ত্বমসি বাক্য না শুনিয়া জ্ঞানী হয়। শাস্ত্রেও শুনা যায়, কপিল ও বামদেব প্রভৃতি ঋষি জন্মজ্ঞানী। সুতরাং শ্রবণের ফল তত্ত্বজ্ঞান বা তত্ত্বজ্ঞান শ্রবণের কার্য্য, একথা কিরূপে স্বীকার করা যায়। শঙ্কর বলেন, ইহার প্রত্যুত্তরে আমাদের বক্তব্য এই যে, চিত্তের অনির্ম্মলতা ও জন্মান্তরীয় পাপ প্রভৃতি প্রতিবন্ধকে শ্রবণফল তত্ত্বজ্ঞান অবরুদ্ধ থাকে, তাহাতে তাহার কারণতার অভাব ঘটে না। যেমন অগ্নিসংযোগ থাকিলেও মণি-মন্ত্রাদি প্রতিবন্ধকে দাহকার্য্য অবরুদ্ধ থাকে তেমনি শ্রবণফল তত্ত্বজ্ঞান নানা প্রতিবন্ধকে অবরুদ্ধ থাকে। প্রতিবন্ধক ক্ষয় হইলেই তাহা উদয় প্রাপ্ত হয়। বামদেবাদি ঋষিবৃন্দের তাহাই হইয়াছিল। তাঁহাদের পূর্ব্বজন্মের শ্রবণ এতৎ জন্মে প্রতিবন্ধকশূন্য হইয়া তত্ত্বজ্ঞান উৎপাদন করিয়াছিল, সেই জন্য আর ইহ জন্মে তাঁহাদের শ্রবণ মননাদি করিতে হয় নাই। অতএব, শ্রবণই তত্ত্বজ্ঞানের প্রধান কারণ, মনন ও নিদিধ্যাসন তাহার সহকারী কারণ। "তত্ত্বমসি" মহাবাক্য শ্রবণ করিলে তাহার অর্থে যে অবিশ্বাস ও অসম্ভববোধ প্রভৃতি ঘটনা হয় সে ঘটনা মননের দ্বারা নিবারিত হইতে পারে। মননের পরেও যদি স্পষ্টরূপে আমি ব্রহ্ম, অন্য কিছু নহি, এ অনুভব না হয় তাহা হইলে নিদিধ্যাসনের আবশ্যক হয়। নিদিধ্যাসনে সিদ্ধিলাভ করিতে পারিলেই ঐ অনুভব স্থিরতর হইবে। অন্যথা হইলে হইবে না। এই স্থলে কোন কোন আচার্য্য বলেন, নিদিধ্যাসনই তত্ত্বজ্ঞানের মুখ্য কারণ এবং অন্য দুইটী (শ্রবণ ও মনন) তাহার সহায়।

আপনার ব্রহ্মভাব অপরোক্ষজ্ঞানে আরূঢ় হওয়াই তত্ত্বজ্ঞান। যেমন মরু-মরীচিকায় জলভ্রান্তি, তেমনি, ব্রহ্মে দৃশ্যভ্রান্তি। সুতরাং দৃশ্যপ্রপঞ্চ মিথ্যা, ব্রহ্মই সত্য। প্রথমে এই জ্ঞান অর্জ্জন ও দৃঢ় করিতে হয়। অনন্তর "আমি" এই জ্ঞান ও তাহার আলম্বন দেহ, ইন্দ্রিয়, মন, সমস্তই ভ্রান্তি-বিশেষের বিলাস, অন্য কিছু নহে, সুতরাং আমি-জ্ঞান ও আমি-জ্ঞানের আলম্বন, সমস্তই ব্রহ্মে রজ্জুসর্পের ন্যায় মিথ্যা, এই জ্ঞান অবিচাল্য হয়, তখন আপনা আপনি "অহং" অর্থাৎ আমি জ্ঞানটী ইন্দ্রিয়, মন, এ সকল ত্যাগ

করিয়া ব্রহ্মে গিয়া অবগাহন করিতে থাকে। অহং-জ্ঞান ব্রহ্মাবগাহী হইলেই তত্ত্বজ্ঞান, ব্রহ্মজ্ঞান বা আত্মজ্ঞান হইয়াছে বলিয়া অবধারণ করিবে। তদ্বিধ তত্ত্বজ্ঞান হইলেই মোক্ষ অনিবার্য্য। তাহাকে মোক্ষ বল, জীবত্ব নাশ বল, জীবন্মুক্তি বল, তুরীয়প্রাপ্তি বল, আর ব্রহ্মপ্রাপ্তি বল, যাহা ইচ্ছা তাহা বলিতে পার। সে অবস্থা সাত্ত্বিক রাজসিক তামসিক মনোবৃত্তির অতীত সুতরাং গুণাতীত। এখন যাহা সুখ দুঃখ বলিয়া জান, সে অবস্থা সে সুখ দুঃখের অতীত। তাহা নির্ভয়, অদ্বয়, ঘন আনন্দ, একরস ও কূটস্থনিত্য।

একই চৈতন্য আমাতে তোমাতে ও অন্যান্য জীবে বিরাজমান। সেই এক অখণ্ড চৈতন্যই ব্রহ্ম এবং সেই অনাদি অনন্ত ব্রহ্মচৈতন্য উপাধি ভেদে অর্থাৎ আধার (দেহাদি) ভেদে বিভিন্ন ভাব প্রাপ্তের ন্যায় হইয়া আছে। বস্তুতঃ তাহা অভিন্ন বৈ বিভিন্ন নহে। উপাধি অন্তর্হিত হইলেই এক ; নচেৎ বহু। স্বর্গ, মর্ত্ত্য, পাতাল, এই লোকত্রয় সেই ব্রহ্মচৈতন্যে অবভাসিত অথবা মায়িকরূপে দৃষ্ট হইতেছে। যে হেতু একাদ্বয় মহান্ ব্যাপি চৈতন্যে স্বাশ্রিত অজ্ঞানের প্রভাবে বিশ্বরূপ ইন্দ্রজাল প্রকাশ পাইয়াছে সেই হেতু বিশ্ব মিথ্যা, কেবল প্রকাশক চৈতন্যই সত্য। অধিক কি, সত্য চৈতন্যে যাহা যাহা ভাসমান তাহা তাহাই অসত্য। সে সকল চৈতন্যাশ্রিত অজ্ঞানের বিলাস বা বিভ্রম ব্যতীত অন্য কিছুই নহে। এই প্রতীতি সুদৃঢ় হওয়া আবশ্যক এবং ঐ প্রতীতি সুদৃঢ় বা অবিচলিত বিশ্বাসে আবদ্ধ হইলেই জীব আপনার ব্রহ্মত্ব সাক্ষাৎকার করিয়া কৃতার্থ হইতে পারে। শক্তিমান্ গুরু যখন বিবেকী ও বুভুৎসু শিষ্যকে "তত্ত্বমসি" "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইত্যাদি মহাবাক্য উপদেশ করেন, তখন তাহার তদুক্ত বাক্যের সামর্থ্যে পূর্ব্বোক্ত প্রকারের প্রতীতি অর্থাৎ বিশ্বের মিথ্যাত্ব ও আপনার ব্রহ্মত্ব বোধ উপস্থিত হয়। অনন্তর সেই বোধ সাধনের বলে অপরোক্ষ পথে প্রবিষ্ট হইয়া তাহাকে কৃতার্থ করে। শ্রবণাদির পর দুই প্রকারে বাক্যার্থবোধ হইতে দেখা যায়। এক পরোক্ষরূপে, অপর অপরোক্ষরূপে। বাক্‌প্রকাশ্য বস্তু শ্রোতার সন্নিহিত (প্রত্যক্ষ পথে) থাকিলে তদ্বোধক বাক্য তদ্বস্তুবিষয়ে অপরোক্ষ জ্ঞান জন্মায় এবং অসন্নিহিত থাকিলে পরোক্ষ জ্ঞান জন্মায়। "তুমিই দশম" এই বাক্য "দশম

নাই" এই ভ্রান্তি বিদূরিত করিয়া শ্রোতাকে আপনার দশমত্ব সাক্ষাৎকার করাইয়াছিল*। "তুমি রাজপুত্র, ব্যাধ নহ" এই বাক্য রাজপুত্রের ব্যাধভ্রান্তি বিদূরিত করিয়া তাহার স্বরূপ সাক্ষাৎকার উৎপাদন করিয়াছিল†। এই যেমন দৃষ্টান্ত, তেমনি, তত্ত্বমস্যাদি মহাবাক্যও শিষ্যের মানুষ্যভ্রান্তি বিদূরিত করিয়া ব্রহ্মত্বসাক্ষাৎকার উৎপাদন করিয়া থাকে। কারণ এই যে, ব্রহ্মই স্বাশ্রিত অনাদি অনির্বাচ্য অজ্ঞানে "আমি অমুক" এই সদ্বয়ভাব বা পরিচ্ছেদভ্রান্তি প্রাপ্ত ও জীব হইয়া আছেন। সুতরাং অদ্বয়ব্রহ্মবোধক তত্ত্বমস্যাদি মহাবাক্য তাহার সেই স্বাত্মভ্রান্তি বিদূরিত করিয়া ব্রহ্মস্বরূপ সাক্ষাৎকার করাইতে সমর্থ। উপদেশাত্মক তত্ত্বমস্যাদি মহাবাক্য জিজ্ঞাসু শিষ্যের মনে ব্রহ্মাকারা বৃত্তি উদিত করে, তদ্দ্বারা ক্রমে তাহার "আমি অমুক" এই চিরাভ্যস্ত ভ্রান্তিবৃত্তি বিদূরিত বা নিবৃত্ত হয়, তখন তাহার সেই চিরসিদ্ধ অদ্বয়ভাব অর্থাৎ ব্রহ্মভাব স্থিরীকৃত হয়। এই অদ্বয় ব্রহ্মভাবই মোক্ষ। যদিও আলোক অন্ধকারের ন্যায় জ্ঞান ও অজ্ঞান অর্থাৎ চৈতন্য ও অচৈতন্য পরস্পর বিরোধী ‡ তথাপি তাহাদের অভিভাব্য-অভিভাবক-ভাব

---

* দশম। দশ জন চাষা একদা দেশান্তর যাইতেছিল। পথি মধ্যে এক নদী, সন্তরণ ব্যতীত পার হইবার উপায় নাই, দেখিয়া সন্তরণ দ্বারা পার গমন করিল। দশ জনই আছি কি না, কেহ নক্রকুম্ভিরগ্রস্ত হইয়াছে কি না, বুঝিবার নিমিত্ত একে একে সকলেই সকলকে গণিল, পরন্তু গণনামধ্যে আপনাকে নিবিষ্ট না করায় সকলেরই দশম নাই, এই প্রতীতি(ভ্রান্তি) জন্মিল, তাহাতে তাহারা দশমের জন্য অনেকবিধ শোক পরিতাপাদি করিতে লাগিল। এই সময়ে জনৈক বিজ্ঞ পথিক তথায় আগমন করতঃ তাহাদের শোকের কারণ জ্ঞাত হইয়া তাহাদিগকে পুনর্গণনা করিতে বলিল। নবম পর্য্যন্ত গণা হইলে পথিক উপদেশ করিল, "তুমি দশম।" "তুমি দশম" এই উপদেশে তাহাদের ভ্রান্তি গেল এবং দশম জ্ঞান অপরোক্ষ পথে আসিল। তখন তাহাদের শোক মোহ বিনষ্ট হইল। বাক্য এই উদাহরণের অনুরূপ স্থলে প্রত্যক্ষ জ্ঞান জন্মায়।

† রাজপুত্র। এক সময়ে কোন এক রাজপুত্র চৌরনীত, ব্যাধকুলে বিক্রীত ও বর্দ্ধিত হইয়াছিল। দীর্ঘকাল পরে কোন এক তদীয় আত্মীয় তাহাকে "তুমি রাজপুত্র, ব্যাধ নহ" এইরূপ এইরূপ বাক্য বলিয়া তাহার জন্মবৃত্তান্ত বুঝাইয়া দেয়। তাহাতে তাহার ব্যাধ পুত্রতাভিমান বিদূরিত ও স্বরূপসম্বোধ উদিত হয়।

‡ বিরোধী পদার্থের সহাবস্থান ঘটে না। যেমন আলোক অন্ধকার সহাবস্থিত হয় না

অপ্রত্যাখ্যেয়। নিপুণ হইয়া অনুসন্ধান করিলে দেখিতে পাইবে, চেতনের পার্শ্বচর শক্তি অজ্ঞান ও তাহার সত্তা চৈতন্যসত্তার অধীন। উক্ত উভয় পরস্পর পরস্পরের প্রতিযোগী হইয়াও পরস্পরের স্বরূপ বোধক। অন্ধকার না থাকিলে কে আলোক থাকা প্রমাণিত করিতে পারে? জড় না থাকিলে ও অজ্ঞান না থাকিলে কে চেতন থাকা ও জ্ঞান থাকা জানিতে বা বিশ্বাস করিতে পারে? অপিচ, প্রত্যেক আলোকের ও প্রত্যেক চেতনের অধীনে অন্ধকারের ও অজ্ঞানের অবস্থান দৃষ্ট হয়। কোন্ চেতনে অজ্ঞানসংশ্রব নাই? সমুদায় চেতন জীবে অজ্ঞান-সংশ্রব দৃষ্টে স্থির করা যাইতে পারে যে, অজ্ঞান চেতনের পার্শ্বচর শক্তি। ছায়া যেমন আলোকের পার্শ্বচর, তেমনি অজ্ঞানও জ্ঞানের পার্শ্বচর। উক্ত উভয় কোন এক অনির্বাচ্য সম্বন্ধে কখন দূরে, কখন নিকটে, কখন প্রকাশ্যরূপে ও কখন অন্তর্হিতরূপে আলোকের ও জ্ঞানের সহিত দেখা শুনা করিয়া থাকে। সুবিধা এই যে, তাহারা পরস্পর বিরুদ্ধস্বভাবান্বিত—সাক্ষাৎ সম্বন্ধে দেখা শুনা করিতে পারে না। সেই জন্যই আমরা মোক্ষের আশা করি। যেমন অন্ধকারকালে আলোকের অপসার, এবং আলোককালে অন্ধকারের অপসার হয়, তেমনি, অজ্ঞান-কালে জ্ঞানের তিরোভাব ও জ্ঞানকালে অজ্ঞানের পলায়ন ঘটনা হয়। জ্ঞান হইলে অজ্ঞান পলায়ন করিবে; ইহা স্থির থাকাতেই আমরা অজ্ঞান নিবারণের চেষ্টা করিয়া থাকি। অজ্ঞানই সংসার; সংসার অন্য কিছু নহে। অখণ্ডচেতন অদ্বয়ব্রহ্মের পার্শ্বচর শক্তি অজ্ঞান, তাহার প্রাদুর্ভাবে অন্তঃকর-

---

অর্থাৎ আলোকে অন্ধকার স্থান পায় না, তেমনি, জ্ঞানে অজ্ঞান স্থান পায় না। ইহা দেখিয়া ব্রহ্মে অজ্ঞানের আবেশ অস্বীকার করা ন্যায্য নহে। কারণ, জ্ঞান অজ্ঞান একত্রাবস্থিত হয় না, এ নিয়ম বৃত্তিজ্ঞানে প্রচলিত। ঘটাকারা মনোবৃত্তি ও ঘটাভাবাকারা মনোবৃত্তি একত্রিত হয় না, এই মাত্র নিয়ম দৃষ্ট হয়। সুতরাং উক্ত উভয় বৃত্তির গ্রাহক যে আত্মচৈতন্য তাহা তাহার অধিকার ভুক্ত নহে। আত্মচৈতন্যে দ্বিপ্রকার বৃত্তিই ভিন্ন ভিন্ন সময়ে ভাসমান হইয়া থাকে। যাহা আত্মা বা চেতন, তাহাই ব্রহ্ম। যাহা তাহার প্রতিযোগী—বিপর্য্যয়—এবং কখন আচ্ছাদক—কখন বা পার্শ্বস্থায়ী—তাহাই অজ্ঞান। অতএব, মূলাজ্ঞান ও মূল জ্ঞান ব্যবহারিক জ্ঞান অজ্ঞানের তুল্যস্বভাবাপন্ন নহে। সেই জন্যই চিৎ ও জড় এই দুই বিরুদ্ধ পদার্থের অভিভাব্য অভিভাবক ভাব সম্ভব হয়।

পাদির উৎপত্তি, অনন্তর তিনি অন্তঃকরণাদিপরিচ্ছিন্ন জীব, আবার তাহারই তিরোভাবে তিনি অপরিচ্ছিন্ন ও নিরঞ্জন। চিদাত্মা ব্রহ্মের তাদৃশ পার্শ্বচর কখন বা সহচর শক্তিবিশেষই এতৎ শাস্ত্রে ঐশীশক্তি, জগদ্যোনি, অজ্ঞানশক্তি, মায়া, সৃজনশক্তি ও মূলপ্রকৃতি, ইত্যাদি নামে পরিভাবিত হইয়াছে। কি অন্তঃপ্রপঞ্চ কি বাহ্যপ্রপঞ্চ সমস্তই অজ্ঞানের বিলাস, সেই জন্য তাহা ভ্রান্তির বিজৃম্ভণ বলিয়া বর্ণিত হইয়াছে।

"অস্তি ভাতি প্রিয়ং রূপং নাম চেত্যর্থপঞ্চকম্।
আদ্যত্রয়ং ব্রহ্মরূপং জগদ্রূপং ততো দ্বয়ম্॥"

শক্তিরূপী ব্রহ্মাশ্রিত অজ্ঞান ব্রহ্মে বা ব্রহ্মকে জগৎ দেখাইয়াছে। সে জন্য জগৎ ও ব্রহ্ম এখন বিমিশ্রিত বা একাবভাসে ভাসিত। সেই কারণে এখন প্রত্যেক দৃশ্যই পঞ্চরূপী। অস্তি—আছে (১), ভাতি—প্রকাশ পাইতেছে (২), প্রিয়—ভাল বা বেশ্ এই ভাব (৩), রূপ—ইহা এতৎ-প্রকার (৪), নাম—ইহা অমুক বস্তু (৫)। এই পঞ্চরূপের প্রথমোক্ত তিন রূপ ব্রহ্ম, অবশিষ্ট দুই রূপ জগৎ। অর্থাৎ অজ্ঞানবিকার। অজ্ঞান-বিকার বা জগৎ পরমার্থতঃ সত্য নহে। সেই জন্যই বলা যায় "জগৎ মিথ্যা ও ব্রহ্ম সত্য।"

অজ্ঞানকালে অর্থাৎ সংসার দশায় "অহং—আমি" এই বৃত্তি অস্থির বা অনিশ্চিতরূপে উদিত থাকে। সংসারকালের অহং-জ্ঞান একাকার নহে বলিয়া তাহা অপ্রমা অর্থাৎ মিথ্যা। ভাবিয়া দেখ, অজ্ঞানকালের অহং কখন মন, কখন ইন্দ্রিয়, কখন শরীর, অবলম্বন করতঃ অবস্থান করে, পূর্ণ-চৈতন্যের দিকে অগ্রসর হয় না। সুতরাং সংসারকালের অহং-জ্ঞান অস্থি-রতা বিধায় সন্দিগ্ধের ন্যায় অপ্রমা অর্থাৎ মিথ্যা। জননীর ন্যায় হিতাভি-লাষিণী শ্রুতি তত্ত্বমস্যাদি মহাবাক্য উপদেশ দ্বারা সেই অপ্রমা বা ভ্রান্তি বিদূরিত করিতে প্রবৃত্তা আছেন। শ্রবণে অকৃতকার্য্য হইলে মনন, মননে ফল না পাইলে নিদিধ্যাসন অবলম্বনীয়। শ্রবণ মনন নিদিধ্যাসনে অধি-কারিতা লাভের জন্য ও বুদ্ধিদৌর্ব্বল্য নিবারণের জন্য প্রথমে চিত্তপরিকর্ম্ম-স্থায়ক উপাসনা প্রয়োজনীয়। শম, দম, উপরতি, শ্রদ্ধা, সমাধান প্রভৃতি বেদোক্ত অনুষ্ঠানে কিছু দিন রত থাকিলেই চিত্ত নির্ম্মলীকৃত হয়, তখন

শ্রবণাদিকার্য্যে অধিকারিতা জন্মে। মনন নিদিধ্যাসনের প্রভাবে প্রতিবন্ধক অভাবপ্রাপ্ত হয়, প্রতিবন্ধক অভাব প্রাপ্ত হইলেই শ্রবণফল তত্ত্বজ্ঞান (অহং ব্রহ্ম ইত্যাকার অনুভব) আপনা হইতেই উৎপন্ন হয়। তত্ত্বজ্ঞান অর্থাৎ ব্রহ্মাকারা অহংবৃত্তি ব্রহ্মদর্শন করায়, করাইয়া বিনাশ প্রাপ্ত হয়, তখন আর অহং থাকে না, সুতরাং ব্রহ্মনির্ব্বাণ বা মোক্ষ জন্মে। শ্রোতার চিত্তে ব্রহ্মাকারা বৃত্তি উদিত করাইবার নিমিত্ত শ্রুতি ব্রহ্মের স্বরূপ ও তটস্থ দ্বিবিধ লক্ষণ বলিয়াছেন। ব্রহ্ম জগৎকারণ, এ লক্ষণ তটস্থ। ব্রহ্ম সচ্চিদানন্দ, অখণ্ড, একরস ও অদ্বয়, এ লক্ষণ স্বরূপসন্নিবিষ্ট। জগৎকারণ হইলেও তিনি সাংখ্যের প্রকৃতির ও বৈশেষিকের পরমাণুর ন্যায় পরিণামী ও আরম্ভক নহেন। তিনি নিজেই নিজ মায়ায় আকাশাদি রূপে বিবর্ত্তিত হইয়াছেন, সুতরাং অভিন্ননিমিত্তোপাদান বিবর্ত্ত কারণ। অভিন্ননিমিত্তোপাদানের দৃষ্টান্ত লূতা (মাকড়শা)। লূতা সৃজ্যমান সূত্রের প্রতি স্বচৈতন্যপ্রাধান্যে নিমিত্ত কারণ এবং স্বশরীরপ্রাধান্যে উপাদান কারণ। লূতা যে সূত্র সৃজন করে, তাহার উপাদান সে অন্য কোথা হইতে আনে না, তাহা তাহার নিজ শরীরেই আছে। বিবর্ত্তশব্দের অর্থও শ্লোকে গ্রথিত আছে।

"সতত্ত্বতোঽন্যথাপ্রথা বিকার ইত্যুদাহৃতঃ।
অতত্ত্বতোঽন্যথাপ্রথা বিবর্ত্ত ইত্যুদীরিতঃ॥"

সত্য সত্যই একপ্রকার বস্তু অন্যপ্রকার হইলে তাহা বিকার এবং মিথ্যা অন্যথা প্রতীত হইলে তাহা বিবর্ত্ত। দুগ্ধ দধি হয়, তাহা বিকার। রজ্জু সর্পাকারে প্রতীত হয়, তাহা বিবর্ত্ত। জগৎ ব্রহ্মের বিকার নহে, কিন্তু বিবর্ত্ত। সুতরাং এই দৃশ্য জগৎ ইন্দ্রজালসদৃশ তাত্ত্বিকসত্তাশূন্য অর্থাৎ মিথ্যা। যেমন কোন ঐন্দ্রজালিক কৌশলাদিপ্রয়োগকৃত্যমান মায়ার দ্বারা ইন্দ্রজাল সৃজন করে, সেইরূপ, মহামায়াবী ঈশ্বরও বিনা ব্যাপারে স্বেচ্ছার দ্বারা জগৎ সৃজন করেন। তাঁহার তাদৃশী ইচ্ছাশক্তিই এতৎশাস্ত্রে মায়া নামে অভিহিত হইয়াছে। গুণবতী মায়া এক হইলেও গুণের প্রভেদে প্রভিন্ন। সেই প্রভেদেই জীবেশ্বর বিভাগ প্রচলিত। উৎকৃষ্টসত্ত্ব প্রাবল্যে মায়া এবং মলিনসত্ত্ব প্রাবল্যে অবিদ্যা। মায়ার উপহিত ঈশ্বর ও অবিদ্যার উপহিত জীব। জীব কেবল উপহিত নহে, অবিদ্যার বশ্যও বটে। মায়া

এক, সেজন্য ঈশ্বরও এক। মালিন্যের অল্পাধিক্য অনুসারে অবিদ্যা নানা, তদনুসারে জীবও নানা। সুর, অসুর, মানুষ, পশু, ইত্যাদি। মায়ার জ্ঞানশক্তির চরমোৎকর্ষ, সেই জন্য তদুপহিত ঈশ্বরও সর্ব্বেশ্বর, সর্ব্বজ্ঞ, স্বতন্ত্র ও সর্ব্বনিয়ন্তা। জীব জ্ঞানশক্তির অল্পতা বশতঃ সেরূপ নহে। ব্রহ্মের জীব হওয়া কৌন্তের কর্ণের রাধেয় হওয়ার অনুরূপ। অপিচ, যেমন একই আকাশ ঘটরূপ উপাধিতে ঘটাকাশ, তত্ত্যাগে মহাকাশ, তেমনি ব্রহ্মও মনুষ্যাদি উপাধিতে (আধারে) জীব ও তদপগতে ব্রহ্ম।

শাস্ত্র, যুক্তি, অনুভব, তিন্ প্রকার অনুসন্ধানে পাওয়া যায় যে, যাহার অস্তিত্ব ও প্রকাশ যাহার অধীন, তাহাতে তাহা কল্পিত। যেমন তরঙ্গ বুদ্বুদ প্রভৃতি জলের অধীন বলিয়া জলে কল্পিত অর্থাৎ সে সকলের সত্তা জলসত্তার অতিরিক্ত নহে, তেমনি, এই দৃশ্য ব্রহ্মাণ্ডের অস্তিত্ব ও প্রকাশ সচ্চিদানন্দব্রহ্মসত্তার অধীন। এতদ্দৃষ্টে স্থির করা যায়, সমস্তই সচ্চিদানন্দ ব্রহ্মচৈতন্যে কল্পিত। অজ্ঞ জীব এই আত্মকল্পিত ভাব সাক্ষাৎকার করিতে অসমর্থ। যদ্রূপ দর্পণের কালিমা দর্পণের স্বচ্ছস্বভাব প্রচ্ছন্ন করে, তদ্রূপ, স্বীয় অনির্ব্বাচ্য অনাদি অজ্ঞানও স্বস্বরূপ প্রচ্ছন্ন করিয়াছে। তাই অজ্ঞ জীব দ্বৈতপ্রপঞ্চের মিথ্যাত্ব জ্ঞাত নহে। বিচারাত্মক শ্রবণাদির দ্বারা অজ্ঞানমালিন্য পরিমার্জ্জিত হইলে তখন তাহারা বুঝিতে পারে (আমি পূর্ণ, অনবচ্ছিন্ন ও সত্য; অপর সমস্ত আমাতে ও আমারই কল্পিত)

আত্মা আকাশের ন্যায় অনবচ্ছিন্ন, পূর্ণ, সর্ব্বগত, স্বয়ম্প্রকাশ ও চেতন। ইহার পার্শ্বচর অজ্ঞান নামক দোষ ইহাতে প্রথমে বৃথা অহং-প্রতিভাস উত্থাপন করে। অহং-প্রতিভাস উৎপন্ন হওয়াতেই ক্রমে অসংখ্য দ্বৈত-প্রতিভাস উৎপন্ন হয়। জীব বস্তুতঃ পরম, পরন্তু তিনি পরম হইয়াও স্বীয় পার্শ্বচর অজ্ঞানের দোষে অপরম অর্থাৎ প্রাদেশিক (পরিচ্ছিন্ন) জীব হইয়া আছেন এবং জীবভাব প্রাপ্ত হওয়াতেই বৃথা কর্ত্তৃত্ব ভোক্তৃত্ব ভোগ করিতে-ছেন। জননী অপেক্ষা অধিক হিতৈষিণী শ্রুতি তাহা বুঝাইয়া দিবার অভিপ্রায়ে জীবাত্মা পরমাত্মার অভেদপ্রতিপাদক (অভেদবোধক) "তত্ত্বমসি" "অয়মাত্মা ব্রহ্ম" ইত্যাদি ইত্যাদি মহাবাক্য উপদেশ করিয়াছেন।

যদি বল, অভেদ তত্ত্বমসি-বাক্যের মুখ্যার্থ নহে, ঔপচারিক; লোকে

যেমন অমাত্যকেও রাজা বলে, তেমনি শ্রুতি চৈতন্যাংশে ব্রহ্মস্বভাবের সাদৃশ্য আছে দেখিয়া জীবকে ব্রহ্ম বলিয়াছেন। অথবা জীব ব্রহ্মের অংশ, অথবা জীব ব্রহ্মের সেবক, তৎকারণে শ্রুতি জীবকে ব্রহ্ম বলিতে কুণ্ঠিত হন নাই। সাদৃশ্য থাকিলে সদৃশ বস্তুকে তৎস্বরূপ বলা যায় এবং অংশাংশিভাব সেব্যসেবকভাব অথবা স্বামিভৃত্যভাব থাকিলেও ঐ রূপ প্রয়োগ হইতে পারে। হয় ত শ্রুতির অভিপ্রায়—অংশাংশিভাব, না হয় স্বামিভৃত্যভাব, না হয় সেব্যসেবকভাব। শঙ্কর বলেন, প্রত্যুত্তরে আমরা বলিব, তাহা নহে। অংশাংশিভাব অথবা স্বামিভৃত্যভাব অভিপ্রায়ে ঐ সকল মহাবাক্য উচ্চারিত হওয়া অসম্ভব। কারণ, শ্রুতি-সন্দর্ভের পূর্ব্বাপর অনুসন্ধান ও তাৎপর্য্য বিচার করিলে স্পষ্টই বুঝা যায়, অভেদ অর্থ গৌণ নহে; প্রত্যুত মুখ্য। বিবেচনা কর, আকাশের ন্যায় নিরবয়ব বিভু পরমেশ্বরের অংশ নিতান্ত অসম্ভব। জীবগণ ঈশ্বরাংশ, এ কথা সত্য হইলে ঈশ্বর অংশী, এ কথাও সত্য হইবে; কিন্তু তাহা অযুক্ত। বিবেচনা কর, অংশী ও সাবয়ব সমান কথা এবং সাবয়ব পদার্থ যে জন্যত্ববিনাশিত্বাদি দোষে প্রলিপ্ত তাহা সকলেই বিদিত আছেন। এবিষয়ে অধিক কি বলিব, ভেদঘটিত স্বামিভৃত্যভাব বা সেব্য-সেবকভাব শ্রুতিতাৎপর্য্যের বিরোধী; সে জন্য তাহা অপ্রমাণ। অপিচ, উপক্রমে ও উপসংহারে পরিপঠিত * "সৃষ্টির পূর্ব্বে এ সকল সৎ অর্থাৎ ব্রহ্ম ছিল, অন্য কিছু ছিল না।" "এ সমস্তই ব্রহ্ম" "অদ্বয় ব্রহ্মই আদিতত্ত্ব।" এই সকল শ্রুতি সুব্যক্তরূপে অদ্বয়-ব্রহ্মতত্ত্ব উপদেশ করিয়া অনন্তর তৎ-প্রতিপাদনার্থ "তত্ত্বমসি" প্রভৃতি মহাবাক্য উপদেশ করায় স্পষ্টই বুঝা যাইতেছে যে, ভেদঘটিত স্বামিভৃত্যভাবে কি অন্যভাবে ঐ সকল শ্রুতির

---

* উপক্রম ও উপসংহার, অভ্যাস, অপূর্ব্বতা, ফলবর্ণন, অর্থবাদ, ও যুক্তিযোজনা, এই ছয়টী প্রস্তাবতাৎপর্য্য ও শাস্ত্রতাৎপর্য্য বুঝিবার প্রকৃষ্ট উপায়। উপক্রম—আরম্ভ, উপসংহার—সমাপ্তি। আরম্ভকালের বাক্য ও সমাপ্তিকালের বাক্য যদি একরূপ বা একার্থবোধক হয়, তাহা হইলে বুঝিতে হইবে, তাহাই তৎপ্রস্তাবের প্রতিপাদ্য। অভ্যাসশব্দের অর্থ পুনঃ পুনঃ। উপক্রান্ত পদার্থের পুনঃ পুনঃ বা বার বার উপদেশ বা উল্লেখ থাকিলে তাহাকে অভ্যাস বলে। সে উপদেশ অন্যত্র অলব্ধ হইলে অপূর্ব্ব। ফলবর্ণন, অর্থবাদ (প্রশংসাদি) ও যুক্তিপ্রদর্শন সেই উপক্রান্ত বিষয়েই প্রযোজিত হইয়াছে দেখিলে স্থির করিবে যে তাহাই তৎপ্রস্তাবের তাৎপর্য্য।

অন্নমাত্রও তাৎপর্য্য নাই। আরও দেখ, "তিনি সৃজন করিয়া তাহাতে প্রবিষ্ট হইলেন" "তিনিই এই শরীরে প্রবিষ্ট" ইত্যাদি শ্রুতি স্বসৃষ্ট সংঘাতে (দেহে) অবিকৃত পরমেশ্বরের (ব্রহ্মের) অনুপ্রবেশ উপদেশ করিয়াছেন। দুই একটী ভেদ-শ্রুতি আছে সত্য; পরন্তু সে গুলিও ঔপচারিক অর্থ ব্যক্ত করে। একের ঔপচারিকত্বে অন্যের মুখ্যতা, এ নিয়ম অনুসারে অবশ্যই সেই সেই অভেদ শ্রুতি জীবব্রহ্মের অভেদ অর্থ প্রতিপাদন করিবে। অদ্বয় ব্রহ্মবাদেই "নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনম্" ইত্যাদি শ্রুতি সাধু-রূপে সঙ্গত হয়। ইহাই বেদান্তশ্রুতির হৃদয় অথবা বেদান্তনিহিত রহস্য।

উপরে যাহা বলা হইল তাহাই আচার্য্য শঙ্করস্বামীর অভিপ্রেত। শঙ্কর উক্তরূপে শ্রুতিরহস্য অনুভব করতঃ অদ্বৈতবাদে ব্রহ্মসূত্রের বিস্তীর্ণা ব্যাখ্যা প্রস্তুত করিয়া ইহপরলোকে সুপ্রতিষ্ঠিত হইয়াছেন। ব্যাখ্যার নাম শারীরক ভাষ্য। ভাষ্যমধ্যে তিনি উপরোক্ত তত্ত্বের অনুকূলে নানা যুক্তি, নানা উদাহরণ ও নানা প্রমাণাদি বিন্যস্ত করিয়াছেন। বর্ণিতপ্রকারের তত্ত্বজ্ঞান উৎপাদনে অধিকারী হইবার জন্য যে সকল কার্য্য করিতে হয় সে সকল কার্য্য, বুদ্ধিনৈর্ম্মল্যের উপকরণ, শ্রুতিবিচারের প্রণালী, সাধনরহস্য, উপাসনাতত্ত্ব, কর্ম্মানুষ্ঠানের ও উপাসনানিবিষ্ট ব্যক্তির উচ্চাবচ ফল, জীবন্মুক্তি, ক্রমমুক্তি ও নির্ব্বাণ মোক্ষ, এ সমস্তই বিশদরূপে বর্ণন করিয়াছেন এবং প্রসঙ্গাগত স্বর্গনরকাদি ফলভোগের কথাও বলিয়াছেন। ঈদৃশ শাঙ্করভাষ্য প্রাদুর্ভাবের পূর্ব্বে বোধায়ন মুনির ও আচার্য্য উপবর্ষের বৃত্তি বা ভাষ্য ছিল। তাঁহারা যে কি মর্ম্মে বেদান্তসূত্রের ব্যাখ্যা প্রস্তুত করিয়াছিলেন তাহা জ্ঞাত নহি। শুনা যায় এবং রামানুজস্বামীর ভাষ্য দৃষ্টে জানা যায় যে, বোধায়ন ও উপবর্ষ বিশিষ্টাদ্বৈতবাদী ছিলেন। শঙ্কর ব্যতীত অন্য কেহ নির্ব্বিশেষাদ্বৈত হৃদগত করেন নাই। নির্ব্বিশেষাদ্বৈতবাদের সংক্ষিপ্ত মর্ম্ম এই যে, ব্রহ্ম একরূপ, তাঁহার আর কোন রূপ বিশেষ অর্থাৎ স্বজাতীয় বিজাতীয় ও স্বগত, কোন রূপ প্রভেদ নাই। এ সকল ভেদপ্রতিভাস (বিশ্ব) মায়িক, সুতরাং মিথ্যা। বিশিষ্টাদ্বৈতবাদের সংক্ষিপ্ত মর্ম্ম এই যে, অন্য দ্বিপ্রকার ভেদ না থাকুক, স্বগত ভেদ আছে। বৃক্ষ এক বটে; পরন্তু তাহার কাণ্ড, শাখা, পত্র, পুষ্প, ফল, ইত্যাদি নানা ভেদ আছে। সে সকল বৃক্ষ ছাড়া নহে;

অথচ ভিন্ন। সেইরূপ, ব্রহ্ম এক হইলেও তাঁহার নানা ভেদ আছে। জীব ও জীবোপজীব্য জগৎ তাঁহারই প্রভেদ অথচ তাঁহা ছাড়া নহে। তিনি সেব্য, জীব সকল তাঁহার সেবক। এই মত রামানুজ ও মধ্ব স্বামীর। রামানুজ স্বামীর ও মধ্ব মুনির মতের অপেক্ষাকৃত বিস্তৃত বিবরণ এই——

রামানুজ বিশিষ্টাদ্বৈতবাদী ও তিন পদার্থবাদী। তাঁহার মতে চিৎ, জড় ও ঈশ্বর, এই তিন তত্ত্ব প্রধান। চিৎ—জীব। জড়—দৃশ্য জগৎ। ঈশ্বর—পরমাত্মা হরি। জীব ভোক্তা, দৃশ্য জগৎ তাহাদের ভোগ্য, এবং ঈশ্বর তৎসমুদায়ের নিয়ন্তা। দৃশ্য জগৎ তিন ভাগে বিভক্ত। ভোগ্য, ভোগের উপকরণ ও ভোগের আয়তন। ঈশ্বর এই ত্র্যাত্মক জগতের কর্ত্তা ও উপাদান ন্যায়বিৎ গৌতম প্রভৃতি নিত্য পরমাণু প্রভৃতিকে বিশ্বের উপাদান কারণ বলেন, কিন্তু রামানুজ তাহা বলেন না। রামানুজ বলেন, ভগবান্ হরি নিজেই নিজসৃষ্টির উপাদান এবং তিনিই পুরাণাদি শাস্ত্রে ভগবান্, পুরুষোত্তম, বাসুদেব, ইত্যাদি ইত্যাদি নামে ব্যপদিষ্ট হইয়াছেন। তিনি পরমকারুণিক ও ভক্তবৎসল। যে সকল জীব তাঁহার উপাসনা করে, তাহাদিগকে তিনি তাহাদের উপাসনানুরূপ ফল প্রদান করেন। ভক্তবৎসলতা বিধায় তিনি লীলাবিশেষের বশবর্ত্তী হন, হইয়া অর্চ্চা, বিভব, ব্যূহ, সূক্ষ্ম ও অন্তর্যামী ভেদে ব্যপদিষ্ট হন। তদীয় ভক্তগণ সোপানারোহণ ন্যায়ে পূর্ব্ব পূর্ব্ব মূর্ত্তির উপাসনা করিয়া পর পর মূর্ত্তির অনুগ্রহ লাভে চরম সোপানে গিয়া কৃতার্থতা লাভ করেন।* উপাসক জীব পূর্ব্ব পূর্ব্ব উপাসনায় বাসুদেবপ্রাপ্তিরূপ মোক্ষের পরম শত্রু দুরিতনিচয় ক্ষয় করিয়া উত্তরোত্তর উপাসনায় অধিকারী হয়। অর্চ্চা—প্রতিমাদি। বিভব—অবতার সমূহ। ব্যূহ—সঙ্কর্ষণ, বাসুদেব, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ, এই চার রূপ। বাসুদেব—সম্পূর্ণ ষড়্গুণ। এই বাসুদেবই বেদান্তাদি শাস্ত্রে পরব্রহ্ম আখ্যায় প্রথিত। সূক্ষ্ম ও অন্তর্যামী মূর্ত্তি জীবস্থ ও জীবপ্রেরক রূপে বিজ্ঞেয়।

রামানুজ বলেন, উপাসনা পাঁচ প্রকার। অভিগমন, উপাদান, ইজ্যা, স্বাধ্যায় ও যোগ। অভিগমন শব্দে ভগবৎস্থানের মার্জ্জন ও লেপনাদি। উপাদান শব্দে গন্ধপুষ্পধূপদীপাদি দান। ইজ্যা শব্দে পূজা। স্বাধ্যায় শব্দে মন্ত্রজপ, নামজপ, স্তোত্রপাঠ, নামসঙ্কীর্ত্তনাদি ও ভগবত্তত্ত্বপ্রকাশক শাস্ত্রের

অভ্যাস। যোগ শব্দে একাগ্রচিত্তে ভগবদনুসন্ধান। এই পঞ্চবিধ উপাসনায় অল্পে অল্পে ভক্তিনামক জ্ঞান আবির্ভূত হয় এবং চরমোৎকর্ষ অবস্থায় যখন অহঙ্কারাদি বিলুপ্ত হইয়া যায় তখন ভক্তবৎসল ভগবান্ তাহাকে আবৃত্তিরহিত স্বীয় পরমানন্দ ধাম প্রদান করেন। তাহাই শাস্ত্রান্তরের মোক্ষ। ধ্যানাদি সহকৃত ভক্তির দ্বারাই ভগবত্তত্ত্ব সাক্ষাৎকার করা যায়; অন্য উপায়ে নহে। ভগবত্তত্ত্ব সাক্ষাৎকার তত্ত্বমসি প্রভৃতি বাক্য শুনিয়া হয় না।

রামানুজ আরও বলেন, একমাত্র ভক্তিই ভগবৎপ্রাপ্তির উপায়। ভক্তি জ্ঞানবিশেষ, জ্ঞানের সার বা ফল। তাহা ইতরবৈতৃষ্ণ্যরূপিণী। ভগবান্ ব্যতীত আর সমস্ত যখন হেয় গোচরে আইসে তখন যে অনন্যপরা বা অচলা ভক্তি বিকাশমানা হয়, সেই ভক্তিই ভক্তি। বৈরাগ্য ব্যতীত তাদৃশী ভক্তি লাভ করিবার আশা করা যায় না এবং বৈরাগ্যও সত্ত্বশুদ্ধি ব্যতীত উৎপন্ন হয় না। সত্ত্বশুদ্ধি আহারাদির শুদ্ধতা হইতে অল্পে অল্পে হইয়া থাকে। স্বামী রামানুজ এইরূপ এইরূপ তাৎপর্য্যে ব্যাসকৃত ব্রহ্মসূত্রের বৃত্তি রচনা করিয়া গিয়াছেন। তাঁহার সেই বৃত্তি এক্ষণে ভাষ্য নামে প্রথিত।

মধ্বাচার্য্যের মত প্রায় ঐরূপ; কোন কোন অংশে কিছু কিছু প্রভেদ আছে। জীব অণুপরিমাণ, তাহারা ভগবানের দাস, বেদ নিত্য ও অপৌরুষেয়, পঞ্চরাত্র নামক শাস্ত্র জীবের আশ্রয়নীয়, প্রপঞ্চভেদ (জগৎ) সত্য, এই কয় বিষয়ে মধ্ব রামানুজের সহিত একমত; পরন্তু তত্ত্ববিভাগ ব্যবস্থায় অন্যমত। মধ্ব সম্পূর্ণ দ্বৈতবাদী এবং তন্মতে তত্ত্ব দ্বিবিধ। স্বতন্ত্র ও অস্বতন্ত্র। অশেষ-সদ্গুণ ভগবান্ বিষ্ণু স্বতন্ত্র তত্ত্ব; জীব ও জড়জগৎ অস্বতন্ত্র তত্ত্ব। ভগবদ্দাস জীব ভ্রমবশতঃ ভগবদ্দাস্য ত্যাগ করিয়া ভগবৎ সাম্য ইচ্ছা করিলে অর্থাৎ অহংব্রহ্মাস্মি উপাসনায় নিবিষ্ট হইলে অধঃপতিত হয়। সে জন্য, অস্বতন্ত্র ও সেবক জীবের ভগবদ্দাস্যই পরম অবলম্বনীয়। অধিক কি বলিব, পরমসেব্য ভগবানের সেবা ব্যতীত জীবের পক্ষে অন্য কর্ত্তব্য নাই।

মধ্বমতে সেবা প্রধানতঃ ত্রিবিধ। অঙ্কন, নামকরণ ও ভজন। সর্ব্বদা ভগবৎরূপের স্মরণ হইবে, এই আশায় তন্মতাবলম্বীরা শরীরে গদাচক্রাদি নারায়ণাস্ত্রের প্রতিচ্ছবি অঙ্কিত করেন। সর্ব্বদা তাঁহার নাম স্মরণ পথে থাকিবে, সেই আশায় তাঁহারা পুত্রাদির "কেশব" "কৃষ্ণ" প্রভৃতি নাম

রাখিয়া থাকেন। এ সকল ব্যাপারও তন্মতে সেবা বলিয়া গণ্য। ভজন দশ প্রকার। দয়া, ভগবৎস্পৃহা ও শ্রদ্ধা, এই তিন মানসিক। সত্যবাক্য, হিতবাক্য, প্রিয়বাক্য ও স্বাধ্যায়, এই চার বাচিক। দান, পর-পরিত্রাণ ও পূজা, এই তিন কায়িক।

পরম সেব্য স্বতন্ত্র তত্ত্ব ভগবানের প্রসন্নতা লাভই অস্বতন্ত্র সেবক জীবের পরমপুরুষার্থ। কিন্তু তাহা ভগবদ্‌গুণোৎকর্ষজ্ঞান ব্যতীত হয় না। সে জ্ঞান তত্ত্বমস্যাদি বাক্য শ্রবণে জন্মে না। অঙ্কন, নামকরণ ও ভজনের দ্বারাই তাহা লব্ধ ও স্থিরতর হয়। "তত্ত্বমসি" বাক্য "অগ্নির্মাণবকঃ" ইত্যাদি বাক্যের ন্যায় সাদৃশ্যপর। নির্ব্বাণমুক্তি বন্ধ্যাপুত্রাদির ন্যায় কথামাত্র, সারূপ্য সালোক্যাদি মুক্তিই পরমার্থ। মধ্ব মুনি এই ভাব হৃদিস্থ করিয়া ব্রহ্মসূত্র-ভাষ্য রচনা করিয়া গিয়াছেন।

প্রসঙ্গক্রমে বল্লভাচার্য্যের মতও সংক্ষেপে বলি, প্রণিহিত হউন।

জীব অণু, সেবক, প্রপঞ্চভেদ (জগৎ) সত্য, এ সকল বিষয়ে বল্লভ মধ্ব-মুনির সহিত একমত। প্রভেদ এই যে, মধ্বমতে বৈকুণ্ঠপতি বিষ্ণু মুমুক্ষু জীবের সেব্য, বল্লভমতে গোলকাধিপতি শ্রীকৃষ্ণ মুমুক্ষু জীবের সেব্য। মধ্ব বলেন, অঙ্কনাদিভেদে সেবা ত্রিবিধ; বল্লভ বলেন, সেবা দ্বিবিধ। ফলরূপা ও সাধনরূপা। সর্ব্বদা কৃষ্ণশ্রবণচিন্তারূপ মানসী সেবা ফলরূপা এবং দ্রব্যা-র্পণাদি নিষ্পাদ্য ও কায়ব্যাপারনিষ্পাদ্য শারীরী সেবা সাধনরূপা। বলেন, বৈকুণ্ঠলোক প্রাপ্তিই মোক্ষ; বল্লভ বলেন, গোলোকস্থ পরমানন্দ-সন্দোহ বৃন্দাবনে ভগবদনুগ্রহে গোপীভাব প্রাপ্ত হইয়া অখণ্ডরাসরসোৎস নির্ভররসাবেশে পতিভাবে ভগবান্‌কে সেবা করাই মোক্ষ। এতন্মতে জ্ঞান-মার্গ কিছুই নহে, ভক্তিমার্গও উৎকৃষ্ট নহে, প্রীতিমার্গই সর্ব্বোৎকৃষ্ট। বল্লভ সম্পূর্ণ দ্বৈতবাদী হইয়াও জীবাত্মার ও পরমাত্মার শুদ্ধতা বর্ণন করিয়াছেন, সেজন্য তন্মত শুদ্ধ দ্বৈতবাদ নামে প্রখ্যাত। এতদ্ভিন্ন আর যে সকল কথা আছে সে সকল তাঁহাদের দর্শনে দ্রষ্টব্য।

শঙ্কর দ্বৈতবাদী দিগের কথিত প্রকার মুক্তিকে স্বর্গ মধ্যে গণনা করেন। বিশিষ্টাদ্বৈতবাদী রামানুজ ও শুদ্ধদ্বৈতবাদী বল্লভ প্রভৃতির অভিপ্রায় তাঁহার অনুমোদনীয় নহে। তাঁহার অভিপ্রায় এই যে, যাবৎ না অদ্বয়ব্রহ্মপ্রতিপত্তি

হয় তাবৎ অমোক্ষ। ভগবৎসারূপ্য ও ভগবৎস্থান লাভ করিলেও কোন না কোন কালে তৎপরিচ্যুত হইতে হইবে। পদে পদে সেবকের সেবাপরাধ সংঘটন হইয়া থাকে। যে দিন তাহা ঘটিবে সেই দিনেই আবার সংসারে আসিবে। ভগবানের নিত্য পার্ষদ জয় বিজয় তাহার দৃষ্টান্ত। অতএব, সাযুজ্য সারূপ্য সালোক্য, এ সকল মুক্তি পরম মুক্তি নহে; কিন্তু গৌণ মুক্তি। অর্থাৎ আপেক্ষিক মুক্তি। ঐ সকল মুক্তি কর্ম্মী দিগের মধ্যে স্বর্গ নামে পরিচিত। মোক্ষের অন্য নাম অমৃত। যাহারা কর্ম্মপ্রভাবে দীর্ঘকাল স্বর্গসুখ-সন্দোহে অবস্থান করে, শাস্ত্র, প্রশংসা করিবার অভিপ্রায়ে তাহাদিগকেও অমৃতী বলেন। অর্থাৎ মুক্ত পুরুষ বলেন। অথচ তাহারা প্রকৃত মুক্ত নহে। মোক্ষ উৎকর্ষাপকর্ষ-শূন্য, একরূপ ও একব্রহ্ম। সুতরাং তাহা অদ্বয়। অদ্বয় ব্যতীত সদ্বয়ে সংসার ভয় নিবারিত হয় না, ইহা শ্রুতি উচ্চৈ রবে বলিয়াছেন। "দ্বিতীয়াদ্বৈ ভয়ন্তবতি।" ইত্যাদি। শাঙ্কর দর্শনে এইরূপ অনেক কথা আছে, সে সকল তত্তৎস্থানে দ্রষ্টব্য। ভূমিকা উপলক্ষ্যে তদীয় মতের সংক্ষেপ বিবরণ বলা হইল; তাঁহার বিস্তৃতভাব বুঝিতে হইলে সমুদায় ভাষ্যানুবাদ দেখা আবশ্যক। আচার্য্য শঙ্কর যে প্রথমতঃ ভাষ্যভূমিকা লিখিয়াছেন এক মাত্র সেই ভূমিকাই অদ্বৈত প্রতিপাদন করিতে সমর্থ। বলা বাহুল্য যে, শঙ্করের অধ্যাসভাষ্য যার পর নাই সুগভীর, যুক্তিপূর্ণ ও অদ্ভুত। তাহা পাঠ মাত্রে বিজ্ঞ পাঠকের চিত্ত প্রস্ফুরিত হইতে থাকে। ভাষ্য পাঠে মন যে কিরূপ প্রফুল্ল হয় তাহা বর্ণনাতীত এবং অব্যবহিত পরেই তাহার নিদর্শন দেখিতে পাইবেন। ইত্যলম্।

শিবমস্তু।

ভাষ্যস্থিত শ্রুতির অনুক্রমণিকা।

১ ম অধ্যায়

শ্রুতি	পৃষ্ঠা

হ

৩য় অধ্যায়।

৪র্থ অধ্যায়ঃ।

সমাপ্তানি সূচিপত্রাণি।

সমাপ্তোগ্রন্থঃ।

ছাড় ও শুদ্ধ্যশুদ্ধি।

ছাড়।

২য় অধ্যায়ের ১ম পাদে ১ম সূত্রের সূত্রার্থ-সংক্ষেপের অনুবাদ।

সর্ব্বজ্ঞ ব্রহ্ম জগৎ কারণ, এই সিদ্ধান্ত স্থাপিত হইল বলিয়া মনে করিও না যে, সাংখ্য পাতঞ্জলাদি স্মৃতি নির্ব্বিষয় অর্থাৎ অপ্রমাণ (মিথ্যা) হইল। সাংখ্য স্মৃতির ভয়ে ব্রহ্মকারণবাদ অগ্রাহ্য করা সঙ্গত নহে। কারণ, সাংখ্য স্মৃতির প্রাধান্য স্থাপন করিতে গেলে মন্বাদি স্মৃতি অপ্রধান ও নির্ব্বিষয় সুতরাং অপ্রমাণ হইবে। অতএব, যখন এক স্মৃতির প্রাধান্যে অপর স্মৃতির অপ্রাধান্য, তখন অবশ্যই উক্ত পূর্ব্ব পক্ষ অগ্রাহ্য। বিশেষতঃ স্মৃতির অনুরোধে শ্রুতির সংকোচ সর্ব্বথা অগ্রাহ্য।

শুদ্ধ্যশুদ্ধি।

অধ্যায়		পৃষ্ঠা	পং	অশুদ্ধ	শুদ্ধ
১মঃ	নোটে	৬৩	৩	মাহগ্রস্ত	মোহগ্রস্ত
২য়ঃ	ভাষ্যে	৩৭৪	৭	হ্যষ	দ্বেষ
২য়ঃ	ঐ	৩৫৩	২	বুদ্ধিস্ত	বুদ্ধিস্ত
৩য়ঃ	ভাষায়	১৮	১২	পুনর্ভোগয়তন	পুনর্ভোগায়তন
"	"	৭০	৬	কাৎর্স্ব	কাৎর্স্ন্য
"	"	১৬১	৫	যোষড়কল	ষোড়শকল
"	নোটে	১৮৪	৫	যেদান্তে	বেদান্তে
"	"	২৬২	৫	ইইবে	হইবে
"	ভাষায়	৪৪৬	২	শ্রাবণ	শ্রবণ
৪র্থ	নোটে	৯৭	২	নই	নাই
"	ভাষায়	১১৯	৫	পর্য্যন্ত	পর্য্যন্ত
"	"	১২৩	২	গুণোপসংসার	গুণোপসংহার
"	নোটে	"	৫	ঐ	ঐ
"	ভাষায়	১২৮	১৩	পীণ্ডিতেন্দ্রিয়	পিণ্ডিতেন্দ্রিয়
"	নোটে	১৯৯	৫	তৎকাশে	তৎসকাশে
"	"	১৮২	২	ইচ্ছ	ইচ্ছা
"	ভাষায়	১২৩	২	গুণোপসংসার	গুণোপসংহার
	শুচিপত্রে	৸৶০	৫	সংজ্ঞাহূর্ত্তিকৢপ্তিস্ত	সংজ্ঞামূর্ত্তিকৢপ্তিস্ত
	"	২১০	২৬	শসা বিনাশঃ	শস্যা বিনাশঃ
	ঐ	৮	১৯	বায়ুর্ব্বাব সম্বর্গঃ	বায়ুর্ব্বাব সম্বর্গঃ

ভাষ্যানুবাদস্থ দুর্ব্বোধ্য শব্দের অর্থ।

অ।

অবিবিক্ত—একীভূত, যাহার পার্থক্য বোধগম্য হয় না।

অখণ্ডৈকরস—যাহার খণ্ড অর্থাৎ অংশ নাই বা কোন প্রকার ভেদ নাই।

অসংহত—যাহা দুই বা ততোধিক বস্তুর মিলনে উৎপন্ন নহে।

অনাবরণত্বজ্ঞানতা—যাহার জ্ঞানশক্তি কিছুতেই আচ্ছন্ন হয় না।

অপ্রতিহতজ্ঞানতা—যাহার জ্ঞান কোন প্রতিবন্ধক দ্বারা অবসন্ন হয় না।

অনুপ্রবেশ—সৃষ্টি করিয়া তন্মধ্যে প্রবেশ।

অত্যন্তবিলক্ষণ—একেবারে পৃথক্।

অত্যন্তবিবিক্ত—যার পর নাই পৃথক্। বিবেক জ্ঞানে সুনিশ্চিত।

অনুক্রান্ত—অনুক্রমবিশিষ্ট। যাহা ক্রমানুসারে কথিত হয় তাহা।

অহঙ্কামাত্রপ্রভব—যাহা "আমি" ইত্যাকার মিথ্যা প্রত্যয় হইতে জন্মিয়াছে।

অনুভূয়মান—সর্ব্বদা অনুভবগোচরে বিদ্যমান।

অপিগত—বিলীন হওয়া। লয়প্রাপ্ত।

অপ্যয়—প্রলয় বা কার্য্যের কারণ-দ্রব্যে প্রবেশ।

অবধারণভঙ্গ—যাহা স্থির বা নিশ্চয় করা হইয়াছে তাহার অন্যথা।

অর্থপ্রত্যায়ণ—বস্তু বুঝাইবার সামর্থ্য।

অক্ষরময়ী—বর্ণময়ী, শব্দমূর্ত্তি।

অধিপ্রজ্ঞ—প্রজ্ঞা অধিকারের। প্রজ্ঞা =বুদ্ধি।

অতিসান্নিধ্য—অব্যবধান, অত্যন্ত নিকট।

অনুশয়যুক্ত—ভোগাবশিষ্ট পাপপুণ্য অনুশয়, তদ্বর্জ্জিত।

অভিব্যঞ্জক—আছে, কিন্তু ব্যক্ত নাই, যাহা তাদৃশ পদার্থ ব্যক্ত করে তাহা।

অকৃতাভ্যাগম—না করিয়া ফল পাওয়া। যেমন গমন না করিয়া গ্রাম পাওয়া।

অতিদেশ—প্রতিনিধিবাক্য। যথা—যেমন করিয়া অমুক করা হয় তেমনি করিয়া কর, ইত্যাদি।

অভিলাপ্য—স্পষ্ট করিয়া বলিবার বস্তু। উল্লেখ্য।

অধ্বর্য্যু—যজুর্ব্বেদোক্তকর্ম্মকর্ত্তা।

অপান্তরতম—এক জন ঋষি।

অনুবন্ধ—নিমিত্ত।

অধিকরণে—পঞ্চাঙ্গ বিচারে। বিচার-যোগ্য বাক্য, সংশয়, পূর্ব্বপক্ষ, উত্তর বা সিদ্ধান্ত, এই ৫ অঙ্গ।

অন্তর্নিহিত—মধ্যে অবস্থিত।

অনুপপত্তি—যুক্তিযুক্ত না হওয়া।

অনুভবাত্মক—বোধরূপ।

অকর্ত্রাদ্বয়ব্রহ্মাত্মভাব—কর্ত্তা নহে, অর্থাৎ নিষ্ক্রিয়, তদ্‌দ্বিতীয় নাই, এতদ্রূপ ব্রহ্মই আত্মা, এই ভাব।

অধিকৃতাধিকার—যে যাহাতে অধি-কারী, তাহার অধিকার ভুক্ত।

অভিসম্ভূত—সেই সেই রূপে উৎপন্ন।

অবক্লৃপ্ত—যাহার কল্পনা করিতে হয় না। যাহা স্বীয় সামর্থ্যে প্রতীত হয়।

অগন্তুকরূপ—অস্বাভাবিক রূপ। কোন এক নূতন প্রকার হওয়া।

অবন্ধ্যসঙ্কল্প—যাহার মনের কল্পনা বা ইচ্ছা বৃথা হয় না।

অনারোপিতরূপ—ব্রহ্মরূপ। যাহা ঠিক্, সত্য, তাহা।

অনুবৃত্ত—পূর্ব্বোক্তের প্রাপ্তি বা আক-র্ষণ। পূর্ব্বের কথা আনিয়া পরোক্ত কথায় যোগ করা।

অকর্ত্রাদ্বয়—কর্ত্তৃত্ব ও দ্বৈত এতদুভয় বর্জ্জিত।

অনভ্যুপগম—অস্বীকার।

অশাস্ত—উপদেশের বা শাসনের অনধীন বা অযোগ্য।

অর্চ্চিঃ—সূর্য্যরশ্মি।

অর্চ্চিরাদিমার্গে—জ্ঞানীর গন্তব্য দেব-যান নামক পথে।

অতিবহনীয়—যে, পথে বাহক কর্ত্তৃক নীত হয়। বহনকারী যাহাকে বহন করে।

অমানবপুরুষ—ব্রহ্মলোকস্থ পুরুষ।

অর্চ্চিরাদিপর্ব্ব—অর্চ্চিঃ (সূর্য্যকিরণ), দিন, ইত্যাদি প্রকার বিভাগ—যাহা ব্রহ্মলোক গমনের শাস্ত্রোক্ত পথের অংশবিশেষ, তাহা।

অমৃতবর্ষী—মোক্ষ বা পরম সুখ-প্রদাতা।

আ।

আবিদ্যক—অবিদ্যাকল্পিত।

আনন্তর্য্য—অব্যবহিতপরে।

আত্মসদ্ভাব—আপনার অস্তিত্ব।

আপাতজ্ঞান—বিচারের পূর্ব্বে যে চিরাভ্যস্ত জ্ঞান থাকে তাহা।

আপাদ্যের—যাহা আপত্তির বিষয় তাহার।

আধ্বর্য্যব—অধ্বর্য্যুর কার্য্য। হোম করা।

আরম্ভণাদিযুক্তিতে — উৎপাদনাদি যুক্তিতে। ঘট, এটী কথামাত্র,

মৃত্তিকাই সত্য, এতৎ প্রণালীর শাস্ত্রোক্ত যুক্তিতে।

আবৃত্তলোক—অধোলোক। পাতাল-নামক স্থান।

আমুষ্মিক—পারলৌকিক।

আতিযাত্রিক—বাহক। বহনকার্য্য-কারী।

আতিবাহিকত্ব—বহনকারিত্ব।

আন্ধ্য—অন্ধতা। দৃক্‌শক্তিরাহিত্য।

আত্মবহির্ভূত—যাহা আত্মা নহে। যাহা অনাত্মা তাহা।

ঈ।

ঈক্ষিতা—আলোচনাকারী।

উ।

উপাস্তিকর্ম্ম—উপাসনা।

উপাধান—উপাধিনির্দ্দিষ্ট।

উপমর্দ্দন—নষ্ট হওয়া।

উদ্গীথ—সামগানের অংশ। প্রণব, প্রণবে ব্রহ্মোপাসনা।

এ।

স্বরূপ ইতি হেতুদ্বয়ং ভাষ্যবাক্যেনোপপাদিতং "প্রবৃত্তিনিবৃত্তিপ্রয়োজনত্বাৎ" ইত্যাদিনা "তৎসামান্যাদ্বেদান্তানামপি তথৈবার্থবত্ত্বং স্যাৎ" ইত্যন্তেন। ন চ স্বতন্ত্রং কার্য্যং নিযোজ্যমধিকারিণমনুষ্ঠাতারমন্তরেণেতি নিযোজ্যভেদমাহ।—"সতি চ বিধিপরত্ব" ইতি। ব্রহ্ম বেদ ব্রহ্মৈব ভবতীতি সিদ্ধবদর্থবাদাবগতস্যাপি ব্রহ্মভবনস্য নিযোজ্যবিশেষাকাঙ্ক্ষায়াং ব্রহ্মবুভূষোর্নিযোজ্যবিশেষস্য রাত্রিসত্রন্যায়েন প্রতিলম্ভঃ। পিণ্ডপিতৃযজ্ঞন্যায়েন তু স্বর্গকামস্য নিযোজ্যস্য কল্পনায়ামর্থবাদস্যাসমবেতার্থতয়াত্যন্তপরোক্ষা বৃত্তিঃ স্যাদিতি। ব্রহ্মভাবশ্চামৃতত্বমিতি "অমৃতত্বকামস্য" ইত্যুক্তম্। অমৃতত্বং চামৃতত্বাদেব, ন কৃতকত্বেন শক্যমনিত্যমনুমাতুম্। আগমবিরোধাদিতি ভাবঃ। উক্তেন ধর্ম্মব্রহ্মজ্ঞানয়োর্ব্বৈলক্ষণ্যেন বিধ্যবিষয়ত্বং চোদয়তি।—"নন্বু" ইতি। পরিহরতি।—"নার্হত্যেবম্" ইতি। অত্র চাত্মদর্শনং ন বিধেয়ম্। তদ্ধি দৃশেরুপলব্ধিবচনত্বাৎ শ্রাবণং বা স্যাৎ প্রত্যক্ষং বা। তত্র শ্রাবণং ন বিধেয়ং স্বাধ্যায়বিধিনৈবাঽস্য প্রাপিতত্বাৎ কর্ম্মশ্রবণবৎ। নাপি লৌকিকং প্রত্যক্ষং তস্য নৈসর্গিকত্বাৎ। ন চোপনিষদাত্মবিষয়ং ভাবনাধেয়বৈশদ্যং বিধেয়ং তস্যোপাসনাবিধানাদেব বাজিনবদনুনিষ্পাদিতত্বাৎ। তস্মাদৌপনিষদাত্মোপাসনাঽমৃতত্বকামং নিযোজ্যং প্রতি বিধীয়তে। দ্রষ্টব্য ইত্যাদয়স্তু বিধিসরূপা ন বিধয় ইতি। তদিদমুক্তং "তদুপাসনাচ্চ" ইতি। অর্থবত্তয়া মননাদিপ্রতীত্যা চেত্যস্য শেষঃ প্রপঞ্চো নিগদব্যাখ্যাতঃ।

কেন না, বেদান্ত ব্রহ্মকে ক্রিয়াবিধির অঙ্গরূপেই প্রতিপন্ন করে—উপাসনা ক্রিয়ার অঙ্গরূপেই বোধ জন্মায়। যথা—"আত্মদর্শন বা আত্মজ্ঞান উৎপাদন করিবেক।" "আত্মা নিষ্পাপ, তিনিই অন্বেষণীয়।" "তাঁহাকেই জানিবেক।" "আত্মাই ব্রহ্ম, এইরূপে উপাসনা করিবেক।" "এই লোক আত্মা বা আত্মাই লোক, এইরূপে উপাসনা করিবেক।" "ব্রহ্মজ্ঞ ব্যক্তি ব্রহ্ম হয়।" (৯) এই সকল বিধান বা বিধিবাক্য হইতে আত্মা কি? ব্রহ্ম কি? ব্রহ্ম কিং-

---

(৯) অভিপ্রায় এই যে, "করিবেক" প্রভৃতি কথার দ্বারা কর্ত্তব্যতা ও ক্রিয়াপ্রতীতি হয়, সুতরাং ব্রহ্মও তাহার আশ্রয় বা অবলম্বনরূপে বুদ্ধি গোচর হন।

কোঽসাবাত্মা ব্রহ্মেত্যাকাঙ্ক্ষায়াং তৎস্বরূপসমর্পণেন সর্ব্বে বেদান্তা উপযুক্তা নিত্যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্বগতোনিত্যতৃপ্তোনিত্য-শুদ্ধবুদ্ধমুক্তস্বভাবোবিজ্ঞানমানন্দং ব্রহ্মেত্যেবমাদয়ঃ। তদু-পাসনাচ্চ শাস্ত্রদৃষ্টোঽদৃষ্টোমোক্ষঃ ফলং ভবিষ্যতি। কর্ত্তব্য

তদেকদেশিমতং দূষয়তি।—"অত্রাভিধীয়তে"। "ন," একদেশিমতম্, কুতঃ, "কর্ম্মব্রহ্মবিদ্যাফলয়োর্ব্বৈলক্ষণ্যাৎ"। পুণ্যাপুণ্যকর্ম্মফলে সুখদুঃখে তত্র মনুষ্যলোকমারভ্যাব্রহ্মলোকাৎ সুখস্য তারতম্যমধিকোৎকর্ষঃ। এবং মনুষ্যলোকমারভ্য দুঃখতারতম্যমা চাবীচিলোকাৎ। তচ্চ সর্ব্বং কার্য্যঞ্চ বিনাশি চ। আত্যন্তিকং ত্বশরীরত্বমনতিশয়ং স্বভাবসিদ্ধতয়া নিত্যমকার্য্য-মাত্মজ্ঞানস্য ফলম্। তদ্ধি ফলমিব ফলম্। অবিদ্যাপনয়মাত্রেণাবির্ভাবাৎ। এতদুক্তং ভবতি।—ত্বয়াপ্যুপাসনাবিধিপরত্বং বেদান্তানামভ্যুপগচ্ছতা নিত্য-শুদ্ধবুদ্ধত্বাদিরূপব্রহ্মাত্মতা জীবস্য স্বাভাবিকী বেদান্তগম্যাস্থীয়তে। সা চোপাসনাবিষয়স্য বিধের্ন ফলং নিত্যত্বাদকার্য্যত্বাৎ। নাপ্যবিদ্যাপিধানা-পনয়ঃ। তস্য স্ববিরোধিবিদ্যোদয়াদেব ভাবাৎ। নাপি বিদ্যোদয়ঃ। তস্যাপি শ্রবণমননপূর্ব্বকোপাসনাজনিতসংস্কারসচিবাদেব চেতসোভাবাৎ। উপাসনা-সংস্কারবদুপাসনাঽপূর্ব্বমপি চেতঃসহকারীতি চেৎ দৃষ্টঞ্চ খলু নৈয়োগিকং ফলমৈহিকমপি, যথা চিত্রাকারীর্য্যাদিনিয়োগানামনিয়তনিয়তফলানাম্। ন। গান্ধর্ব্বশাস্ত্রোপাসনাবাসনায়া ইবাপূর্ব্বানপেক্ষায়াঃ ষড়্‌জাদিসাক্ষাৎকারে বেদান্তার্থোপাসনাবাসনায়া জীবব্রহ্মভাবসাক্ষাৎকারেঽনপেক্ষায়া এব সাম-র্থ্যাৎ। তথা চামৃতীভাবং প্রত্যহেতুত্বাদুপাসনাপূর্ব্বস্য নামৃতত্বকামস্তৎকার্য্য-মববোদ্ধুমর্হতি। অন্যদিচ্ছত্যন্যৎ করোতীতি হি বিপ্রতিষিদ্ধম্। ন চ তৎকামঃ ক্রিয়ামেব কার্য্যমবগমিষ্যতি নাপূর্ব্বমিতি সাম্প্রতম্। তস্যা মানা-

---

স্বরূপ? এতদ্বিধ আকাঙ্ক্ষা জন্মে। পরে, তাঁহার স্বরূপবোধক বাক্যসকল সেই আকাঙ্ক্ষার প্রপূরণ করিয়া চরিতার্থ হয়। যথা—ব্রহ্ম সর্ব্বজ্ঞ, সর্ব্বগত, নিত্যতৃপ্ত, নিত্যশুদ্ধ, নিত্যবুদ্ধ ও নিত্যমুক্ত। তিনি বিজ্ঞানঘন ও আনন্দ-ঘন। এইরূপ এইরূপ যত বাক্য আছে, সমস্তই মুলবিধিসমুত্থাপ্য আকা-ঙ্ক্ষার প্রপূরণার্থ সেই সেই পদার্থের স্বরূপ সমর্পণ করে মাত্র, অন্য কিছু করে না। [তদু...ভবিষ্যতি] তাঁহার উপাসনা করিলে বা ঐরূপে উপা-সনা করিলে শাস্ত্রোক্ত মোক্ষফল হয়। [কর্ত্তব্য…স্যাৎ] এ শাস্ত্রে যদি

বিধ্যননুপ্রবেশে তু বস্তুমাত্রকথনে হানোপাদানাসম্ভবাৎ সপ্তদ্বীপা বসুমতী রাজাঽসৌ গচ্ছতীত্যাদিবাক্যবদ্বেদান্তবাক্যানামানর্থক্যমেব স্যাৎ। ননু বস্তুমাত্রকথনেঽপি

ন্তরাদেব তৎসাধনত্বপ্রতীতের্ব্বিধের্বৈয়র্থ্যাৎ। ন চাবঘাতাদিবিধিতুল্যতা। তত্রাপি নিয়মাপূর্ব্বস্যান্যতোঽনবগতেঃ। ন চ ব্রহ্মভূয়াদন্যদমৃতত্বমার্থবাদিকং কিঞ্চিদস্তি যেন তৎকাম উপাসনায়ামধিক্রিয়তে। বিশ্বজিন্ন্যায়েন তু স্বর্গকল্পনায়াং সাতিশয়ত্বং ক্ষয়িত্বঞ্চেতি ন নিত্যফলত্বমুপাসনায়াঃ। তস্মাদ্ব্রহ্মভূয়স্যাঽবিদ্যাপিধানাপনয়মাত্রেণাবির্ভাবাৎ, অবিদ্যাপনয়স্য চ বেদান্তার্থবিজ্ঞানাদবগতিপর্য্যন্তাদেব সম্ভবাৎ, উপাসনায়াঃ সংস্কারহেতুভাবস্য, সংস্কারস্য চ সাক্ষাৎকারোপজননে মনঃসাচিব্যস্য চ মানান্তরসিদ্ধত্বাৎ, আত্মেত্যেবোপাসীতেতি ন বিধিঃ অপি তু বিধিসরূপোঽয়ম্। যথোপাংশুযাজবাক্যে বিষ্ণুরুপাংশু যষ্টব্য ইত্যাদয়োবিধিসরূপা ন বিধয় ইতি তাৎপর্য্যার্থঃ। শ্রুতিস্মৃতিন্যায়সিদ্ধমিত্যুক্তং তত্র শ্রুতিং দর্শয়তি।—"তথা চ শ্রুতি"রিতি। ন্যায়মাহ।—"অতএব" ইতি। যৎ কিল স্বাভাবিকং তন্নিত্যং যথা চৈতন্যং স্বাভাবিকঞ্চেদং তস্মান্নিত্যম্। পরে হি দ্বয়ীং নিত্যতামাহুঃ। কূটস্থনিত্যতাং পরিণামি-

---

বিধির অনুপ্রবেশ না থাকে—ক্রিয়াসংস্রব না থাকে—ব্রহ্ম যদি উপাসনা ক্রিয়ার অঙ্গ (অবলম্বন) না হন—ব্রহ্মবিষয়ে যদি কোনরূপ কর্ত্তব্যতার প্রবেশ না থাকে—তাহা হইলে কেবলমাত্র বস্তু উপদেশের ফল কি? যে কথা বা যে উপদেশ শুনিলে কোনরূপ ত্যাগবুদ্ধি অথবা গ্রহণবুদ্ধি না হয়—সে কথা বা সে উপদেশ অবশ্যই ব্যর্থ। পৃথিবী সপ্তদ্বীপা এবং রাজা যাইতেছেন, কেবলমাত্র এ কথা বলিবার প্রয়োজন কি? ঐরূপ কথা শুনিলে ও বলিলে কোনও ফল হয় না। ঐ উক্তি যেমন নিষ্ফল, কর্ত্তব্যতাজ্ঞানের অনুৎপাদক, বিধিসংশ্রব না থাকিলে "ব্রহ্ম সর্ব্বজ্ঞ" ইত্যাবিধ বাক্যও তদ্রূপ নিষ্ফল বা নিয়োজনীয়। ঐরূপ বাক্য। কর্ত্তব্যতাবোধের অনুৎপাদক সুতরাং বিফল।(১০)

[ননু বস্তু…বত্ত্বং স্যাৎ] যদি বল, কেবলমাত্র বস্তু উপদেশ করিলেও—

---

(১০) এ সকল কথার সার সিদ্ধান্ত এই যে, সিদ্ধবস্তু সকল ক্রিয়াবিশেষের অঙ্গ বা আশ্রয়রূপে অনূদিত হয়, উপদিষ্ট হয় না। ব্রহ্ম যদি সিদ্ধ বস্তু হন—তাহা হইলে এ শাস্ত্রে তিনি অবশ্যই উপাসনাক্রিয়ার অঙ্গ বা আলম্বনরূপে গৃহীত হইয়াছেন এবং তদ্রূপ উপাসনায় মোক্ষফল জন্মিয়া থাকে।

রজ্জুরিয়ং নাঽয়ং সর্প ইত্যাদৌ ভ্রান্তিজনিতভীতিনিবর্ত্তনে নার্থবত্ত্বং দৃষ্টং তথেহাপ্যসংসার্য্যাত্মবস্তুকথনেন সংসারিত্ব-ভ্রান্তিনিবর্ত্তনেনার্থবত্ত্বং স্যাৎ। স্যাদেতদেবম্, যদি রজ্জু-

নিত্যতাঞ্চ। তত্র নিত্যমিত্যুক্তে মা ভূদস্য পরিণামিনিত্যতেত্যত আহ।—"তত্র কিঞ্চিৎ" ইতি। পরিণামিনিত্যতা হি ন পারমার্থিকী। তথাহি।—তৎ সর্ব্বাত্মানা বা পরিণমেদেকদেশেন বা। সর্ব্বাত্মনা পরিণামে কথং ন তত্ত্বব্যাহতিঃ? একদেশপরিণামে বা স একদেশস্ততোভিন্নো বাঽভিন্নোবা। ভিন্নশ্চেৎ কথং তস্য পরিণামঃ? ন হ্যন্যস্মিন্ পরিণমমানেঽন্যঃ পরিণমতে অতিপ্রসঙ্গাৎ। অভেদে বা কথং ন সর্ব্বাত্মনা পরিণামঃ? ভিন্নাভিন্নং তদিতি চেৎ, তথাহি—তদেব কারণাত্মনাঽভিন্নং ভিন্নঞ্চ কার্য্যাত্মানা কটকাদয় ইবা-ভিন্না হাটকাত্মনা ভিন্নাশ্চ কটকাদ্যাত্মনা। ন চ ভেদাভেদয়োর্ব্বিরোধান্নৈ-কত্র সমবায় ইতি যুক্তম্। বিরুদ্ধমিতি নঃ ক সম্প্রত্যয়ো যৎ প্রমাণবিপর্য্যয়েণ বর্ত্ততে। যত্তু যথা প্রমাণেনাবগম্যতে তস্য তথাভাব এব। কুণ্ডলমিদং সুবর্ণমিতি সামানাধিকরণ্যপ্রত্যয়ে ব্যক্তং ভেদাভেদৌ চকাস্তঃ। তথা-হ্যাত্যন্তিকেঽভেদেঽন্যতরস্য দ্বিরবভাসপ্রসঙ্গঃ। ভেদে চাত্যন্তিকে ন সামানাধিকরণ্যং গবাশ্ববৎ। আধারাধেয়ভাবে একাশ্রয়ত্বে বা ন সামানা-ধিকরণ্যম্। ন হি ভবতি কুণ্ডং বদরমিতি। নাপ্যেকাসনস্থয়োশ্চৈত্রমৈত্রয়ো-শ্চৈত্রোমৈত্র ইতি। সোঽয়মবাধিতোঽসন্দিগ্ধঃ সর্ব্বজনীনঃ সামানাধিকরণ্য-প্রত্যয় এব কার্য্যকারণয়োর্ভেদাভেদৌ ব্যবস্থাপয়তি। তথা চ কার্য্যাণাং কারণাত্মত্বাৎ কারণস্য চ সদ্রূপস্য সর্ব্বত্রানুগমাৎ সদ্রূপেণাভেদঃ কার্য্যস্য জগতো ভেদঃ কার্য্যরূপেণ গোঘটাদিনেতি। যথাহুঃ।—

কার্য্যরূপেণ নানাত্বমভেদঃ কারণাত্মনা।
হেমাত্মনা যথাঽভেদঃ কুণ্ডলাদ্যাত্মনা ভিদা॥ ইতি।

অত্রোচ্যতে। কঃ পুনরয়ং ভেদো নাম যঃ সহাভেদেনৈকত্র ভবেৎ।

উপদিষ্টবাক্যে কর্ত্তব্যতাজ্ঞান না জন্মিলেও—রজ্জু সর্পের দৃষ্টান্তে আত্মবোধক বাক্যসমুদয়ের সাফল্য বা অর্থবত্তা থাকে;—যেমন "ইহা রজ্জু, সর্প নহে" এতন্মাত্র উপদেশের (বাক্যের) দ্বারা ভ্রান্তিজনিত ভয়কম্পাদি নিবৃত্ত হওয়ায় "ইহা সর্প নহে, রজ্জু" এই বাক্যের সার্থক্য থাকে; তদ্রূপ, সংসারাতীত আত্মবস্তুর বোধক বেদান্তবাক্যের দ্বারা আত্মার সংসারিত্বভ্রম বিদূরিত হওয়ায় তদ্বাক্যেরও সার্থক্য থাকিবে। [স্যাদেতদেবং...দর্শনাৎ] এ কথা

স্বরূপশ্রবণ ইব সর্পভ্রান্তিঃ সংসারিত্বভ্রান্তির্ব্রহ্মস্বরূপশ্রবণমাত্রেণ নিবর্ত্তেত,ন তু নিবর্ত্ততে। শ্রুতব্রহ্মণোঽপি যথাপূর্ব্বং সুখদুঃখাদিসংসারধর্ম্মদর্শনাৎ, শ্রোতব্যোমন্তব্যোনিদিধ্যাসিতব্য ইতি চ শ্রবণোত্তরকালয়োর্ম্মননিদিধ্যাসনয়োর্দ্দর্শনাৎ। তস্মাৎ প্রতিপত্তিবিধিবিষয়তয়ৈব শাস্ত্রপ্রমাণকং ব্রহ্মাভ্যুপগন্তব্যমিতি।

পরম্পরাভাব ইতি চেৎ, কিময়ং কার্য্যকারণয়োঃ কটকহাটকয়োরস্তি ন বা। ন চেদেকত্বমেবাস্তি ন চ ভেদঃ। অস্তি চেদ্ভেদ এব নাভেদঃ। ন চ ভাবাভাবয়োরবিরোধঃ সহাবস্থানাসম্ভবাৎ। সম্ভবে বা কটকবর্দ্ধমানকয়োরপি তত্ত্বেনাভেদপ্রসঙ্গঃ ভেদস্যাভেদাবিরোধাৎ। অপি চ কটকস্য হাটকাদভেদে যথা হাটকাত্মনা কটকমুকুটকুণ্ডলাদয়ো ন ভিদ্যন্তে এবং কটকাত্মনাপি ন ন ভিদ্যেরন্ কটকস্য হাটকাদভেদাৎ। তথা চ হাটকমেব বস্তু সন্ন কটকাদয়ো ভেদস্যাপ্রতিভাসনাৎ। অথ হাটকত্বেনৈবাভেদো ন কটকত্বেন তেন তু ভেদ এব কুণ্ডলাদেঃ। যদি হাটকাদভিন্নঃ কটকঃ কথময়ং কুণ্ডলাদিষু নানুবর্ত্ততে। নানুবর্ত্ততে চেৎ, কথং হাটকাদভিন্নঃ কটকঃ। যে হি যস্মিন্ননুবর্ত্তমানে ব্যাবর্ত্তন্তে তে ততো ভিন্না এব যথা সূত্রাৎ কুসুমভেদাঃ। নানুবর্ত্তন্তে চানুবর্ত্তমানেঽপি হাটকত্বে কুণ্ডলাদয়ঃ। তস্মাৎ তেঽপি হাটকাদ্ভিন্না এবেতি। সত্তানুবৃত্ত্যা চ সর্ব্ববস্ত্বনুগমে ইদমিহ নেদমিদমস্মান্নেদমিদমিদানীং নেদমিদমেবং নেদমিতি বিভাগো ন স্যাৎ। কস্যচিৎ কচিৎ কদাচিৎ কথঞ্চিদ্বিবেকহেতোরভাবাৎ। অপিচ, দূরাৎ কনকমিত্যবগতে ন তস্য কুণ্ডলাদয়োবিশেষা জিজ্ঞাস্যেরন্ কনকাদভেদাত্তেষাং তস্য চ জ্ঞাতত্বাৎ। অথ ভেদোঽপ্যস্তি কনকাৎ কুণ্ডলাদীনামিতি কনকাবগমেপ্যজ্ঞাতাস্তে। নম্বভেদোপ্যস্তীতি কিং ন জ্ঞাতা প্রত্যুত জ্ঞানমেব তেষাং যুক্তং কারণা-

---

বা এ কথা বলিতে পারিতে, যদি রজ্জুস্বরূপ শ্রবণের পর সর্পভ্রান্তিনিবৃত্তির ন্যায় ব্রহ্মতত্ত্বশ্রবণের পর সংসারিত্বভ্রম নিবৃত্ত হইত। আমরা দেখিতেছি, শতবার ব্রহ্মতত্ত্ব শ্রবণ করিয়াও লোকের সংসারিত্ব ভ্রম যায় না, এবং পূর্ব্বের ন্যায় সুখদুঃখাদি সংসারধর্ম্ম থাকে। অপিচ, [শ্রোতব্যো...গন্তব্যম্] শাস্ত্রেও শ্রবণের পর মননের ও নিদিধ্যাসনের বিধান আছে। এই সকল কারণে ব্রহ্মকে জ্ঞানবিধির বা উপাসনাবিধির অঙ্গরূপে গ্রহণ এবং ঐরূপেই

অত্রাভিধীয়তে, ন, কর্ম্মব্রহ্মবিদ্যাফলয়োর্বৈলক্ষণ্যাৎ। শারীরং বাচিকং মানসঞ্চ কর্ম্ম শ্রুতিস্মৃতিপ্রসিদ্ধং ধর্ম্মাখ্যং, যদ্বিষয়া জিজ্ঞাসা অথাতোধর্ম্মজিজ্ঞাসেতি সূত্রিতা। অধর্ম্মোঽপি হিংসাদিঃ প্রতিষেধচোদনালক্ষণত্বাৎ জিজ্ঞাস্যঃ পরিহারায়। তয়োশ্চোদনালক্ষণয়োরর্থানর্থয়োর্ধর্ম্মাধর্ম্ময়োঃ

ভাবে হি কার্য্যাভাব ঔৎসর্গিকঃ। স চ কারণসত্ত্বয়াঽপোদ্যতে। অস্তি চাভেদে কারণসত্ত্বেতি কনকে জ্ঞাতে জ্ঞাতা এব কুণ্ডলাদয় ইতি তজ্জিজ্ঞাসা-জ্ঞানানি চানর্থকানি স্যুঃ। তেন যস্মিন্ গৃহ্যমাণে যন্ন গৃহ্যতে তত্ততো-ভিদ্যতে। যথা করভে গৃহ্যমাণেঽগৃহ্যমাণো রাসভঃ করভাৎ। গৃহ্যমাণে চ দূরতো হেম্নি ন গৃহ্যন্তে তস্য ভেদাঃ কুণ্ডলাদয়স্তস্মাত্তে হেম্নো ভিদ্যন্তে। কথং তর্হি হেমকুণ্ডলমিতি সামানাধিকরণ্যমিতি চেৎ, ন হ্যাধারাধেয়ভাবে সমানাশ্রয়ত্বে বা সামানাধিকরণ্যমিত্যুক্তম্। অথানুবৃত্তিব্যাবৃত্তিব্যবস্থা চ হেম্নি জ্ঞাতে কুণ্ডলাদিজিজ্ঞাসা চ কথম্। ন খল্বভেদ ঐকান্তিকেঽনৈকান্তিকে চৈতদুভয়মুপপদ্যতে যত ইত্যুক্তম্। তস্মাদ্ভেদাভেদয়োরন্যতরস্মিন্নবহেয়েঽভেদোপাদানৈব ভেদকল্পনা ন ভেদোপাদানাঽভেদকল্পনেতি যুক্তম্। ভিদ্য-

---

তিনি শাস্ত্রপ্রমাণে প্রমিত, ইহা স্বীকার করা অবশ্য কর্ত্তব্য (১১)। [অত্রাভিধীয়তে] এ সম্বন্ধে অর্থাৎ এই সকল কথার প্রত্যুত্তরার্থ আমরা এক্ষণে এইরূপ বলিব।—

[ন...লক্ষণ্যাৎ] আমরা বলিব, না—ওরূপ না। (১২) অর্থাৎ মুক্তি বিধিজন্য নহে; তাহা আত্মার স্বরূপ, সুতরাং সিদ্ধ, সাধ্য নহে। এ কথা কেন বলি? না কর্ম্মফলের সহিত ব্রহ্মজ্ঞানফলের অত্যন্ত ভিন্নতা আছে। [শারীরং...মনুশ্রূয়তে] কায়িক, বাচিক ও মানসিক কর্ম্ম বা ক্রিয়াসমূহ শ্রুতিতে ও স্মৃতিতে ধর্ম্ম-নামে প্রসিদ্ধ। সেই ধর্ম্মনামক ক্রিয়াসমূহ যৎ স্বরূপ —তাহা বুঝাইবার জন্য "অথাতোধর্ম্মজিজ্ঞাসা" এই সূত্র জৈমিনিকর্ত্তৃক কথিত

---

(১১) অর্থাৎ শাস্ত্র ঐরূপেই ব্রহ্মসমর্পণ করেন। এ সম্বন্ধে পরিষ্কার কথা এই যে, দ্রব্য ও দেবতা যেমন ক্রিয়াবিধির অঙ্গ, ব্রহ্মও তেমন জ্ঞানবিধির বা উপাসনাবিধির অঙ্গ। স্বর্গ যেমন কার্য্যসাধ্য, তদ্রূপ মুক্তিও কার্য্যসাধ্য। কার্য্যযোগ ব্যতীত কেবল জ্ঞানে মুক্তি হয় না।

(১২) অর্থাৎ মীমাংসকগণের ঐ সকল কথা অর্থাৎ ঐরূপ নির্ণয় (শাস্ত্রে মোক্ষকামী পুরুষের উদ্দেশে জ্ঞানগুণের বিধান হইয়াছে; তৎক্রমে বা তাহারই অবলম্বন জন্য ব্রহ্ম বস্তু উপদিষ্ট হইয়াছে) এইরূপ এইরূপ কথা সঙ্গত বা যুক্তিযুক্ত নহে।

ফলে প্রত্যক্ষে সুখদুঃখে শরীরবাঙ্মনোভিরেবোপভুজ্যমানে বিষয়েন্দ্রিয়সংযোগজন্যে ব্রহ্মাদিষু স্থাবরান্তেষু প্রসিদ্ধে। মনুষ্যত্বাদারভ্য যাবৎস্যাব্রহ্মান্তেষু দেহবৎসু সুখতারতম্যমনু-

---

মানতন্ত্রত্বাদ্ভেদস্য ভিদ্যমানানাঞ্চ প্রত্যেকমেকত্বাৎ একাভাবে চানাশ্রয়স্য ভেদস্যাযোগাৎ একস্য চ ভেদানধীনত্বাৎ নায়ময়মিতি চ ভেদগ্রহস্য প্রতি-যোগিগ্রহসাপেক্ষত্বাদেকত্বগ্রহস্য চান্যানপেক্ষত্বাদভেদোপাদানৈবানির্ব্বচনীয়-ভেদকল্পনেতি সাম্প্রতম্। তথা চ শ্রুতিঃ। 'মৃত্তিকেত্যেব সত্য'মিতি। তস্মাৎ কূটস্থনিত্যতৈব পারমার্থিকী ন পরিণামিনিত্যতেতি সিদ্ধম্। "ব্যোম-বৎ" ইতি চ দৃষ্টান্তঃ পরসিদ্ধঃ। অস্মন্মতে তস্যাপি কার্য্যত্বেনানিত্যত্বাৎ। অত্র চ "কূটস্থনিত্য"মিতি নির্ব্বর্ত্যকর্ম্মতামপাকরোতি। "সর্ব্বব্যাপী"তি প্রাপ্যকর্ম্মতাম্, "সর্ব্ববিক্রিয়ারহিত"মিতি বিকার্য্যকর্ম্মতাম্, "নিরবয়ব"মিতি সংস্কার্য্যকর্ম্মতাম্। ব্রীহীণাং খলু প্রোক্ষণেন সংস্কারাখ্যোঽংশো যথা জন্যতে নৈবং ব্রহ্মণি কশ্চিদংশঃ ক্রিয়াধেয়োঽস্ত্যনবয়বত্বাৎ। অনংশত্বাদিত্যর্থঃ। পুরুষার্থতামাহ।—"নিত্যতৃপ্ত"মিতি। তৃপ্ত্যা দুঃখরহিতং সুখমুপলক্ষয়তি। ক্ষুদ্দুঃখনিবৃত্তিসহিতং হি সুখং তৃপ্তিঃ। সুখং চাপ্রতীয়মানং ন পুরুষার্থ ইত্যত আহ।—"স্বয়ংজ্যোতি"রিতি। তদেবং স্বমতেন মোক্ষাখ্যং ফলং নিত্যং শ্রুত্যাদিভিরুপপাদ্য ক্রিয়ানিষ্পাদ্যস্য তু মোক্ষস্যানিত্যত্বং প্রসঞ্জয়তি। —"তদ্বদি" ইতি। ন চাগমবাধঃ। আগমস্যোক্তেন প্রকারেণোপপত্তেঃ।

হইয়াছে। অর্থাৎ ঐ সূত্রের জিজ্ঞাস্য বা বিচার্য্য ধর্ম্ম, তাহা কায়িক বাচিক মানসিক ক্রিয়াবিশেষ ভিন্ন অন্য কিছু নহে। ধর্ম্মের ন্যায় অধর্ম্মও জিজ্ঞাস্য এবং তাহাও ঐ সূত্রে সূচিত হইয়াছে। ধর্ম্ম যেমন গ্রহণের জন্য বিচার্য্য, অধর্ম্মও তেমনি পরিহারের জন্য (ছাড়াইবার জন্য) বিচার্য্য। ধর্ম্ম যেমন যাগ দান প্রভৃতির বিধান অনুসারে লক্ষিত হয়, অধর্ম্মও তেমনি হিংসাদি-নিষেধ অনুসারে নির্ণীত হয়। সুতরাং শাস্ত্রের নিয়োগ (কর ও করো না এতদ্রূপ অনুমতি) উভয়েরই লক্ষণ, ইহা উক্ত সূত্রেই প্রতিপাদিত হই-য়াছে। ঐ দুএর অর্থাৎ নিয়োগলক্ষণে লক্ষিত অর্থানর্থ নামক ধর্ম্মাধর্ম্মের ফল সুখ ও দুঃখ। সে ফল বা সে সুখ দুঃখ সর্ব্বজীবের প্রত্যক্ষ। কেন না, শরীরের দ্বারা বাক্যের দ্বারা মনের দ্বারা উহার ভোগ ও বিষয়ে-ন্দ্রিয়সংযোগ দ্বারা উহার জন্ম বা আবির্ভাব হইতেছে। ব্রহ্ম হইতে স্থাবর পর্য্যন্ত সমস্ত জীবই ঐ দুই ফল (সুখ ও দুঃখ) জ্ঞাত আছে এবং শাস্ত্রেও শুনা

শ্রূয়তে। ততশ্চ তদ্ধেতোর্ধর্ম্মস্য তারতম্যং গম্যতে। ধর্ম্ম-তারতম্যাদধিকারিতারতম্যম্। প্রসিদ্ধঞ্চার্থিত্বসামর্থ্যাদিকৃত-মধিকারিতারতম্যম্। তথা চ যাগাদ্যনুষ্ঠায়িনামেব বিদ্যা-

---

অপি চ জ্ঞানজন্যাপূর্ব্বজনিতো মোক্ষো নৈয়োগিক ইত্যস্যার্থস্য সন্তি ভূয়স্যঃ শ্রুতয়ো নিবারিকা ইত্যাহ।—"অপি চ ব্রহ্ম বেদ" ইতি। অবিদ্যাদ্বয়প্রতিবন্ধাপনয়মাত্রেণ চ বিদ্যায়া মোক্ষসাধনত্বং ন স্বতো ঽপূর্ব্বোৎপাদেন চেত্যত্রাপি শ্রুতিমুদাহরতি।—"ত্বং হি নঃ পিতা" ইতি। ন কেবলমস্মিন্নর্থে শ্রুত্যাদয়োঽপি অক্ষপাদাচার্য্যসূত্রমপি ন্যায়মূলমস্তীত্যাহ।—"তথা চাচার্য্যপ্রণীত"-মিতি। আচার্য্যশ্চোক্তলক্ষণঃ পুরাণে।—

'আচিনোতি চ শাস্ত্রার্থমাচারে স্থাপয়ত্যপি।
স্বয়মাচরতে যস্মাদাচার্য্যস্তেন চোচ্যতে' ॥ ইতি।

তেন হি প্রণীতং সূত্রং "দুঃখজন্মপ্রবৃত্তিদোষামিথ্যাজ্ঞানানামুত্তরোত্তরাপায়ে তদনন্তরাপায়াদপবর্গ" ইতি। পাঠাপেক্ষয়া কারণমুত্তরং, কার্য্যঞ্চ পূর্ব্বং, কারণাপায়ে কার্য্যাপায়ঃ, কফাপায় ইব কফোদ্ভবস্য জ্বরস্যাপায়ঃ। জন্মাপায়ে দুঃখাপায়ঃ, প্রবৃত্ত্যপায়ে জন্মাপায়ঃ, দোষাপায়ে প্রবৃত্ত্যপায়ঃ, মিথ্যাজ্ঞানাপায়ে দোষাপায়ঃ। মিথ্যাজ্ঞানং চাবিদ্যা, রাগাদ্যুপজননক্রমেণ দৃষ্টৈনৈব সংসারস্য পরমং নিদানম্। সা চ তত্ত্বজ্ঞানেন ব্রহ্মাত্মৈকত্ববিজ্ঞানেনাবগতি-

---

যায় যে, ন্যূনাধিকাবশেষে ঐ দুএর (সুখ দুঃখের) তারতম্য আছে। [ততশ্চ... তারতম্যম্] সুখের তারতম্য (অল্পাধিক্য) থাকায় তাহার মূলকারণ ধর্ম্মেরও তারতম্য আছে, এবং ধর্ম্মের তারতম্য থাকায় তাহার উপার্জ্জক পুরুষেরও তারতম্য আছে। ইহা প্রসিদ্ধই আছে, অর্থাৎ ইহা সকলেই জানেন যে, অর্থিত্ব ও সামর্থ্য প্রভৃতি অনুসারেই অধিকারপ্রভেদ হয়। (১৩) [তথাচ... প্রসিদ্ধং] যাহারা জ্ঞানপূর্ব্বক যজ্ঞাদি করে, উপাসনা করে, জ্ঞানের বা

---

(১৩) সুখ দুঃখ সকলের সমান নহে, কামনাও সমান নহে, সকলে সকল ফল পায় না, সকলে সকল কার্য্যে ক্ষমবান্ হয় না, চিত্ত ও সুখসাধক দ্রব্যও সকলের সমান নহে। আকাঙ্ক্ষা থাকিলেও সকলে সকল উপার্জ্জন করিতে পারে না। ইহা দেখিয়া নিশ্চয় হয়, অধিকারী বা ধর্ম্ম করিবার লোক একরূপ নহে এবং তাহাদের অনুষ্ঠেয় ধর্ম্মও একরূপ নহে। সুখ দুঃখের তারতম্যই তন্মূলকারণ ধর্ম্মাধর্ম্মতারতম্যের অনুমাপক, ধর্ম্মাধর্ম্মের তারতম্য থাকাই তাহার অনুষ্ঠাতৃ পুরুষের তারতম্য বা প্রভেদ থাকার অনুমাপক। ফলিতার্থ এই যে, ধর্ম্ম একরূপ নহে অর্থাৎ সর্ব্বসাধারণ এক ধর্ম্ম নাই এবং সকলে সকল ধর্ম্ম উপার্জ্জন করিতে সক্ষম নহে।

সমাধিবিশেষাদুত্তরেণ পথা গমনম্। কেবলৈরিষ্টাপূর্ত্তদত্ত-সাধনৈর্ধূমাদিক্রমেণ দক্ষিণেন পথা গমনম্। তত্রাপি সুখ-তারতম্যং তৎসাধনতারতম্যঞ্চ শাস্ত্রাৎ যাবৎসম্পাতমুষিত্বে-

---

পর্য্যন্তেন বিরোধিনা নিবর্ত্ত্যতে। ততোঽবিদ্যানিবৃত্ত্যা ব্রহ্মরূপাবির্ভাবো মোক্ষঃ।) ন তু বিদ্যাকার্য্যস্তজ্জনিতাপূর্ব্বকার্য্যো বেতি সূত্রার্থঃ। তত্ত্ব-জ্ঞানান্মিথ্যাজ্ঞানাপায় ইত্যেতাবন্মাত্রেণ সূত্রোপন্যাসো, ন ত্বক্ষপাদসম্মতত্ত্ব-জ্ঞানমিহ সম্মতম্। তদনেনাচার্য্যান্তরসংবাদেনায়মর্থো দৃঢ়ীকৃতঃ। স্যাদে-তৎ। নৈকত্ববিজ্ঞানং স্থিতবস্তুবিষয়ং যেন মিথ্যাজ্ঞানং ভেদাবভাসং নিবর্ত্ত-য়ন্ন বিধিবিষয়োভবেৎ। অপিতু সম্পদাদিরূপম্। তথা চ বিধেঃ প্রাগপ্রাপ্তং পুরুষেচ্ছয়া কর্ত্তব্যং সৎ বিধিগোচরোভবিষ্যতি। যথা বৃত্ত্যনন্তত্বেন মনসো-বিশ্বদেবসাম্যাৎ বিশ্বান্ দেবান্ মনসি সম্পাদ্য মন আলম্বনমবিদ্যমানসমং কৃত্বা প্রাধান্যেন সম্পাদ্যানাং বিশ্বেষামেব দেবানামনুচিন্তনং তেন চানন্ত-লোকপ্রাপ্তিঃ। এবং চিদ্রূপসাম্যাজ্জীবস্য ব্রহ্মরূপতাং সম্পাদ্য জীবমালম্বন-

---

উপাসনার (চিত্তস্থৈর্য্যরূপ সমাধির) প্রভাবে তাহারা উত্তরমার্গ লাভ করে। (১৪) আর যাহারা কেবল ইষ্ট, পূর্ত্ত ও দত্ত কর্ম্ম করে, তাহারা ধূমাদিক্রমে দক্ষিণমার্গে চন্দ্রাদিলোকে গমন করে। (১৫) সেই সেই প্রাপ্য লোকের সুখ ও তৎপ্রাপক কর্ম্মসমূহ অত্যন্ত তরতমবিশিষ্ট ইহা "যাবৎ সম্পাতমুষিত্বা" ইত্যাদি শাস্ত্রের দ্বারা জানা যায়। (সর্ব্বত্রই সুখের উৎ-কর্ষাপকর্ষ আছে সুতরাং তৎপ্রাপক কর্ম্মেরও তারতম্য আছে)। মনুষ্য

---

(১৪) উত্তরমার্গ = দেবযান-পথ বা ক্রমমুক্তিস্থান লাভ। প্রথমে সৌরতেজঃপ্রাপ্তি, তৎ-পরে সূর্য্যলোক গতি, তথা হইতে ব্রহ্মলোক, ব্রহ্মলোকভোগান্তে মুক্তি। এইরূপ ক্রম-গতির নাম ক্রমমুক্তিস্থানলাভ, উত্তরমার্গগতি ও দেবযান গতি।

(১৫) অগ্নিহোত্র, তপস্যা, সত্যনিষ্ঠতা, বেদাভ্যাস, অতিথিসৎকার, বলিকর্ম্ম বা সর্ব্বভূতের ও দেবতার উদ্দেশে অন্ন দান,—এই সকল কর্ম্ম "ইষ্ট" নামে বিখ্যাত। সর্ব্বভূতের উপকারার্থ বাপী, কূপ, তড়াগ ও পুষ্করিণী খনন, দেবালয়াদিপ্রতিষ্ঠা, অন্নচ্ছত্র বা ধর্ম্মশালা স্থাপন, উপবন স্থাপন বা বৃক্ষপ্রতিষ্ঠা,—এই সকল কর্ম্মের নাম "পূর্ত্ত"। অভয়দান বা শরণাগত রক্ষা, হিংসা ত্যাগ, যজ্ঞাদি উপলক্ষ্য ব্যতিরেকে ধন দান,—এ সকল "দত্তকর্ম্ম" নামে খ্যাত. এ সকল কার্য্যে জ্ঞানের, সমাধির ও উপাসনার যোগ নাই, তজ্জন্য এতৎকর্ম্মকারীরা দক্ষিণমার্গে গমন করে অর্থাৎ চন্দ্রাদিলোকে বা স্বর্গলোকে গিয়া উদ্ভূত হয়। স্বর্গলোকগতির ক্রম এই গ্রন্থের অন্য স্থানে লিখিত হইবে। স্বর্গলোকগামীরা ভোগান্তে পুনর্ব্বার মর্ত্ত্যলোকে আইসে, ইহা শ্রুতি যুক্তি উভয় প্রমাণে প্রমিত।

ত্যস্মাৎ গম্যতে। তথা মনুষ্যাদিষু নারকিস্থাবরান্তেষু সুখ-লবশ্চোদনালক্ষণধর্ম্মসাধ্য এবেতি গম্যতে তারতম্যেন বর্ত্তমানঃ। তথোর্দ্ধগতেষধোগতেষু চ দেহবৎসু দুঃখতারতম্য-দর্শনাত্তদ্ধেতোরধর্ম্মস্য প্রতিষেধচোদনালক্ষণস্য তদনুষ্ঠায়ি-

---

মবিদ্যমানসমং কৃত্বা প্রাধান্যেন ব্রহ্মানুচিন্তনং তেন চামৃতত্বফলপ্রাপ্তিঃ। অধ্যাসে ত্বালম্বনস্যৈব প্রাধান্যেনারোপিতত্তদ্ভাবস্যানুচিন্তনং যথা মনো-ব্রহ্মেত্যুপাসীত আদিত্যো ব্রহ্মেত্যাদেশ এবং জীবমব্রহ্ম ব্রহ্মেত্যুপাসীতেতি। ক্রিয়াবিশেষযোগাদ্বা। যথা বায়ুর্ব্বাব সম্বর্গঃ প্রাণো বাব সম্বর্গঃ। বাহ্যা-খলু বায়ুদেবতা বহ্ন্যাদীন্ সংবৃংক্তে। মহাপ্রলয়সময়ে হি বায়ুর্ব্বহ্ন্যাদীন্ সংবৃজ্য সংহৃত্যাত্মনি স্থাপয়তি। যথাহ দ্রবিড়াচার্য্যঃ 'সংহরণাদ্বা সংবরণাদ্বা স্বাত্মীভাবাদ্বা বায়ুঃ সংবর্গ' ইতি। অধ্যাত্মঞ্চ প্রাণঃ সংবর্গ ইতি। স হি সর্ব্বাণি বাগাদীনি সংবৃংক্তে। প্রায়ণকালে হি স এব সর্ব্বাণীন্দ্রিয়াণি সংগৃ-হ্যোৎক্রামতীতি। সেয়ং সংবর্গদৃষ্টির্ব্বায়ৌ প্রাণে চ দশাশাগতং জগদ্দর্শয়তি যথা এবং জীবাত্মনি বৃংহণক্রিয়য়া ব্রহ্মদৃষ্টিরমৃতত্বায় ফলায় কল্পত ইতি। তদেতেষু ত্রিষপি পক্ষেম্বাত্মদর্শনোপাসনাদয়ঃ প্রধানকর্ম্মাণ্যপূর্ব্ববিষয়ত্বাৎ স্তুতশস্ত্রবৎ। আত্মা তু দ্রব্যং কর্ম্মণি গুণভূত ইতি সংস্কারো বাত্মনোদর্শনং বিধীয়তে। যথা দর্শপূর্ণমাসপ্রকরণে পত্ন্যবেক্ষিতমাজ্যং ভবতীতি সমাম্নাতং প্রকরণিনা চ গৃহীতমুপাংশুযাজাঙ্গভূতাজ্যদ্রব্যসংস্কারতয়াঽবেক্ষণং গুণকর্ম্ম বিধীয়তে এবং কর্ত্তৃত্বেন ক্রত্বঙ্গভূতে আত্মন্যাত্মা বা অরে দ্রষ্টব্য ইতি দর্শনং গুণকর্ম্ম বিধীয়তে। 'যৈস্তু দ্রব্যং চিকীর্ষ্যতে গুণস্তত্র প্রতীয়ত' ইতি ন্যায়াৎ।

প্রভৃতি উচ্চ জীব, অধম নারকী জীব ও অত্যধম স্থাবর জীব, সকলেই উক্ত ক্রমে অর্থাৎ অল্পাধিকপ্রকারে কিছু না কিছু সুখ অনুভব করিয়া থাকে এবং তাহাদের সে সুখ বা সেরূপ সুখভোগ বৈধকর্ম্মের (ধর্ম্মের) ফল ভিন্ন অন্য কিছু নহে। কি উর্দ্ধলোকবাসী কি মধ্যলোকবাসী কি অধোলোক-বাসী, সকলেরই অল্পাধিকপ্রকার দুঃখ আছে, পরন্তু তাহাদের সে দুঃখ বা তদ্রূপ দুঃখভোগ নিষেধচোদনবোধ্য অধর্ম্মের (হিংসাদির) ফল ভিন্ন অন্য কিছু নহে। সিদ্ধান্ত হইল যে, সুখ দুঃখের প্রভেদ থাকায়, একরূপতা না থাকায়, তাহার মূল কারণ ধর্ম্মাধর্ম্মের প্রভেদ আছে এবং ধর্ম্মা-ধর্ম্মের প্রভেদ বা নানাত্ব থাকায় তাহার উপার্জ্জক পুরুষের অর্থাৎ অধি-

নাঞ্চ তারতম্যং গম্যতে। এবমবিদ্যাদিদোষবতাং ধর্ম্মাধর্ম্ম-তারতম্যনিমিত্তং শরীরোপাদানপূর্ব্বকং সুখদুঃখতারতম্য-মনিত্যংসংসাররূপং শ্রুতিস্মৃতিন্যায়প্রসিদ্ধম্। তথা চ শ্রুতিঃ

অত আহ।—"ন চেদং ব্রহ্মাত্মৈকত্ববিজ্ঞান"মিতি। কুতঃ, "সম্পদাদিরূপে হি ব্রহ্মাত্মৈকত্ববিজ্ঞান" ইতি। দর্শপূর্ণমাসপ্রকরণে হি সমাম্নাতমাজ্যা-বেক্ষণং তদঙ্গভূতাজ্যসংস্কার ইতি যুজ্যতে। ন চাত্মা বা অরে দ্রষ্টব্য ইত্যাদি কস্যচিৎ প্রকরণে সমাম্নাতম্। ন চানারভ্যাধীতমপি। যস্য পর্ণময়ী জুহূ-র্ভবতীত্যব্যভিচরিতক্রতুসম্বন্ধজুহূদ্বারেণ জুহূপদং ক্রতুং স্মারয়ৎ বাক্যেন যথা পর্ণতায়াঃ ক্রতুশেষভাবমাপাদয়তি এবমাত্মা নাব্যভিচরিতক্রতুসম্বন্ধোযেন তদ্দর্শনং ক্রত্বঙ্গং সৎ আত্মানং ক্রত্বর্থং সংস্কুর্য্যাৎ। তেন যদ্যয়ং বিধিস্তথাপি সুবর্ণং ভার্য্যমিতিবৎ বিনিয়োগভঙ্গেন প্রধানকর্ম্মৈবাপূর্ব্ববিষয়ত্বান্ন গুণ-কর্ম্মেতি স্ববীয়স্তয়ৈতদ্দূষণমনভিধায় সর্ব্বপক্ষসাধারণং দূষণমুক্তম্। তদতি-রোহিতার্থতয়া ন ব্যাখ্যাতম্। কিঞ্চ জ্ঞানক্রিয়াবিষয়ত্ববিধানমস্য বহুশ্রুতি-বিরুদ্ধমিত্যাহ।—"ন চ বিদিক্রিয়া" ইতি। শঙ্কতে।—"অবিষয়ত্ব" ইতি। ততশ্চ শাস্ত্রিকর্ম্মণি বেতালোদয় ইতি ভাবঃ। নিরাকরোতি "ন"। কুতঃ। "অবিদ্যাকল্পিতভেদনিবৃত্তিবিষয়ত্বাৎ" ইতি। সর্ব্বমেব হি বাক্যং নেদন্তয়া বস্তুভেদং বোধয়িতুমর্হতি ন হীক্ষুক্ষীরগুড়াদীনাং মধুররসভেদঃ শক্য আখ্যা-তুম্। এবমন্যত্রাপি সর্ব্বত্র দ্রষ্টব্যম্। তেন প্রমাণান্তরসিদ্ধে লৌকিক এবার্থে যদা গতিরীদৃশী শব্দস্য তদা কৈব কথা প্রত্যগাত্মন্যলৌকিকে। অদূরবিপ্রকর্ষেণ তু কথঞ্চিৎ প্রতিপাদনমিহাপি সমানম্। ত্বং পদার্থোহি প্রমাতা প্রমাণাধীনয়া প্রমিত্যা প্রমেয়ং ঘটাদি ব্যাপ্নোতীত্যবিদ্যাবিলসিতম্। তদস্যা বিষয়ীভূতোদাসীনতৎপদার্থপ্রত্যগাত্মসামানাধিকরণ্যেন প্রমাতৃত্বা-ভাবাৎ তন্নিবৃত্তৌ প্রমাণাদয়স্তিস্রোবিধা নিবর্ত্তন্তে। ন হি পক্তুরবস্থত্বে পাক্যপাকপচনানি বস্তুসন্তি ভবিতুমর্হন্তীতি। তথাহি।—

কারি পুরুষের প্রভেদ আছে)। কথিত প্রকারে, অবিদ্যাদি (১৬) দোষ-দূষিত দেহধারী জীবের ধর্ম্মাধর্ম্মের তারতম্য বা প্রভেদ থাকাতেই তাহাদের দেহের ও সুখ দুঃখের তারতম্য হইয়া থাকে। ঈদৃশ বিচিত্র প্রভেদযুক্ত সুখ-দুঃখ-মোহ-ভোগ হওয়ার নাম সংসার, ইহা শ্রুতি-স্মৃতি-যুক্তি, সর্ব্বত্রই প্রথিত। [তথাহি...অনুবদতি] শ্রুতি "শরীরযুক্ত সৎ (আত্মা) প্রিয়া

(১৬) অবিদ্যা, কাম, কর্ম্ম, রাগ, দ্বেষ, অভিনিবেশ প্রভৃতি।

"ন হ বৈ সশরীরস্য সতঃ প্রিয়াপ্রিয়য়োরপহতিরস্তি" ইতি যথাবর্ণিতং সংসাররূপমনুবদতি। "অশরীরং বাব সন্তং ন প্রিয়াপ্রিয়ে স্পৃশত" ইতি প্রিয়াপ্রিয়স্পর্শনপ্রতিষেধা-চ্চোদনালক্ষণধর্ম্মকার্য্যত্বং মোক্ষাখ্যস্যাশরীরত্বস্য প্রতিষিধ্যত ইতি গম্যতে। ধর্ম্মকার্য্যত্বে হি প্রিয়াপ্রিয়স্পর্শনপ্রতি-

---

বিগলিতপরাগ্বৃত্ত্যর্থত্বং যদস্য তদস্তদা
ত্বমিতি হি পদেনৈকার্থত্বে ত্বমিত্যপি যৎ পদম্।
তদপি চ তদা গত্বৈকার্থ্যং বিশুদ্ধচিদাত্মতাং
ত্যজতি সকলান্ কর্ত্তৃত্বাদীন্ পদার্থমলান্নিজান্॥

ইত্যান্তরশ্লোকঃ। অত্রৈবার্থে শ্রুতীরুদাহরতি।—"তথা চ শাস্ত্রং, যস্যা মত"মিতি। প্রকৃতমুপসংহরতি।—"অতোঽবিকল্পিত" ইতি। পরপক্ষে মোক্ষস্যানিত্যতামাপাদয়তি।—"যস্য তু" ইতি। কার্য্যমপূর্ব্বং যাগাদিব্যাপার-জন্যং তদপেক্ষতে মোক্ষঃ স্বোৎপত্তাবিতি। "তয়োঃ পক্ষয়ো"রিতি। নির্ব্বর্ত্ত্যবিকার্য্যয়োঃ। ক্ষণিকং জ্ঞানমাত্মেতি বৌদ্ধাঃ। তথা চ বিশুদ্ধ-বিজ্ঞানোৎপাদো মোক্ষ ইতি নির্ব্বর্ত্ত্যো মোক্ষঃ। অন্যেষান্তু সংসাররূপাবস্থা-মপহায় যা কৈবল্যাবস্থাবাপ্তিরাত্মনঃ স মোক্ষ ইতি বিকার্য্যো মোক্ষঃ। যথা পয়সঃ পূর্ব্বাবস্থাপ্রহানেনাবস্থান্তরপ্রাপ্তির্ব্বিকারো দধীতি। তদেতয়োঃ পক্ষ-য়োরনিত্যতা মোক্ষস্য কার্য্যত্বাৎ দধিঘটাদিবৎ। অত 'যদতঃ পরো দিবো জ্যোতির্দীপ্যত' ইতি শ্রুতেব্র্হ্মণো বিকৃতাবিকৃতদেশভেদাবগমাদবিকৃতদেশ-ব্রহ্মপ্রাপ্তিরুপাসনাদিবিধিকার্য্যা ভবিষ্যতি। তথা চ প্রাপ্যকর্ম্মতা ব্রহ্মণ ইত্যত আহ।—"ন চাপ্যত্বেনাপি" ইতি। অন্যদন্যেন বিকৃতদেশপরিহাণ্যা-ঽবিকৃতদেশং প্রাপ্যতে। তদ্‌যথোপবেলং জলধিরতিবহলচপলকল্লোলমালা-

---

প্রিয়ের হস্ত হইতে পরিত্রাণ পান না।" এইরূপ এইরূপ কথায় পূর্ব্ববর্ণিত সংসারের স্বরূপ অনুবাদ করিয়াছেন। [অশরীরং...গম্যতে] অপিচ, "প্রিয় ও অপ্রিয়, পুণ্য ও পাপ, সুখ অথবা দুঃখ, এ সকল অশরীর সৎকে (শরীরাভিমান শূন্য পরমাত্মাকে) স্পর্শ করে না।" এই শ্রুতিতে অশরীর আত্মার প্রিয়াপ্রিয়স্পর্শ নিষেধ থাকায় স্থির হইতেছে যে, মোক্ষ নামক অশরীর চোদনালক্ষণ ধর্ম্মের (বিধিবোধিত কর্ম্মের) কার্য্য বা উৎপাদ্য নহে। [ধর্ম্ম···নোপপদ্যতে] অশরীরে বা মোক্ষে ধর্ম্মকার্য্যতা আছে,

ষে নোপপদ্যতে। অশরীরত্বমেব ধর্ম্মকার্য্যমিতি চেন্ন তস্য স্বাভাবিকত্বাৎ। অশরীরং শরীরেষু অনবস্থেষ্ববস্থিতং, মহান্তং বিভুমাত্মানং মত্বা ধীরো ন শোচতি, অপ্রাণোহ্যমনাঃ শুভ্রঃ, অসঙ্গোহ্যয়ং পুরুষ ইত্যাদি শ্রুতিভ্যঃ। অতএবানুষ্ঠেয়ফলবিলক্ষণং মোক্ষাখ্যমশরীরত্বং নিত্যমিতি সিদ্ধম্।

পরস্পরাস্ফালনসমুল্লসৎফেনপুঞ্জস্তবকতয়া বিকৃতোমধ্যে তু প্রশান্তসকলকল্লোলোপসর্গঃ স্বস্থঃ স্থিরতয়াঽবিকৃতস্তস্য মধ্যমবিকৃতং পৌতিকঃ পোতেন প্রাপ্নোতি। জীবস্তু ব্রহ্মৈবেতি কিং কেন প্রাপ্যতাং, ভেদাশ্রয়ত্বাৎ প্রাপ্তেরিত্যর্থঃ। অথ জীবোব্রহ্মণোভিন্নস্তথাপি ন তেন ব্রহ্মাপ্যতে ব্রহ্মণোবিভুত্বেন নিত্যপ্রাপ্তত্বাদিত্যাহ।—"স্বরূপব্যতিরিক্তত্বেঽপি" ইতি। সংস্কার্য্যকর্ম্মতামপাকরোতি।—"নাপি সংস্কার্য্য" ইতি। দ্বয়ী হি সংস্কার্য্যতা গুণাধানেন বা যথা বীজপূরকুসুমস্য লাক্ষারসাবসেকস্তেন হি তৎ কুসুমং সংস্কৃতং লাক্ষাসবর্ণং ফলং প্রসূতে। দোষাপনয়েন বা যথা মলিনমাদর্শতলং নিঘৃষ্টমিষ্টকাচূর্ণেনোল্লাসিতভাস্বরত্বং সংস্কৃতং ভবতি। তত্র ন তাবৎ ব্রহ্মণি গুণাধানং সম্ভ-

---

এরূপ বলিতে গেলে, পূর্ব্বোক্ত প্রিয়াপ্রিয় স্পর্শনিষেধ—পুণ্য পাপ না থাকার কথা—অযুক্ত ও অসঙ্গত হইয়া পড়ে। [অশরীরত্ব...শ্রুতিভ্যঃ] যদি বল, অশরীরত্বই ধর্ম্মের কার্য্য বা ফল—ধর্ম্মের দ্বারাই অশরীরতা (মোক্ষ) জন্মে,—তাহা বলিতে পার না। কেন না, তাহা (অশরীরত্ব) স্বাভাবিক বা স্বতঃসিদ্ধ। তাহা জন্মে না, সর্ব্বদা বা সর্ব্বকালেই তাহা আছে। এ সিদ্ধান্ত "ধীর ব্যক্তি শরীরে অশরীর, বহু অনিত্য দেহে এক, নিত্য, মহান্ ও পরম বিভু আত্মাকে (আপনাকে) মনন করিয়া—মনের দ্বারা অবগত হইয়া—শোকশূন্য বা শোকোপলক্ষিতসংসারশূন্য হন।" "অপ্রাণ, অমনঃ ও শুভ্র অর্থাৎ পুণ্যপাপের অতীত।" "এই পুরুষ বা আত্মা অসঙ্গস্বভাব অর্থাৎ ইঁনি কিছুতেই লিপ্ত হন না।" ইত্যাদিবিধ শ্রুতির দ্বারা লব্ধ হয়। [অতএব...সিদ্ধম্] প্রদর্শিত শ্রুতি যুক্তির দ্বারা ইহাই সিদ্ধ হইতেছে যে, মোক্ষ নামক আত্যন্তিক অশরীরত্ব স্বতঃসিদ্ধ—তাহা সর্ব্বদা বা সর্ব্বকালেই আছে (১৭)—তজ্জন্য তাহা অনুষ্ঠেয়কর্ম্মের ফল বা উৎপাদ্য নহে—কর্ম্ম ও

---

(১৭) সিদ্ধ থাকিলেও তদ্বিষয়ক জ্ঞানের অভাব আছে। ফলতঃ, জানা না থাকাতেই নানা আপত্তি—জানিতে পারিলে সমস্ত ভ্রম বিদূরিত হয়।

তত্র কিঞ্চিৎ পরিণামি নিত্যং স্যাৎ, যথা যস্মিন্ বিক্রিয়মাণেঽপি তদেবেদমিতি বুদ্ধির্ন বিহন্যতে যথা পৃথিব্যাদি জগন্নিত্যত্ববাদিনাং যথা চ সাংখ্যানাং গুণাঃ। ইদন্তু পারমার্থিকং কূটস্থং নিত্যং ব্যোমবৎ সর্ব্বব্যাপি সর্ব্ববিক্রিয়ারহিতং নিত্যতৃপ্তং নিরবয়বং স্বয়ঞ্জ্যোতিঃস্বভাবং, যত্র

বতি। গুণো হি ব্রহ্মণঃ স্বভাবো বা ভিন্নো বা। স্বভাবশ্চেৎ কথমাধেয়স্তস্য নিত্যত্বাৎ। ভিন্নত্বে তু কার্য্যত্বেন মোক্ষস্যানিত্যত্বপ্রসঙ্গঃ। ন চ ভেদে ধর্ম্মধর্ম্মিভাবো গবাশ্ববৎ। ভেদাভেদশ্চ ব্যাহতত্বাৎ বিরোধাৎ। তদনেনাঽভিসন্ধিনোক্তম্। "অনাধেয়াতিশয়ব্রহ্মস্বরূপত্বান্মোক্ষস্য"। দ্বিতীয়ং পক্ষমপক্ষিপতি।—"নাপি দোষাপনয়নেন" ইতি। অশুদ্ধিঃ সতী দর্পণে নিবর্ত্ততে। ন তু ব্রহ্মণ্যসতী নিবর্ত্তনীয়া নিত্যনিবৃত্তত্বাদিত্যর্থঃ। শঙ্কতে।—"স্বাত্মধর্ম্ম এব" ইতি। ব্রহ্মস্বভাব এব মোক্ষোঽনাদ্যবিদ্যামলাবৃত উপাসনাদিক্রিয়য়াত্মনি সংস্ক্রিয়মাণেঽভিব্যজ্যতে ন তু ক্রিয়তে। এতদুক্তং ভবতি।—নিত্যশুদ্ধত্বমাত্মনোঽসিদ্ধং সংসারাবস্থায়ামবিদ্যামলিনত্বাদিতি। শুদ্ধাং নিরাকরোতি।—"ন"। কুতঃ। "ক্রিয়াশ্রয়ত্বানুপপত্তেঃ"। নাঽবিদ্যা ব্রহ্মাশ্রয়া কিন্তু জীবে সা ত্বনির্ব্বচনীয়েত্যুক্তং তেন নিত্যশুদ্ধমেব ব্রহ্ম। অভ্যুপেত্য ত্বশুদ্ধিং ক্রিয়াসংস্কার্য্যত্বং দূষ্যতে। ক্রিয়া হি ব্রহ্মসমবেতা বা ব্রহ্ম সংস্কুর্য্যাৎ যথা ঘর্ষণমিষ্টকাচূর্ণসংযোগবিভাগপ্রচয়োনিরন্তর আদর্শতলসমবেতো বা। ন ব্রহ্মধর্ম্মঃ ক্রিয়া। তস্যাঃ স্বাশ্রয়বিকারহেতুত্বেন ব্রহ্মণোনিত্যত্বব্যাঘাতাৎ।

কর্ম্মফল হইতে তাহা অত্যন্ত ভিন্ন। [তত্র…শ্রুতিভ্যঃ] নিত্য দ্বিবিধ। এক পরিণামী নিত্য, অপর কূটস্থ নিত্য। বিকৃত হইলেও, অন্যথা প্রাপ্ত হইলেও, যাহাতে "সেই অমুক এই" এতদ্রূপ বুদ্ধি থাকে, তাহা পরিণামী নিত্য। সাংখ্যের প্রকৃতি ও জগন্নিত্যবাদীর জগৎ পরিণামিনিত্য। (পরিণামি পদার্থের নিত্যতা প্রত্যভিজ্ঞাকল্পিত অর্থাৎ সাদৃশ্যমূলক ভ্রম, সুতরাং সে নিত্য প্রকৃত বা পরম নিত্য নহে। (১৮) মোক্ষ নামক অশরীরত্ব সেরূপ নিত্য নহে। অশরীরত্ব আত্মার স্বরূপ ও কূটস্থ-নিত্য। (কূটস্থ নিত্য ও নির্ব্বিকার-নিত্য সমান কথা)। তাহার হেতু এই যে, ইনি আকাশের ন্যায় বিভু অর্থাৎ সর্ব্বব্যাপী—সর্ব্বপ্রকার-বিকার-রহিত—নিত্যতৃপ্ত—নিরবয়ব

(১৮) প্রত্যভিজ্ঞা—দৃষ্ট পদার্থে সোঽয়ং জ্ঞান। ইহা স্মৃতি ও জ্ঞানের সদৃশ। স্মর্য্যমাণ বস্তু উপস্থিত থাকিলে প্রত্যভিজ্ঞা, অনুপস্থিত থাকিলে স্মৃতি।

ধর্ম্মাধর্ম্মৌ সহ কার্য্যেণ কালত্রয়ঞ্চ নোপাবর্ত্ততে তদশরীরং মোক্ষাখ্যম্। অন্যত্র ধর্ম্মাদন্যত্রাধর্ম্মাদন্যত্রাস্মাৎ কৃতাকৃতা-দন্যত্র ভূতাচ্চ ভব্যাচ্চ, ইত্যাদিশ্রুতিভ্যঃ। অতস্তদ্ব্রহ্ম যস্যেয়ং জিজ্ঞাসা প্রস্তুতা। তদ্যদি কর্ত্তব্যশেষত্বেনোপ-দিশ্যতে তেন চ কর্ত্তব্যেন সাধ্যশ্চেন্মোক্ষোঽভ্যুপগম্যতে অনিত্য এব স্যাৎ। তত্রৈবং সতি যথোক্তকর্ম্মফলেষ্বেব তারতম্যাবস্থিতেষ্বনিত্যেষু কশ্চিদতিশয়ো মোক্ষ ইতি প্রস-জ্যেত। নিত্যশ্চ মোক্ষঃ সর্ব্বৈর্মোক্ষবাদিভিরভ্যুপগম্যতে। অতো ন কর্ত্তব্যশেষত্বেন ব্রহ্মোপদেশো যুক্তঃ। অপি চ, ব্রহ্ম-

---

অন্যাশ্রয়া তু কথঞ্চিদ্ব্যস্যোপকরোতি অতিপ্রসঙ্গাৎ। ন হি দর্পণে নিয়ম্য-মানে মণির্বিশুদ্ধো দৃষ্টঃ। "তচ্চানিষ্ট মিতি তদা বাধনং পরামৃশতি। অত্র

এবং স্বয়ংজ্যোতিঃস্বভাব অর্থাৎ স্বাধীনপ্রকাশস্বরূপ সুতরাং ইহাঁতে কোনও কালে ধর্ম্মাধর্ম্ম এতদুভয়ের কার্য্য প্রক্রান্ত হয় না। তাহাই মোক্ষ নামক অশরীরত্ব—যাহা শ্রুতিতে ধর্ম্মাতীত, অধর্ম্মাতীত, কার্য্যাতীত, অকার্য্যা-তীত, ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানপদার্থাতীত" ইত্যাদিপ্রকারে অভিহিত হইয়াছে। [অতঃ...স্যাৎ] ঐ ঐ হেতুতে নির্ণীত হয় যে, তাহাই ব্রহ্ম—যদ্বিষয়ক জিজ্ঞাসা বা বিচার এ শাস্ত্রে প্রক্রান্ত হইয়াছে, সেই জিজ্ঞাস্য ব্রহ্ম যদি শ্রুতিতে ক্রিয়াঙ্গরূপে উপদিষ্ট হইয়া থাকেন, এবং মোক্ষ যদি সেই ক্রিয়ার সাধ্য বা উৎপাদ্য হয়, তাহা হইলে অবশ্যই স্বীকার করিতে হইবে যে, মোক্ষতত্ত্ব অনিত্য। [তত্রৈবং...প্রসজ্যেত] ব্রহ্ম ক্রিয়াঙ্গ, মোক্ষ তাহার (সেই ক্রিয়া) উৎপাদ্য, এই কথার দ্বারা ইহাই পাওয়া যাইতেছে যে, অল্পাধিকভাবে ব্যবস্থিত অনিত্য কর্ম্মফলের মধ্যে মোক্ষ এক প্রকার অতিশয় বা উৎকর্ষ। (উৎকৃষ্ট কর্ম্মফল)। [নিত্যশ্চ...ভ্যুপগম্যতে] কিন্তু মোক্ষবাদী মাত্রেই মোক্ষকে নিত্য বলিয়া জানেন, জন্য বলিয়া জানেন না। [অতো...যুক্তঃ] তদনুসারে ইহাই বলা উচিত যে, ব্রহ্ম ক্রিয়াবিধির অঙ্গ নহেন এবং শাস্ত্রেও তিনি ক্রিয়াঙ্গরূপে উপদিষ্ট হন নাই। [অপি...বারয়ন্তি] আরও দেখ, "ব্রহ্মজ্ঞ পুরুষ ব্রহ্ম হন।" "পরাবর পরমাত্মার দর্শন পাইলে সমস্ত কর্ম্মফল (পুণ্যপাপ) ক্ষয়

বেদ ব্রহ্মৈব ভবতি, ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে, আনন্দং ব্রহ্মণোবিদ্বান্ ন বিভেতি কুতশ্চনেতি, অভয়ং বৈ জনক ! প্রাপ্তোঽসি, তদাত্মানমেবাবেদহং ব্রহ্মাস্মীতি তস্মাৎ তৎ সর্ব্বমভবৎ, তত্র কোমোহঃ কঃ শোক-একত্বমনুপশ্যতঃ, ইত্যেবমাদ্যাঃ শ্রুতয়োব্রহ্মবিদ্যানন্তরং মোক্ষং দর্শয়ন্ত্যোমধ্যে তৎকর্ত্তৃকং কার্য্যান্তরং বারয়ন্তি। তথা, তদ্ধৈতৎ পশ্যন্নৃষির্ব্বামদেবঃ প্রতিপেদে অহং মনুরভবং সূর্য্যশ্চেতি, ব্রহ্মদর্শনসর্ব্বাত্মভাবয়োর্ম্মধ্যে কর্ত্তব্যান্তরবারণায়োদাহার্য্যম্। যথা তিষ্ঠন্ গায়তীতি তিষ্ঠতিগায়ত্যোর্ম্মধ্যে তৎকর্ত্তৃকং কার্য্যান্তরং নাস্তীতি গম্যতে। ত্বং হি নঃ পিতা যোঽস্মাকমবিদ্যায়াঃ পরং পারং তারয়সি, শ্রুতং হ্যেব মে ভগবদ্দৃশেভ্যস্তরতি শোকমাত্মবিদিতি, সোঽহং

ব্যভিচারং চোদয়তি।—"নন্থ দেহাশ্রয়" ইতি। পরিহরতি।—"ন, দেহসংহতস্য" ইতি। অনাদ্যনির্ব্বাচ্যাবিদ্যাপধানমেব ব্রহ্মণোজীব ইতি চ

প্রাপ্ত হয়।" "ব্রহ্মানন্দ সাক্ষাৎকার হইলে কিছু হইতে ভয় থাকে না।" হে জনক। তুমি অভয় পদ পাইযাছ।" "তিনি আপনাকে 'আমিই ব্রহ্ম' এই রূপে প্রত্যক্ষ করিয়াছিলেন, সেই জন্যই তিনি সর্ব্বময় হইযাছিলেন।" "মোক্ষকালে বা স্বরূপাবস্থানকালে একত্বদর্শীর আবার শোক মোহ কি? অর্থাৎ তৎকালে কিছুই থাকে না।" এই সকল শ্রুতি ব্রহ্মজ্ঞানের পর মোক্ষ হয় এবং মোক্ষ কালে তাহার কার্য্যান্তর থাকে না, এই তত্ত্বই ব্যক্ত করিতেছে। [তথা...গম্যতে] এতদ্ভিন্ন, "বামদেব ঋষি আত্মসাক্ষাৎকারের পর দেখিয়াছিলেন, আমিই মনু, আমি সূর্য্য," ইত্যাদি ইত্যাদি অন্যান্য শ্রুতিও ব্রহ্মজ্ঞানের পর সর্ব্বাত্মপ্রাপ্তির মধ্যে কার্য্যান্তর না থাকার উদাহরণ দিতে পার। যেমন দাঁড়াইয়া গান করিতেছে, এতদ্রূপ স্থলে স্থিতি ক্রিয়া ও গান এই দু-এর মধ্যে কার্য্যান্তর নিষেধ বা কার্য্যান্তর না থাকা বুঝা যায়, সেই রূপ। [ত্বং হি...দর্শয়ন্তি] অপিচ, "তুমিই আমাদের পিতা; কেন না তুমিই আমাদিগকে অবিদ্যার পরপারে আনিযাছ।" "হে ভগবন্, আমি ঋষিদিগের নিকট শুনিযাছি, আত্মজ্ঞ ব্যক্তি শোক হইতে উত্তীর্ণ

ভগবঃ শোচামি তন্মা ভগবাঞ্ছোকস্য পারন্তারয়ত্বিতি, তস্মৈ মৃদিতকষায়ায় তমসঃ পারং দর্শয়তি ভগবান্ সনৎকুমার ইতি চৈবমাদ্যাঃ শ্রুতয়োমোক্ষপ্রতিবন্ধনিবৃত্তিমাত্রমেবাত্মজ্ঞানস্য ফলং দর্শয়ন্তি। তথা চাচার্য্যপ্রণীতং ন্যায়োপবৃংহিতং সূত্রং, দুঃখজন্মপ্রবৃত্তিদোষমিথ্যাজ্ঞানানামুত্তরোত্তরাঽপায়ে তদনন্তরাপায়াদপবর্গ ইতি। মিথ্যাজ্ঞানাপায়শ্চ ব্রহ্মাত্মৈক্য-বিজ্ঞানাদ্ভবতি। ন চেদং ব্রহ্মাত্মৈকত্ববিজ্ঞানং সম্পদ্রূপং, যথা, অনন্তং বৈ মনোঽনন্তা বৈ বিশ্বেদেবা অনন্তমেব স তেন

ক্ষেত্রজ্ঞ ইতি চাচক্ষতে। স চ স্থূলসূক্ষ্মশরীরেন্দ্রিয়াদিসংহতস্তৎসঙ্ঘাতমধ্য-পতিতস্তদভেদেনাহমিতিপ্রত্যয়বিষয়ীভূতোঽতঃ শরীরাদিসংস্কারঃ শরীরাদি-ধর্ম্মোপ্যাত্মনো ভবতি তদভেদাধ্যবসায়াৎ। যথাঽঙ্গরাগধর্ম্মঃ সুগন্ধিতা কামি-

---

হন।" "হে ঐশ্বর্য্যশালিন্! আমি অত্যন্ত শোকসন্তপ্ত; আমাকে আপনি শোক হইতে উত্তীর্ণ করুন।" "ভগবান্ সনৎকুমার সেই মৃদিত কষায় অর্থাৎ শুদ্ধচিত্ত ব্রাহ্মণকে অজ্ঞানের পর পার দেখাইলেন।" এই সকল শ্রুতি কেবলমাত্র মুক্তিপ্রতিবন্ধক অজ্ঞানের নিবৃত্তি হওয়াই আত্মজ্ঞানের ফল বলিয়া উল্লেখ করিয়াছেন। (ফলিতার্থ এই যে, আত্মজ্ঞানের দ্বারা মুক্তিনামক কোন পদার্থ জন্মে না। মুক্তি আছেই, অজ্ঞানে তাহা আবৃত রাখিয়াছে, আত্মজ্ঞান সেই আবরণ বিদূরিত করে, মুক্তি তখন আপনা আপনি প্রকাশ পায়)। [তথাচ...ভবতি] এ কথা অক্ষপাদ আচার্য্যের (গৌতমের) ন্যায়সূত্রেও আছে। যথা—"দুঃখ, জন্ম, প্রবৃত্তি, দোষ ও মিথ্যা-জ্ঞান, এ সকল উত্তরোত্তরক্রমে বিনষ্ট হইলেই অপবর্গ (মোক্ষ) হয়। (১৯) মিথ্যাজ্ঞান নষ্ট হইবার একমাত্র উপায় ব্রহ্মজ্ঞান। [ন চেদং...জয়তি] ব্রহ্মাত্মৈক্য-জ্ঞান "মনের বৃত্তি অনন্ত, বিশ্বদেবতাও অনন্ত, সুতরাং বিশ্ব-

---

(১৯) আমি মানব, আমি সুন্দর, ইত্যাদিবিধ মিথ্যাজ্ঞান বিদূরিত হইলে তন্মূলক রাগ দ্বেষাদি দোষ নষ্ট হয়। দ্বেষের অভাব হইলে ধর্ম্মাধর্ম্মরূপ প্রবৃত্তির পরিক্ষয় হয়। প্রবৃত্তি-বিনাশ হইলে পুনর্জন্ম বা শরীরসম্বন্ধ হয় না, শরীরসম্বন্ধ উচ্ছেদ হইলে দুঃখভোগ উপশান্ত হয়। দুঃখধ্বংস ও মোক্ষ একই কথা।

লোকং জয়তীতি। ন চাধ্যাসরূপং, যথা, মনোব্রহ্মেত্যুপাসীত, আদিত্যোব্রহ্মেত্যাদেশ ইতি, মন আদিত্যাদিষু ব্রহ্মদৃষ্ট্যধ্যাসঃ। নাপি বিশিষ্টক্রিয়াযোগনিমিত্তং, বায়ুর্ব্বাব সম্বর্গঃ প্রাণোবাব সম্বর্গ ইত্যাদিবৎ। নাপ্যাজ্যাবেক্ষণবৎ কর্ম্মাঙ্গসংস্কাররূপম্। সম্পদাদিরূপে হি ব্রহ্মাত্মৈকত্ববিজ্ঞানেঽভ্যুপগম্যমানে তত্ত্বমস্যহং ব্রহ্মাস্ম্যয়মাত্মা ব্রহ্মেত্যেবমাদীনাং

নীনাং ব্যপদিশ্যতে। তেনাত্রাপি যদাশ্রিতা ক্রিয়া সাংব্যবহারিকপ্রমাণবিষয়ীকৃতা তস্যৈব সংস্কারোনান্যস্যেতি ন ব্যভিচারঃ। তত্ত্বতস্তু ন ক্রিয়া ন

দেবতাই মন” এরূপ সম্পৎ-জ্ঞান(২০) নহে। [ন চা ..ধ্যাসঃ] অধ্যাস জ্ঞানও নহে। “মনঃই ব্রহ্ম, এরূপে উপাসনা করিবেক।” “আদিত্যই ব্রহ্ম, এই উপদেশ আছে,” ইত্যাদি শ্রুতিতে যেমন মনে ও আদিত্যে ব্রহ্মদৃষ্টি অর্পণ করিবার ব্যবস্থা আছে, জীব-ব্রহ্মস্থলে সেরূপ নহে। (২১) [নাপি...রূপম্] ঐ জ্ঞান ক্রিয়াযোগজনিত ধ্যানরূপীও নহে। “বায়ু সংবরণ করেন বলিয়া সংবর্গ, প্রাণও সংবরণ করেন বলিয়া সংবর্গ।” এই শ্রুতিতে যেমন, সংবর্গ নামক জ্ঞান বিহিত, জীবই ব্রহ্ম, ইহা সেরূপ জ্ঞান বা ধ্যান নহে। (২২)

(২০) যৎকিঞ্চিৎ সাম্য বা সাদৃশ্য দৃষ্টে কোন এক উৎকৃষ্ট বস্তুর সহিত তদপেক্ষা নিকৃষ্ট বস্তুর অভেদ চিন্তা সুস্থির হইলে তাহা সম্পৎজ্ঞান ও সম্পৎউপাসনা নামে অভিহিত হয়। মনোবৃত্তি অসংখ্য, বিশ্বদেব দেবতাও অসংখ্য, অতএব অসংখ্যতারূপ সাদৃশ্য লইয়া মনকে বিশ্বদেব দেবতাজ্ঞান করা সম্পৎজ্ঞান। এরূপ উপাসনায় ফলাধিক্য আছে। জীব ব্রহ্ম বা ব্রহ্মের সহিত জীবের অভেদ,—ইহা সেরূপ উপাসনা অর্থাৎ চেতনসাদৃশ্য লইয়া সম্পৎ-উপাসনা, ইহা বলিতে পারা যায় না।

(২১) মনই ব্রহ্ম, সূর্য্যই ব্রহ্ম, এতদ্রূপ অনুধ্যানের নাম প্রতীক-উপাসনা ও অধ্যাসরূপিণী উপাসনা। পূর্ব্বোক্ত সম্পৎউপাসনার সহিত এ উপাসনার (প্রতীক উপাসনার) প্রভেদ এই যে, সম্পৎ উপাসনায় ধ্যানের আলম্বন তিরস্কৃত ও অপ্রধান থাকে, কিন্তু প্রতীক উপাসনায় তাহার বিপর্য্যয় অর্থাৎ প্রতীক উপাসনায় অবলম্বনের প্রাবল্য বা প্রাধান্য থাকে।

(২২) ক্রিয়াসম্বন্ধদৃষ্টে বা ক্রিয়াসাদৃশ্য লইয়া ধ্যানপ্রবাহ উত্থাপিত করার নাম সংবর্গ বিদ্যা বা সংবর্গ ধ্যান। বায়ু প্রলয়কালে অগ্নিপ্রভৃতির সংহার করে, প্রাণও সুপ্তিকালে বাক্ প্রভৃতির সংহার করে, এই সংহরণ ক্রিয়ার সমানতা অনুসারে, প্রাণের সহিত বায়ুর অভেদ চিন্তনরূপ ধ্যান করিবার বিধি আছে কিন্তু জীব ব্রহ্মস্থলে সেরূপ ধ্যান বা সেরূপ ধ্যানবিধি সম্ভব হয় না।

বাক্যানাং ব্রহ্মাত্মৈকত্ববস্তুপ্রতিপাদনপরঃ পদসমন্বয়ঃ পী-ড্যেত, ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়া ইতি চৈব-মাদীন্যবিদ্যানিবৃত্তিফলশ্রবণান্যুপরুধ্যেরন্। ব্রহ্ম বেদ ব্র-হ্মৈব ভবতীতি চৈবমাদীনি তদ্ভাবাপত্তিবচনানি সম্পদাদি-পক্ষে ন সামঞ্জস্যেনোপপদ্যেরন্। তস্মান্ন সম্পাদাদিরূপং ব্রহ্মাত্মৈকত্ববিজ্ঞানম্। অতোন পুরুষব্যাপারতন্ত্রা ব্রহ্মবিদ্যা, কিং তর্হি প্রত্যক্ষাদিপ্রমাণবিষয়বস্তুজ্ঞানবৎ বস্তুতন্ত্রৈব। এবং

সংস্কার ইতি। সনিদর্শনন্তু শেষমধ্যাসভাষ্য এব কৃতব্যাখ্যানমিতি নেহ

হবিঃসংস্কার যেমন যজ্ঞকার্য্যের অঙ্গ, ব্রহ্মজ্ঞান সেরূপও নহে। (২৩) [সম্পদাদি পদ্যেরন্] ব্রহ্মজ্ঞানকে—জীবব্রহ্মের অভেদজ্ঞানকে—পূর্ব্বোক্ত প্রকার সম্পৎ-জ্ঞান অথবা উপাসনার্থ অধ্যস্ত বা আরোপিত জ্ঞান বলিতে গেলে, "তত্ত্বমসি" ও "অহংব্রহ্মাস্মি" প্রভৃতি শ্রুতিবাক্যের অভেদবোধকতা থাকে না এবং পদসমন্বয়ও (২৪) (জীব ব্রহ্মের ঐক্য অর্থে তাৎপর্য্য নির্ণয়) ভঙ্গ হইয়া যায়। অপিচ, ব্রহ্মজ্ঞান হইলে হৃদগ্রন্থি বিনষ্ট হয়, সংশয় সকল বিদূরিত হয়, ইত্যাদিবিধ ফলশ্রুতি অর্থাৎ অজ্ঞাননিবৃত্তি হওয়ার কথা মিথ্যা হইয়া যায়। এতদ্ভিন্ন "ব্রহ্মজ্ঞপুরুষ ব্রহ্ম হন" এইরূপ এইরূপ ব্রহ্ম-ভাব-প্রাপ্তিবোধক বচনসমূহের অর্থসামঞ্জস্যও থাকে না। অর্থাৎ ঐরূপ ঐরূপ বাক্যের অর্থ অযুক্ত হইয়া পড়ে। তস্মান্ন তন্ত্রৈব, এইরূপ এইরূপ কারণে, ব্রহ্মাত্মবিজ্ঞানকে বা জীবব্রহ্মের অভেদ জ্ঞানকে পূর্ব্ব প্রদর্শিত সম্পৎ-জ্ঞান বা অধ্যস্তাদি-জ্ঞান বলা যায় না, এবং তৎকারণে তাহাকে পুরুষব্যাপারের অধীন বলাও যায় না। অর্থাৎ তাহা ইচ্ছা নিষ্পাদ্য নহে। প্রত্যক্ষাদি প্রমাণের বিষয়ীভূত বস্তুর জ্ঞান যেমন বস্তু স্বরূপের অধীন, তদ্রূপ ব্রহ্মজ্ঞানও ব্রহ্মবস্তুর অধীন। [এবং কল্পয়িতুম্]

---

(২৩) অর্থাৎ আত্মার সংস্কারার্থ আপনাকে ব্রহ্মভাবে ভাবনা করিবেক, এরূপ তাৎপর্য্য নহে।

(২৪) পদসমন্বয় অর্থাৎ তৎ ত্বং অসি ইত্যাদিস্থলে অভেদবোধক তুল্যবিভক্তির দ্বারা জীব ব্রহ্মের অভিন্নতা নিশ্চয় হৃদগ্রন্থি অর্থাৎ চিন্মনস্তাদাত্ম্যরূপ অহংগ্রন্থি। অথবা মনে রাগাদরূপ গ্রন্থি। জ্ঞান অজ্ঞান নষ্ট করে, অন্য কিছু করে না। ব্রহ্মজ্ঞান যদি সম্পৎ জ্ঞান অথবা অন্য কোন পূর্ব্বোক্ত প্রকারের জ্ঞান হইত তাহা হইলে তাহার অজ্ঞাননিবৃত্তিরূপ ফল হওয়ার কথা থাকিত না।

ভূতস্য চ ব্রহ্মণস্তজ্জ্ঞানস্য বা ন কয়াচিদ্‌যুক্ত্যা শক্যঃ কার্য্যানুপ্রবেশঃ কল্পয়িতুম্।

ন চ বিদিক্রিয়াকর্ম্মত্বেন কার্য্যানুপ্রবেশোব্রহ্মণঃ, অন্যদেব তদ্বিদিতাদথো অবিদিতাদধীতি বিদিক্রিয়াকর্ম্মত্বপ্রতিষেধাৎ। যেনেদং সর্ব্বং বিজানাতি তং কেন বিজানীয়াদিতি চ। তথোপাস্তিক্রিয়াকর্ম্মত্বপ্রতিষেধোপি ভবতি, যদ্বাচানভ্যুদিতং যেন বাগভ্যুদ্যত ইত্যাদ্যবিষযত্বং ব্রহ্মণ উপন্যস্য তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসত ইতি। অবিষয়ত্বে ব্রহ্মণঃ শাস্ত্রযোনিত্বানুপপত্তিরিতি চেন্ন অবিদ্যাকল্পিতভেদ-

---

ব্যাখ্যাতম্। "তয়োরন্যঃ পিপ্পল"মিতি। অন্যো জীবাত্মা পিপ্পলং কর্ম্মফলম্। "অনশ্নন্নন্য" ইতি।—পরমাত্মা। সংহতস্যৈব ভোক্তৃত্বমাহ

অতএব যুক্তির দ্বারাও তাদৃশ ব্রহ্মকে অথবা তাদৃশ ব্রহ্মজ্ঞানকে ক্রিয়াঙ্গ বলিয়া কল্পনা করা যায় না। [ন চ.. দিতি চ] ব্রহ্ম বিদি-ক্রিয়ার অর্থাৎ জ্ঞানরূপ ক্রিয়ার কর্ম্ম (ব্যাপ্য), এ কথা কিছুতেই বলিতে পার না। কেন না, "তিনি বিদিত অবিদিত উভয় হইতে ভিন্ন—কার্য্যকারণের অতীত" এবং "যাঁহার দ্বারা সমুদায় জানা যাইতেছে তাঁহাকে আবার কি দিয়া জানিবে?" ইত্যাদি ইত্যাদি শাস্ত্রের দ্বারা ব্রহ্মের বিদি-ক্রিয়ার কর্ম্মতা (জ্ঞানবৃত্তির ব্যাপ্যতা) নাই বলিয়া কথিত হইয়াছে। [তথা...ইতি] তাঁহাতে যেমন বিদি-কর্ম্মের (জ্ঞানক্রিয়ার ব্যাপ্তি) নিষেধ আছে, তেমনি, উপাস্তিকর্ম্মতাও নিষিদ্ধ আছে। অর্থাৎ তিনি উপাসনা নামক মানসক্রিয়ারও অবিষয়। কেন না, শাস্ত্রে ব্রহ্মপদার্থের "তিনি বাক্যের দ্বারা উক্ত হন না—প্রব্যক্ত হন না—অথচ বাক্য তাঁহার দ্বারা উদিত হয়।" অবিষয়ত্ব অর্থাৎ ইন্দ্রিয়াগ্রাহ্যতা উপদেশ করিয়া অবশেষে বলিয়াছেন, "তুমি তাঁহাকেই ব্রহ্ম বা আত্মা জান, যিনি ইদন্তারূপে (এই, অমুক, অথবা অন্য কোন প্রকারে) উপাসিত হন না।" [অবিষয়ত্বে·· নয়তি] যদি বল, ব্রহ্ম যদি অবিষয়ই হন—তাহা হইলে তাঁহার শাস্ত্রযোনিত্ব উপপন্ন হয় কৈ? অর্থাৎ ব্রহ্ম কেবল শাস্ত্ররূপ প্রমাণের গম্য—একমাত্র শাস্ত্রেরই বিষয়—এ কথা কিরূপে উপপন্ন হইতে পারে? এ আপত্তির প্রত্যুত্তর এই—বিবেচনা করিয়া দেখ, শাস্ত্রের কৃত্য

নিবৃত্তিপরত্বাচ্ছাস্ত্রস্য, ন হি শাস্ত্রমিদন্তয়া বিষয়ভূতং ব্রহ্ম প্রতিপিপাদয়িষতি। কিং তর্হি, প্রত্যগাত্মত্বেনাবিষয়তয়া প্রতিপাদয়দবিদ্যাকল্পিতং বেদ্যবেদিতৃবেদনাদিভেদমপনয়তি। তথা চ শাস্ত্রং, যস্যামতং তস্য মতং মতং যস্য ন বেদ সঃ। অবিজ্ঞাতং বিজানতাং বিজ্ঞাতমবিজানতাম্। ন দৃষ্টের্দ্রষ্টারং পশ্যের্ন শ্রুতেঃ শ্রোতারং শৃণুয়াঃ ন বিজ্ঞাতের্বিজ্ঞাতারং বিজানীয়া ইতি চৈবমাদি। অতোঽবিদ্যাকল্পিতসংসারিত্ব-নিবর্ত্তনেন নিত্যমুক্তাত্মস্বরূপসমর্পণান্ন মোক্ষস্যানিত্যত্ব-

মন্ত্রবর্ণঃ।—"আত্মেন্দ্রিয়" ইতি। অনুপাহিতশুদ্ধস্বভাবব্রহ্মপ্রদর্শনপরৌ মন্ত্রৌ পঠতি।—"একো দেব" ইতি। "শুক্রং" দীপ্তিমৎ। "অব্রণং" দুঃখরহিতম্।

কি? শাস্ত্র কি করে? শাস্ত্র কেবল অবিদ্যাকল্পিত নানাত্ব জ্ঞানকে নিবৃত্ত করে—নিষেধ করে—অন্য কিছু করে না। শাস্ত্র তাঁহাকে ইদন্তারূপে (কোন রূপ বিশেষণ দিয়া) প্রতিপাদন করিতে, ইচ্ছুক নহে। শাস্ত্র এইমাত্র প্রতিপাদন করে যে, ব্রহ্মপদার্থ প্রত্যগভিন্ন; সুতরাং ইদং-জ্ঞানের অবিষয়। তাঁহাতে অবিদ্যাকল্পিত জ্ঞেয়তা প্রভৃতি ভেদভাবের সম্পর্কও নাই। এ সম্বন্ধে [তথাচ · চৈবমাদিঃ] "যাহার নিকট তিনি অমত অর্থাৎ মানস-ক্রিয়ার অগোচর, তাহারই নিকট তিনি মত অর্থাৎ জ্ঞাত। যাহার নিকট তিনি মত অর্থাৎ যে ব্যক্তি বলে, আমি ব্রহ্ম জানি, বাস্তবকল্পে সে তাঁহাকে জানে না। অতএব বিজ্ঞের নিকট তিনি অবিজ্ঞাতস্বরূপ এবং অবিজ্ঞের নিকট বিজ্ঞাতস্বরূপ।" (২৫) "যিনি দৃষ্টির দ্রষ্টা—জ্ঞানের জ্ঞাতা—তাঁহাকে জানা যায় না অথাৎ তিনি জ্ঞানবৃত্তির অবিষয়। যিনি শ্রবণের শ্রবণ—তাঁহাকে শুনাও যায় না।" (২৬) এইরূপ অনেক শাস্ত্র আছে। [অতঃ·· দোষঃ] অতএব, তত্ত্বজ্ঞানের দ্বারা অবিদ্যাকল্পিত সংশয়বিনিবৃত্ত বা বিদূরিত হয়, সংসারনিবৃত্তি হইলেই আত্মার নিত্যমুক্ততা প্রকাশ পায়,

(২৫) অর্থাৎ তিনি শাব্দজ্ঞানেরও অবিষয়। অভিপ্রায় এই যে, বেদান্তাদি শ্রবণ করিলে মনোমধ্যে যে বৃত্তি "জ্ঞান' হয়, ব্রহ্ম সে বৃত্তির প্রকাশ্য নহেন। কেন না তিনি স্বপ্রকাশ।

(২৬) অর্থাৎ যাঁহারা বলেন, ব্রহ্ম জানি, বস্তুতঃ তাঁহারা ব্রহ্ম জানেন না। যাহারা জানেন, ব্রহ্মজ্ঞানের অবিষয়, প্রকৃতপ্রস্তাবে তাঁহারাই ব্রহ্মজ্ঞ।

দোষঃ। যস্য তূৎপাদ্যোমোক্ষস্তস্য বাচিকং মানসং কায়িকং বা কার্য্যমপেক্ষত ইতি যুক্তম্। তথা বিকার্য্যত্বে চ। তয়োঃ পক্ষয়োর্ম্মোক্ষস্য ধ্রুবমনিত্যত্বম্। ন হি দধ্যাদি বিকার্য্যং উৎপাদ্যং বা ঘটাদি নিত্যং দৃষ্টং লোকে। ন চাপ্যত্বেনাপি কার্য্যাপেক্ষা স্বাত্মস্বরূপত্বে সত্যনাপ্যত্বাৎ। স্বরূপব্যতিরিক্তত্বেপি ব্রহ্মণোনাপ্যত্বং সর্ব্বগতত্বেন নিত্যাপ্তস্বরূপত্বাৎ। সর্ব্বেণ ব্রহ্মণ আকাশস্যেব। নাপি সংস্কার্য্যোমোক্ষোযেন ব্যাপারমপেক্ষেত। সংস্কারোহি নাম সংস্কার্য্যস্য গুণাধানেন বা সাদ্দোষাপনয়নেন বা। ন তাদৃগুণাধানেন সম্ভবতি

"অস্নাবিরম্" অবিগলিতং অবিনাশীতি যাবৎ। উপসংহরতি।—"তস্মাৎ" ইতি। নমু মা ভূ ন্নর্ব্বর্ত্ত্যাদিকর্ম্মতাচতুষ্টয়ী পঞ্চমী তু কাচিদ্বিধা ভবিষ্যতি

সুতরাং মোক্ষতত্ত্বে অনিত্যত্ব দোষ হয় না। (২৭) [যস্য...মনিত্যত্বম্] যাঁহারা বলেন, মোক্ষ উৎপাদ্য, তাঁহাদেরই মতে মোক্ষে কায়িক বাচিক ও মানসিক ক্রিয়ার অপেক্ষা থাকে। বিকার্য্যপক্ষেও ঐরূপ। পরন্তু উৎপাদ্য ও বিকার্য্য এই দুই পক্ষেই মোক্ষতত্ত্ব অনিত্য বলিয়া নির্ণীত হয়। [ন হি...লোকে] কেন না, দধি প্রভৃতি বিকার্য্য বস্তুকে এবং ঘট প্রভৃতি উৎপাদ্য বস্তুকে কেহ কখন নিত্য হইতে দেখে নাই, শুনেও নাই। [ন...স্যেব] প্রাপ্যরূপেও তিনি (ব্রহ্ম) কার্য্য বা ক্রিয়াফল বলিয়া গণ্য হইতে পারেন না। হেতু এই যে, ব্রহ্মপদার্থ আত্মারই স্বরূপ, সুতরাং তিনি গ্রামাদির ন্যায় প্রাপ্য পদার্থ নহেন। ব্রহ্ম আত্মারই স্বরূপ, এ কথা অঙ্গীকার না করিলেও তিনি অপ্রাপ্য বলিয়া গণ্য হইতে পারেন না। কারণ এই যে তিনি সর্ব্বগত—সর্ব্বত্রই বিদ্যমান—সুতরাং তিনি আকাশের ন্যায় সর্ব্বত্র বা সদাপ্রাপ্ত। যে সদাপ্রাপ্ত—সে আবার প্রাপ্য কি? [নাপি...মোক্ষস্য] মোক্ষ সংস্কার্য্যপদার্থও নহে। মোক্ষ যদি সংস্কার্য্য হইত—তাহা হইলেও তাহাতে কথঞ্চিৎ কর্ত্তৃব্যাপারের সম্ভব হইত। সংস্কার্য্য বস্তুতে গুণাধান করার অথবা তাহার দোষ নিবারণ করার নাম সংস্কার। মোক্ষ-নামক ব্রহ্মে তাহা অসম্ভব। মোক্ষ ব্রহ্মেরই স্বরূপ, ব্রহ্মও নিরতিশয়,

(২৭) অর্থাৎ যাহা ছিল তাহাই আবরণ অভাবে প্রকাশিত হইল মাত্র; জন্মিল না। যাহা জন্মিল না, তাহা অনিত্য হইবে কেন?

অনাধেয়াতিশয়ব্রহ্মস্বরূপত্বান্মোক্ষস্য। নাপি দোষাপনয়নেন নিত্যশুদ্ধব্রহ্মস্বরূপত্বান্মোক্ষস্য। স্বাত্মধর্ম্মএব সন্ তিরোভূতোমোক্ষঃ ক্রিয়য়াত্মনি সংক্রিয়মাণেঽভিব্যজ্যতে যথা আদর্শে নিঘর্ষণক্রিয়য়া সংক্রিয়মাণে ভাস্বরত্বধর্ম্ম ইতি চেৎ, ন, ক্রিয়াশ্রয়ত্বানুপপত্তেরাত্মনঃ। যদাশ্রয়া হি ক্রিয়া তমবিকুর্ব্বতী নৈবাত্মানং লভতে। যদ্যাত্মা ক্রিয়য়া বিক্রিয়েতানিত্যত্বমাত্মনঃ প্রসজ্যেত। অবিকার্য্যোঽয়মুচ্যত ইতি চৈবমাদীনি বাক্যানি

(টীকা ১১০ ও ১১১ পৃষ্ঠায় দেখুন।)

নিত্যশুদ্ধ বা সদানির্ম্মল সুতরাং তাঁহাতে গুণাধান ও দোষনিবারণ, দুএর কিছুই সম্ভব হয় না।(২৮) [স্বাত্ম · সংস্ক্রিয়েত] যদি বল, মোক্ষ আত্মার ধর্ম্ম, তাহা তিরোহিত থাকে বা আবৃত থাকে, ক্রিয়ার দ্বারা সুসংস্কৃত হইলে সেই মোক্ষ-নামক ধর্ম্ম পুনঃপ্রকটিত হয়, যেমন কাচের ভাস্বরত্ব ধর্ম্ম মলাবরণে তিরোহিত থাকে, ঘর্ষণক্রিয়ায় সুসংস্কৃত হইলে তাহা পুনঃপ্রকটিত হয়, মোক্ষও সেইরূপ। এ কথা বলিতে পার না। কেন না, আত্মা কোনরূপ ক্রিয়ার আশ্রয় (আধার) নহেন। আত্মায় ক্রিয়া হয়, এ কথা অযুক্ত—যুক্তির দ্বারা উপপন্ন হয় না। ক্রিয়ার স্বভাব এই যে, সে আপন আশ্রয়ে সংযোগাদি-বিকার উৎপন্ন না করিয়া আত্মলাভ করে না বা জন্মে না। (দর্পণ বা কাচ সাবয়ব, তাহাতে ক্রিয়া জন্মিতে পারে; কিন্তু আত্মা নিরবয়ব, তন্নিবন্ধন তাঁহাতে ক্রিয়োৎপত্তি অসম্ভব)। আত্মায় ক্রিয়া হয়, অথবা ক্রিয়ার দ্বারা আত্মায় কোনরূপ বিকার জন্মে, এ কথা বলিলে আত্মা অনিত্য হয় এবং "আত্মা অবিকার্য্য" ইত্যাদিশ্রুতি বাধিত হইয়া পড়ে। কিন্তু

(২৮) কার্য্য বা ক্রিয়াফল ৪ প্রকার। উৎপত্তি, বিকার, প্রাপ্তি ও সংস্কার। ক্রিয়া প্রয়োগ করিলে হয় কিছু উৎপন্ন হয়, না হয় কোন বিকার জন্মে, অথবা কিছু প্রাপ্ত হয়, কিংবা কোনরূপ সংস্কার (দোষনিবৃত্তি অথবা গুণবিশেষ) জন্মে। ঘটাদি বস্তু উৎপন্ন পদার্থ। দধি প্রভৃতি বিকৃত পদার্থ। গ্রাম প্রভৃতি প্রাপ্য এবং আদর্শ প্রভৃতি সংস্কার্য্য। এই চারি প্রকার ছাড়া, অন্য প্রকার কার্য্য বা ক্রিয়াফল নাই। মোক্ষ যদি কার্য্য বা ক্রিয়াফল হয়, তাহা হইলে অবশ্য উহা উক্ত চতুর্ব্বিধের অন্তর্গত হইবে। কিন্তু বিচার করিয়া দেখিলে, মোক্ষকে বা ব্রহ্মাত্মস্বরূপকে, উক্ত চতুর্ব্বিধকার্য্যের বা ফলের কোনও প্রকারের অন্তর্ভুক্ত করা যায় না। মোক্ষকে কার্য্য বা ক্রিয়াফল বলিতে গেলে, যে যে দোষ হয়, সেই সেই দোষ ভাষ্যব্যাখ্যায় যথাক্রমে বলা হইয়াছে।

বাধ্যেরন্। তচ্চানিষ্টম্। তস্মান্ন স্বাশ্রয়া ক্রিয়া আত্মনঃ সম্ভবতি। অন্যাশ্রয়ায়াস্তু ক্রিয়ায়া অবিষয়ত্বাৎ ন তয়াত্মা সংস্ক্রিয়েত। ননু দেহাশ্রয়য়া স্নানাচমনযজ্ঞোপবীতধারণাদিকয়া ক্রিয়য়া দেহী সংস্ক্রিয়মাণোদৃষ্টঃ, ন, দেহসংহতস্যৈবাবিদ্যাগৃহীতস্যাত্মনঃ সংস্ক্রিয়মাণত্বাৎ। প্রত্যক্ষং হি স্নানাচমনাদের্দ্দেহসমবায়িত্বম্। তয়া দেহাশ্রয়য়া তৎসংহত এব কশ্চিদবিদ্যয়াত্মত্বেন পরিগৃহীতঃ সংস্ক্রিয়ত ইতি যুক্তম্। যথা দেহাশ্রয়চিকিৎসানিমিত্তেন ধাতুসাম্যেন তৎসংহতস্য তদভিমানিন আরোগ্যফলমহমরোগ ইতি যত্র বুদ্ধিরুৎপদ্যতে এবং স্নানাচমনযজ্ঞোপবীতাদিধারণাদিকয়া ক্রিয়য়াহহং শুদ্ধঃ সংস্কৃত ইতি যত্র বুদ্ধিরুৎপদ্যতে স সংস্ক্রিয়তে। স চ দেহেন সংহত এব। তেনৈব হ্যহঙ্কর্ত্রাহহম্প্রত্যয়বিষয়েণ প্রত্যয়িনা

(টীকা ১১১—১১৫ পৃষ্ঠায় দেখুন।)

মীমাংসকগণ তাহা ইচ্ছা করেন না। সুতরাং আত্মাধিকরণে ক্রিয়োৎপত্তি হয় না, ইহা অবশ্য স্বীকার্য্য। অন্যাধিকরণে ক্রিয়া হয় বলিলেও আত্মা সে ক্রিয়ার অবিষয়। কাযেই তদ্দ্বারা আত্মার সংস্কার (গুণাধান অথবা দোষাপনয়ন) অসম্ভব। [ননু...অশ্লাতি] যদি বল, দেহাশ্রিত স্নানাদি-ক্রিয়ার দ্বারা দেহীকে (আত্মাকে) সংস্কৃত হইতে দেখা যায়, বস্তুতঃ তাহা হয় না। তদ্দ্বারা দেহবিশিষ্ট ও অবিদ্যাকবলিত জীবই সংস্কৃত হয়, শুদ্ধ চেতন পরমাত্মার কিছুই হয় না। স্নানাদি ক্রিয়া-যে দেহাশ্রিত,তাহা প্রত্যক্ষ। সুতরাং সে ক্রিয়ার দ্বারা দেহাদিবিশিষ্টের সংস্কার হওয়াই যুক্তিসঙ্গত। যেমন দেহাশ্রিত চিকিৎসাক্রিয়ার দ্বারা ধাতুবৈষম্য নিবৃত্ত হইলে, যে তদ্দেহাভিমানী, তাহারই আরোগ্যফল জন্মে,—"আমি রোগশূন্য হইয়াছি" এতদ্রূপ বুদ্ধি জন্মে, সেইরূপ, স্নানাচমন যজ্ঞোপবীত ধারণাদি ক্রিয়া করণানন্তর যাহাতে বা যদধিকরণে "আমি শুদ্ধ, সংস্কৃত ও নিষ্পাপ" এতদ্রূপ বুদ্ধি জন্মে, সেই অধিকরণই উক্ত ক্রিয়ার দ্বারা সংস্কৃত হয়, অন্য কেহ হয় না। পরন্তু সে অধিকরণটী দেহসংহত (দেহাদিবিশিষ্ট) ও

সর্ব্বাঃ ক্রিয়া নির্ব্বর্ত্ত্যন্তে, তৎফলঞ্চ স এবাশ্নাতি, তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্নন্যোভিচাকশীতীতি মন্ত্রবর্ণাৎ। আত্মেন্দ্রিয়মনোযুক্তং ভোক্তেত্যাহুর্ম্মনীষিণ ইতি, তথা, একো-দেবঃ সর্ব্বভূতেষুঃ গূঢ়ঃ সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা। কর্ম্মাধ্যক্ষঃ সর্ব্বভূতাধিবাসঃ সাক্ষী চেতা কেবলোনির্গুণশ্চ-ইতি, স পর্য্যগাচ্ছুক্রমকায়মব্রণমস্নাবিরং শুদ্ধমপাপবিদ্ধ-মিতি চ। এতৌ মন্ত্রৌ অনাধেয়াতিশয়তাং নিত্যশুদ্ধতাঞ্চ ব্রহ্মণোদর্শয়তঃ। ব্রহ্মভাবশ্চ মোক্ষঃ। তস্মান্ন সংস্কার্য্যোঽপি মোক্ষঃ। অতোঽন্যৎ মোক্ষং প্রতি ক্রিয়ানুপ্রবেশদ্বারং ন

যয়া মোক্ষস্য কর্ম্মতা ঘটিষ্যত ইত্যত আহ।—"অতোঽন্য"দিতি। এভ্যঃ প্রকারেভ্যো ন প্রকারান্তরমন্যদস্তি যতো মোক্ষস্য ক্রিয়ানুপ্রবেশো ভবিষ্যতি। এতদুক্তং ভবতি।—চতসৃণাং বিধানাং মধ্যে অন্যতমতয়া ক্রিয়াফলত্বং

তদ্দেহের অহং-অভিমানী। (২৯) সেই দেহাভিমানী জীব-নামক অহংকর্ত্তাই যাবন্ত ক্রিয়া নির্ব্বাহ করে, এবং অবশেষে তাহার ফলভোগী হয়। [তয়ো... বর্ণাৎ] "জীবাত্মা ও পরমাত্মা এই দুএর মধ্যে জীবাত্মাই কর্ম্মফল ভোগ করেন, অন্য অর্থাৎ পরমাত্মা কেবল প্রকাশমান থাকেন।" এই বেদমন্ত্র উক্ত সিদ্ধান্তের পোষক প্রমাণ। [আত্মা...ইতি চ] পণ্ডিতগণ বলিয়াছেন, "আত্মা অর্থাৎ দেহ, ইন্দ্রিয় ও মন,—এতত্রিতয়সংযুক্ত চিদাভাসের নাম ভোক্তা।" এ মন্ত্রটীও উক্ত সিদ্ধান্তের অনুকূল বা প্রমাণ। [একো... দর্শয়িতুম্] "সেই দেব (স্বপ্রকাশস্বভাব) সর্ব্বভূতে এক অর্থাৎ অদ্বিতীয়। তিনি দেব হইলেও—স্বপ্রকাশ হইলেও—মায়ারূপ আবরণে নিগূঢ় (লুক্কায়িত-প্রায় অথবা অপ্রকাশের ন্যায়)। তিনি সর্ব্বব্যাপী ও সর্ব্বভূতের অন্তরাত্মা। কর্ম্মাধ্যক্ষ বা কর্ম্মসাক্ষী অর্থাৎ ক্রিয়াসমূহের দ্রষ্টা মাত্র। তিনি সর্ব্বভূতের আবাস অর্থাৎ আশ্রয়। তিনি কেবল, এক ও নির্গুণ।" "সেই আত্মা সর্ব্বত্র ব্যাপ্ত, দীপ্তিমান্ বা প্রকাশমান, অকায় অর্থাৎ দেহরহিত, অক্ষত, অনশ্বর ও অপাপবিদ্ধ।" এই দুই শ্রুতিও ব্রহ্মের নিত্যশুদ্ধতা ও অনাধেয়াতিশয়তা (৩০) উপদেশ করিয়াছেন। ব্রহ্মভাব ও মোক্ষ তুল্য কথা;

(২৯) অন্তঃকরণপ্রতিবিম্বিত চিৎ-ছায়াই এ স্থলে অহং-অভিমানী, জীব, কর্ত্তা ও ভোক্তা।
(৩০) অর্থাৎ তঁহাতে কোনরূপ সংস্কার স্থান পায় না, উৎপন্নও হয় না।

শক্যং কেনচিদ্দর্শয়িতুম্। তস্মাৎ জ্ঞানমেকং মুক্ত্বা ক্রিয়ায়া গন্ধমাত্রস্যাপ্যনুপ্রবেশ ইহ নোপপদ্যতে।

নন্মু জ্ঞানং নাম মানসী ক্রিয়া, ন, বৈলক্ষণ্যাৎ। ক্রিয়া হি নাম সা যত্র বস্তুস্বরূপনিরপেক্ষৈব চোদ্যতে পুরুষচিত্ত-ব্যাপারাধীনা চ। যথা, যস্যৈ দেবতায়ৈ হবির্গৃহীতং স্যাৎ

ব্যাপ্তং সা চ মোক্ষাদ্ব্যাবর্ত্তমানা ব্যাপকানুপলব্ধ্যা মোক্ষস্য ক্রিয়াফলত্বং ব্যাবর্ত্তয়তীতি। তৎ কিং মোক্ষে ক্রিয়ৈব নাস্তি? তথা চ তদর্থানি শাস্ত্রাণি তদর্থাশ্চ প্রবৃত্তয়োঽনর্থকানীত্যত উপসংহারব্যাজেনাহ।—"তস্মাজ্‌জ্ঞানমেক" মিতি। অথ জ্ঞানং ক্রিয়া মানসী কস্মান্ন বিধিগোচরঃ? কস্মাচ্চ তস্যাঃ ফলং নির্ব্বর্ত্ত্যাদিষন্যতমং ন মোক্ষ? ইতি চোদয়তি।—"নন্মু জ্ঞান"মিতি। পরি-হরতি।—"ন, বৈলক্ষণ্যাৎ।" অয়মর্থঃ।—সত্যং জ্ঞানং মানসী ক্রিয়া, ন ত্বিয়ং ব্রহ্মণি ফলং জনয়িতুমর্হতি। তস্য স্বয়ম্প্রকাশতয়া বিদিক্রিয়াকর্ম্মভাবা-নুপপত্তেরিত্যুক্তম্। তদেতস্মিন্ বৈলক্ষণ্যে স্থিত এব বৈলক্ষণ্যান্তরমাহ।—"ক্রিয়া হি নাম সা" ইতি। "যত্র" বিষয়ে, "বস্তুস্বরূপনিরপেক্ষৈব চোদ্যতে," যথা দেবতাসম্প্রদানকহবির্গ্রহণে দেবতাবস্তুস্বরূপানপেক্ষা দেবতাধ্যানক্রিয়া যথা বা যোষিতি অগ্নিবস্ত্বনপেক্ষাঽগ্নিবুদ্ধির্যা সা ক্রিয়া হি নামেতি যোজনা। ন হি 'যস্যৈ দেবতায়ৈ হবির্গৃহীতং স্যাত্তাং ধ্যায়েদ্বষট্‌করিষ্যন্' ইত্যস্মাদ্বিধেঃ প্রাগ্দেবতাধ্যানং প্রাপ্তম্। প্রাপ্তং ত্বধীতবেদান্তস্য বিদিতপদতদর্থসম্বন্ধস্যাধি-

---

সুতরাং ব্রহ্মে বা মোক্ষে ক্রিয়াপ্রবেশের অল্পমাত্রও পথ দেখাইতে পারিবে না। [তস্মাৎ...নোপপদ্যতে] সুতরাং মোক্ষে জ্ঞান ব্যতীত ক্রিয়ার গন্ধমাত্রও প্রবিষ্ট করাইতে পারিবে না। [নন্মু...বৈলক্ষণ্যম্] জ্ঞান এক-প্রকার ক্রিয়া বটে, মনোব্যাপার বটে, কিন্তু তাহা বিধিযোগ্য বা নিয়োগা-ধীন নহে। জ্ঞান ও ক্রিয়া অত্যন্ত বিভিন্ন। জ্ঞানমাত্রেই বস্তুস্বরূপ সাপেক্ষ, কিন্তু ক্রিয়া তদ্বিষয়ে সম্পূর্ণ নিরপেক্ষ। যাহা বস্তুর স্বরূপ অপেক্ষা করে না, অথচ চোদিত হয়—"কর" বলিয়া উপদিষ্ট হয়, ফলকল্পে তাহাই ক্রিয়া এবং তাহা পুরুষের চিত্তের অধীন। (কেন না, পুরুষ তাহা করিলেও পারে, না করিলেও পারে, অন্য প্রকার করিলেও করিতে পারে) ক্রিয়ার স্থল বা উদাহরণ দেখ—"যে দেবতার উদ্দেশে আহুতি গৃহীত হইবে, বষট্ কর্ত্তা অর্থাৎ হোতা সেই দেবতার ধ্যান করিবেন।" "মনের দ্বারা সন্ধ্যা দেব-

জীববিষয়ক আত্মশব্দও উপপন্ন হইতে পারে। শ্রুতি শ্বেতকেতুকে "সেই সৎ এই, এ সমস্তই তদাত্মক, হে শ্বেতকেতো! সেই সত্য বা সৎস্বরূপ আত্মা তুমি।" এবং-ক্রমে প্রকরণপ্রতিপাদ্য সূক্ষ্ম বা দুর্জ্ঞেয় জগৎকারণ সৎকে আত্মা বলিয়া উপদেশ করিয়াছেন। [অপ্...মিত্যুক্তম্] জল ও তেজঃ, এ দুটী বিষয় (জড়বস্তু); সুতরাং তদুভয়ের ঈক্ষিতৃত্ব গৌণ। মুখ্য ঈক্ষিতৃত্বের কিছুমাত্র কারণ না থাকায় উহাদের ঈক্ষিতৃত্ব ও অন্যান্য চেতনযোগ্য বর্ণনা সমস্তই "নদীকূল পড়িবার ইচ্ছা করিতেছে" ইত্যাদিবিধ উক্তির ন্যায় গৌণ, মুখ্য নহে। উহাদের ঈক্ষিত্বপ্রয়োগ সদধিষ্ঠান অর্থাৎ চেতনাধিষ্ঠাননিমিত্তক গৌণ, কিন্তু আত্মবিশেষণে বিশেষিত সতের (ব্রহ্মের) ঈক্ষিত্ব গৌণ নহে, মুখ্য, এ কথা পূর্ব্বেই বলা হইয়াছে।

অথোচ্যেত অচেতনেঽপি প্রধানে ভবত্যাত্মশব্দ আত্মনঃ সর্ব্বার্থকারিত্বাৎ যথা রাজ্ঞঃ সর্ব্বার্থকারিণি ভৃত্যে ভবত্যাত্মশব্দোমমাত্মা ভদ্রসেন ইতি। প্রধানং হি পুরুষস্যাত্মনোভোগাপবর্গৌ কুর্ব্বদুপকরোতি রাজ্ঞ ইব ভৃত্যঃ সন্ধিবিগ্রহাদিষু বর্ত্তমানঃ। অথবৈক এবাত্মশব্দশ্চেতনাচেতনবিষয়োভবিষ্যতি ভূতাত্মেন্দ্রিয়াত্মেতি চ প্রয়োগদর্শনাৎ। যথৈক এব জ্যোতিঃশব্দঃ ক্রতুজ্বলনবিষয়ঃ। তত্র কুত এতৎ আত্মশব্দাদীক্ষতেরগৌণত্বমিত্যত উত্তরং পঠতি,—

তন্নিষ্ঠস্য মোক্ষোপদেশাৎ ॥ ৭ ॥ *

ত্বাৎ আত্মশব্দাচ্চ সত ঈক্ষণং মুখ্যমিত্যর্থঃ। আত্মহিতকারিত্বগুণযোগাদাত্মশব্দোঽপি প্রধানে গৌণ ইতি শঙ্কতে—"অথ" ইত্যাদিনা। আত্মশব্দঃ প্রধানেঽপি মুখ্যোনানার্থকত্বাদিত্যাহ "অথচে"তি। নানার্থকত্বে দৃষ্টান্তঃ "যথে"তি। [ইতি রত্নপ্রভা টীকা]

ইতি শঙ্কোত্তরত্বেন বা স্বাতন্ত্র্যেণ বা প্রধাননিরাকরণার্থং সূত্রম্। শঙ্কা চ ভাষ্যে উক্তা।

[অথো...পঠতি] যদি বল, অচেতন প্রধানেও (প্রকৃতিতেও) আত্মশব্দের প্রয়োগ হইয়া থাকে, যেমন রাজার সর্ব্বার্থকারী ভৃত্যের প্রতি আত্মশব্দ প্রয়োগ হয় "অমুক আমার আত্মা", সেইরূপ, আত্মার সর্ব্বার্থকারিণী প্রকৃতির প্রতিও আত্মশব্দ প্রয়োগ হইয়াছে, "জগৎকারণ সৎ আত্মা।" ভৃত্য যেমন সন্ধিবিগ্রহাদিকার্য্যে নিযুক্ত থাকিয়া রাজার উপকার করে, তদ্রূপ, প্রধানও আত্মার অর্থাৎ পুরুষের ভোগ ও মোক্ষ বিতরণ করতঃ উপকার করিয়া থাকে। অথবা আত্মশব্দটী চেতন অচেতন উভয় সাধারণ, উভয় অর্থেই আত্মশব্দের প্রয়োগ দেখা যায়; যেমন, ভূতাত্মা ও ইন্দ্রিয়াত্মা ইত্যাদি। অপিচ, জ্যোতিঃশব্দ যেমন যজ্ঞ ও অগ্নি এই দুই অর্থে প্রযুক্ত হয়, আত্মশব্দও তদ্রূপ চেতন অচেতন উভয় অর্থে প্রযুক্ত হইতে দেখা যায়। অতএব, আত্মশব্দের দ্বারা কিরূপে ঈক্ষণের মুখ্যতা স্থির হইতে পারে? গৌণঈক্ষণ না হয় কেন? ভগবান্ ব্যাস এক্ষণে ইহার প্রত্যুত্তর দিতেছেন।

* আত্মশব্দোঽপি প্রধানে গৌণো ভবিতুমর্হতীত্যাশঙ্ক্য তত্র পূর্ব্বসূত্রস্থনঞমাকৃষ্য যোজ্যম্।

ন প্রধানমচেতনমাত্মশব্দালম্বনং ভবিতুমর্হতি, স আত্মেতি প্রকৃতং সদণিমানমাদায় তৎ ত্বমসি শ্বেতকেতো ইতি চেতনস্য শ্বেতকেতোর্মোক্ষয়িতব্যস্য তন্নিষ্ঠামুপদিশ্য, আচার্য্যবান্ পুরুষোবেদ তস্য তাবদেব চিরং যাবন্ন বিমোক্ষ্যেঽথ সম্পৎস্য ইতি মোক্ষোপদেশাৎ। যদি হ্যচেতনং প্রধানং সচ্ছব্দবাচ্যং তদসীতি গ্রাহয়েৎ মুমুক্ষুং চেতনং সন্তমচেতনোঽসীতি তদা বিপরীতবাদি শাস্ত্রং পুরুষস্যানর্থায়েত্যপ্রমাণং স্যাৎ। ন তু বিদোষং শাস্ত্রমপ্রমাণং কল্পয়িতুং যুক্তম্। যদি চাজ্ঞস্য সতোমুমুক্ষোরচেতনমনাত্মানমাত্মে-

স্যাদেতৎ। ব্রহ্মৈব জ্ঞীপ্সিতং, তচ্চ ন প্রথমং সূক্ষ্মতয়া শক্যং শ্বেতকেতুং

[ন...যুক্তম্] অর্থাৎ অচেতন প্রধান (জড়স্বভাব প্রকৃতি) আত্মশব্দের অবলম্বন হইবার অযোগ্য। তাহার হেতু এই যে, শ্রুতি "তাহাই আত্মা" এতদ্রূপে প্রকরণপ্রতিপাদ্য পরম সূক্ষ্ম (অত্যন্ত দুর্জ্ঞেয়) সৎ-পদার্থের উপদেশ করিয়া, পরে, "হে শ্বেতকেতো ! সেই আত্মা তুমি" এইরূপে মোক্ষয়িতব্য চেতন শ্বেতকেতুর আত্মনিষ্ঠতা উপদেশ পূর্ব্বক কহিয়াছেন "আচার্য্যবান্ পুরুষই এই তত্ত্ব জানিতে পারে এবং তাহার সেই কাল পর্য্যন্ত বিলম্ব, যে-পর্য্যন্ত না তাহার দেহপাত হয়। দেহপাত হইলেই সে সৎসম্পন্ন অর্থাৎ বিদেহমুক্তি বা ব্রহ্মভাব প্রাপ্ত হয়।" এখন বিবেচনা করিয়া দেখ, অচেতন প্রধান যদি সৎশব্দের বাচ্য হয়, আর মুমুক্ষু চেতনকে যদি "তুমি সেই অচেতন" এই বলিয়া গ্রহণ করান হয়, তাহা হইলে চেতনকে অচেতন বলিয়া গ্রহণ করান হেতু শাস্ত্রের শাস্ত্রতা থাকে না, এবং তাহা বিপরীতবাদী হওয়ায় অপ্রমাণ ও অনর্থের হেতু হইয়া উঠে। হিতশাসক নির্দোষ শাস্ত্রকে সদোষ ও অপ্রমাণ বলা সর্ব্বথা অযুক্ত। [যদি...ঋচ্ছেৎ] প্রমাণভূত শাস্ত্র যদি অজ্ঞান অথচ মুমুক্ষু এরূপ চেতনকে "তোমার আত্মা বা তুমি অচেতন" এইরূপ উপদেশ করেন, তাহা হইলে সে অবশ্যই তাহা বিশ্বাস

আত্মশব্দোঽচেতনে প্রধানে ন সম্ভবতীত্যুন্নেয়ম্। কুতঃ? তন্নিষ্ঠস্য আত্মনিষ্ঠস্য মোক্ষোপদেশাৎ।—আত্মনিষ্ঠ বা আত্মজ্ঞ পুরুষের মোক্ষ হইবার উপদেশ থাকায় অচেতন প্রকৃতিতে আত্মশব্দ প্রয়োগ অসম্ভব। ভাষ্যানুবাদে এ কথা বিস্তৃতরূপে ব্যাখ্যাত হইয়াছে।

ভ্যপদিশেৎপ্রমাণভূতং শাস্ত্রম্, স শ্রদ্দধানতয়াঽন্ধগোলাঙ্গুল-ন্যায়েন তদাত্মদৃষ্টিং ন পরিত্যজেৎ, তদ্ব্যতিরিক্তঞ্চাত্মানং ন প্রতিপদ্যেত। তথা সতি পুরুষার্থাদ্বিহন্যেতানর্থঞ্চ ঋচ্ছেৎ। তস্মাদ্ যথা স্বর্গাদ্যর্থিনোঽগ্নিহোত্রাদিসাধনং যথাভূতমুপ-দিশতি তথা মুমুক্ষোরপি স আত্মা তৎ ত্বমসি শ্বেতকেতো ইতি যথাভূতমেবাত্মানমুপদিশতীতি যুক্তম্। এবঞ্চ সতি তপ্তপরশুগ্রহণমোক্ষদৃষ্টান্তেন সত্যাভিসন্ধস্য মোক্ষোপদেশ

গ্রাহয়িতুমিতি তৎসম্বন্ধং প্রধানমেব স্থূলতয়াত্মত্বেন গ্রাহ্যতে শ্বেতকেতু-

করিবেক, অন্ধগোলাঙ্গুল দৃষ্টান্তে (১) অনাত্মায় আত্মবুদ্ধি স্থাপন করিবেক, তাহা আর ত্যাগ করিবেক না, অথচ তদ্ব্যতীত আত্মা জানিতে পারিবেক না; সুতরাং সে পুরুষার্থ হইতে ভ্রষ্ট ও অনর্থগতিপ্রাপ্ত ও নষ্ট হইবে। [তস্মাৎ...যুক্তম্] অতএব, শাস্ত্র যেমন স্বর্গার্থী পুরুষের প্রতি স্বর্গসাধক যথার্থ অগ্নিহোত্রাদি যাগ উপদেশ করেন, সেইরূপ, মুমুক্ষু পুরুষের প্রতিও যথাস্বরূপ আত্মার উপদেশ করিয়া থাকেন। এইরূপ বলাই উপযুক্ত। [এবঞ্চ...পদ্যেত] এরূপ হইলেই তপ্তপরশু গ্রহণ দৃষ্টান্তে (২) সত্যনিশ্চয়

---

(১) অন্ধগোলাঙ্গুল ন্যায় যথা;—কোন এক কুটিলমতি একদা এক অরণ্যে এক অসহায় অন্ধকে দেখিয়া জিজ্ঞাসা করিল, কি জন্য তুমি এই হিংস্রজন্তুপূর্ণ দুর্গমবনে কষ্টভোগ করিতেছ? শুনিয়া সে হৃষ্টচিত্তে বিপদুদ্ধার প্রত্যাশায় প্রত্যুত্তর করিল, আমি অন্ধ, দৈব-বিড়ম্বনায় এই দুর্গম বনে বন্ধুহীন ও পতিত আছি, ইহাতে আমার নিতান্ত কষ্ট হইতেছে, ইচ্ছা এই যে, কোনও প্রকারে নগর পথ প্রাপ্ত হইয়া তদবলম্বনে বন্ধুজনসমাকীর্ণ নগরে গিয়া সুখী হইব কিন্তু অনেককাল অতিবাহিত করিয়াও আমি সে পথ লাভ করিতে পারি নাই। ভাগ্যক্রমে আজ আপনাকে পাইলাম, সুখী হইলাম, অনুগ্রহ করিয়া আপনি আমাকে নগর প্রাপ্তির উপায় বলুন। অনন্তর সেই দুষ্ট পুরুষ নিকটে এক বন্য বৃষ বিচরণ করিতে দেখিয়া কষ্টসৃষ্টে তাহার লাঙ্গুল ধারণপূর্ব্বক অন্ধের হস্তে দিয়া বলিল, তুমি খুব্ সাবধানে ইহা ধরিয়া থাক, এ তোমাকে নগরে লইয়া যাইবে। সাবধান—যেন ছাড়িয়া দিও না। অনন্তর সেই গবয় (বন গোরু) বেদনাপ্রাপ্ত ও মনুষ্যস্পর্শে ভীত হইয়া সবেগে পলায়ন আরম্ভ করিল, নগরপ্রাপ্তির প্রত্যাশায় অন্ধ তাহার লাঙ্গুল ছাড়িল না, তাহাতে সে প্রচুর দুঃখভোগ করিয়া অবশেষে মৃতকল্প ও মোহপ্রাপ্ত হইল।

(২) পূর্ব্বকালে অগ্নিপরীক্ষা ছিল। অপরাধী বলিয়া রাজদ্বারে অভিযুক্ত হইলে ও অন্য প্রমাণ না থাকিলে রাজা তাহার হস্তে দগ্ধলোহ অর্পণ করিতেন। সে সত্যপ্রতিজ্ঞাপূর্ব্বক তাহা গ্রহণ করিত; মিথ্যুক হইলে মরিয়া যাইত, সত্য হইলে মরিত না।

উপপদ্যতে। অন্যথা হ্যমুখ্যে সদাত্মতত্ত্বোপদেশেঽহমুক্থমস্মীতি বিদ্যাদিতিবৎ সম্পন্মাত্রমিদমনিত্যফলং স্যাৎ, তত্র মোক্ষোপদেশোনোপপদ্যেত। তস্মান্ন সদণিমন্যাত্মশব্দস্য গৌণত্বম্। ভৃত্যে তু স্বামিভৃত্যভেদস্য প্রত্যক্ষত্বাদুপপন্ন আত্মশব্দোমমাত্মা ভদ্রসেন ইতি। অপি চ ক্বচিৎ গৌণঃশব্দোদৃষ্ট ইতি নৈতাবতা শব্দপ্রমাণকেঽর্থে গৌণী কল্পনা ন্যায্যা স্যাৎ। সর্ব্বত্রানাশ্বাসপ্রসঙ্গাৎ।

যত্তূক্তং চেতনাচেতনয়োঃ সাধারণ আত্মশব্দঃ ক্রতুজ্জ্বলনয়োরিব জ্যোতিঃশব্দ ইতি, তন্ন, অনেকার্থত্বস্যান্যায্যত্বাৎ।

রুন্ধতীমিবাতীব সূক্ষ্মাং দর্শয়িতুং তৎসন্নিহিতাং স্থূলতারকাং দর্শয়তীয়মসাবরুন্ধতীতি। অস্যাং শঙ্কায়ামুত্তরম্।—

ও মোক্ষোপদেশ উপপন্ন হইতে পারে। অন্যথা, অমুখ্যে মুখ্যাত্মার উপদেশ হওয়াতে তাহা "আমি উক্থ" এতদ্রূপ (৩) বিজ্ঞানের ন্যায় অধ্যস্ত ও অনিত্যফল হয়, তত্ত্বজ্ঞান ও নিত্যফল (মোক্ষ) হয় না। সুতরাং মোক্ষোপদেশ অসঙ্গত হয়। [তস্মাৎ...প্রসঙ্গাৎ] এই সকল কারণে, সেই পরম সূক্ষ্ম বা নিতান্ত দুর্জ্ঞেয় সদ্বস্তুতে আত্মশব্দের প্রয়োগ গৌণ নহে। ভৃত্যে আত্মশব্দের প্রয়োগ দৃষ্ট হয় সত্য; কিন্তু স্বামীর ও ভৃত্যের ভিন্নতা বা পার্থক্য প্রত্যক্ষ সিদ্ধ। তৎকারণে ভৃত্যের প্রতি আত্মশব্দের প্রয়োগ গৌণ ভিন্ন মুখ্য হয় না। যদিও কোথাও লোকব্যবহারে গৌণ প্রয়োগ হইয়া থাকে, তাই বলিয়া সর্ব্বত্রই শব্দপ্রমাণক অর্থে গৌণ কল্পনা করা সঙ্গত বা ন্যায্য নহে। সর্ব্বত্রই গৌণ কল্পনা করিতে গেলে কোথাও ও কোনও অর্থে আস্থা থাকিতে পারে না। [যত্তূক্তং... ন্যায্যত্বাৎ] বলিয়াছ যে, জ্যোতিঃ শব্দ যেমন ক্রতু ও জ্বলন (অগ্নি) উভয়বাচক, আত্মশব্দও তেমনি চেতন অচেতন উভয় বোধক। সে কথা সঙ্গত নহে। কেন-না, এক শব্দের একদা বহু অর্থ ন্যায্য নহে।

---

(৩) উক্থ্য অর্থাৎ প্রাণ। আমিই প্রাণ, এতদ্রূপে উপাসনা করিবার বিধান আছে। এই উপাসনা সম্পৎ-উপাসনা-নামে প্রসিদ্ধ। সম্পৎ উপাসনার লক্ষণ ও ফল পূর্ব্বে বলা হইয়াছে। আরও বলা হইবে।

তস্মাচ্চেতনবিষয়এব মুখ্য আত্মশব্দশ্চেতনত্বোপচারাদ্ভূতাদিষু প্রযুজ্যতে ভূতাত্মেন্দ্রিয়াত্মেতি চ। সাধারণত্বেঽপ্যাত্মশব্দস্য ন প্রকরণমুপপদং বা কিঞ্চিন্নিশ্চায়কমন্তরেণাঽন্যতরবৃত্তিতা নির্ধারয়িতুং শক্যতে। ন চাত্রাঽচেতনস্য নিশ্চায়কং কিঞ্চিৎ কারণমস্তি। প্রকৃতস্তু সদীক্ষিতৃ সন্নিহিতশ্চ চেতনঃ শ্বেতকেতুঃ। ন হি চেতনস্য শ্বেতকেতোরচেতন আত্মা সম্ভবতীত্যবোচাম। তস্মাচ্চেতনবিষয় ইহ আত্মশব্দ ইতি নিশ্চীয়তে। জ্যোতিঃশব্দোঽপি লৌকিকেন প্রয়োগেণ জ্বলন এব রূঢ়ঃ, অর্থবাদপ্রকল্পিতেন তু জ্বলনসাম্যেন ক্রতৌ প্রবৃত্ত ইত্যদৃষ্টান্তঃ। অথবা পূর্ব্বসূত্র এবাত্মশব্দং নিরস্তসমস্তগৌণত্বসাধারণত্বাশঙ্কতয়া ব্যাখ্যায় ততঃ স্বতন্ত্র এব প্রধানকারণ-

---

[তস্মাৎ...য়াত্মেতি চ] অতএব চেতন বিষয়েই আত্মশব্দের মুখ্য প্রয়োগ, আর চেতনাধিষ্ঠান প্রযুক্ত ভূতে ও ইন্দ্রিয়ে তাহার গৌণ প্রয়োগ। [সাধারণ...বোচাম] যদিও আত্মশব্দ সাধারণপর বল, উভয়ার্থক বল, তথাপি তাহার প্রকরণ বা উপপদ, কোন একটা নিশ্চায়ক ব্যতীত একতর বৃত্তিতা (নির্দ্দিষ্ট অর্থ বোধকতা) অবধারণ করিতে পার না। প্রস্তাবিত স্থলে আত্মশব্দের অচেতন বাচিতার বোধক বা নিশ্চায়ক প্রমাণ নাই। কিন্তু চেতন শ্বেতকেতু নিকটে থাকায় প্রস্তাবিত সতের চেতনতানিশ্চয় আছে। সতের চেতনতা নিশ্চয় থাকায় তদ্বিশেষণীভূত আত্মশব্দও চেতনপর, ইহা অবাধে নিশ্চয় হয়। চেতন শ্বেতকেতুর আত্মা বা স্বরূপ অচেতন, ইহা কখনই সম্ভব হয় না, এ কথা পূর্ব্বেই বলিয়াছি। [তস্মাৎ...নিশ্চীয়তে] অতএব, কথিতস্থলে চেতন বিষয়েই আত্মশব্দের প্রয়োগ, ইহা সহজেই নিশ্চয় করা যায়। [জ্যোতিঃ...দৃষ্টান্তঃ] জ্যোতিঃশব্দ লৌকিকপ্রয়োগে অগ্নিতে নিরূঢ় অর্থাৎ প্রসিদ্ধ। তবে আর্থবাদিক কল্পনার দ্বারা অগ্নিসাদৃশ্য অনুসারে জ্যোতিঃশব্দ কচিৎ যাগাদিতেও প্রযুক্ত হয়। এ নিমিত্ত উহা (জ্যোতিঃশব্দ) দৃষ্টান্ত হইতে পারে না। [অথবা...বাচ্যম্] কিংবা, পূর্ব্বসূত্রের দ্বারাই আত্মশব্দের গৌণত্ব শঙ্কা নিরাকৃত হইয়াছিল, এক্ষণে এ সূত্রে পৃথক্ রূপে প্রকৃতিকারণবাদ নিরাকৃত হইল। প্রকৃতিকারণ নিরা-

নিরাকরণে হেতুর্ব্ব্যাখ্যেয়ঃ তন্নিষ্ঠস্য মোক্ষোপদেশাদিতি। তস্মান্নাঽচেতনং প্রধানং সচ্ছব্দবাচ্যম্ ॥ ৭ ॥

কুতশ্চ ন প্রধানং সচ্ছব্দবাচ্যম্ ?

হেয়ত্বাবচনাচ্চ ॥ ৮ ॥ *

যদ্যনাত্মৈব প্রধানং সচ্ছব্দবাচ্যং স আত্মা তৎ ত্বমসীতি ইহোপদিষ্টং স্যাৎ স তদুপদেশশ্রবণাদনাত্মজ্ঞতয়া তন্নিষ্ঠো-মাভূদিতি মুখ্যমাত্মানমুপদিদিক্ষুস্তস্য হেয়ত্বং ব্রূয়াৎ যথা-

---

হেয়ত্বাবচনাচ্চ। চকারোঽনুক্তসমুচ্চয়ার্থস্তচ্চানুক্তং ভাষ্য উক্তম্।

অপিচ, জগৎকারণং প্রকৃত্য স্বপিতীত্যস্য নিরুক্তং কুর্বতী শ্রুতিশ্চেতন-মেব জগৎকারণং ব্রূতে। যদি স্বশব্দ আত্মবচনস্তথাপি চেতনস্য পুরুষস্যা-

---

কারণপক্ষেও "তন্নিষ্ঠস্ত মোক্ষোপদেশাৎ" এই হেতুসূত্র ব্যাখ্যাত হইতে পারে। অতএব প্রধান বা প্রকৃতি কোনও প্রকারে প্রস্তাবিত শ্রুতিস্থ (সৃষ্টি বোধক শ্রুতিস্থ) সৎ-শব্দের বাচ্য হইতে পারে না। প্রধান যে সৎ-শব্দের বাচ্য নহে, তৎপ্রতি আরও হেতু আছে। যথা—

[যদ্যনা...দৃশ্যতে] অনাত্মা প্রধান যদি শ্রুতিস্থ সৎ-শব্দের গৌণ অর্থ হইত এবং প্রধানকেই যদি "তৎ ত্বং অসি—তাহাই তুমি", এই বাক্যের দ্বারা চেতন শ্বেতকেতুর আত্মা বলিয়া উপদেশ করা হইত, তাহা হইলে শ্বেতকেতু সেই উপদেশ শ্রবণে অনাত্মজ্ঞ থাকিতেন। অপিচ, শ্রুতি অবশ্যই তাহাকে মুখ্য আত্মা বলিবার নিমিত্ত প্রথমোপদিষ্ট গৌণ আত্মার ত্যাজ্যতা বলিতেন। যেমন অরুন্ধতী দেখাইবার ইচ্ছায় অরুন্ধতী তারার নিকটস্থ স্থূল নক্ষত্রকে অরুন্ধতী বলিয়া দেখাইয়া, পশ্চাৎ তাহা অরুন্ধতী নহে বলিয়া প্রত্যাখ্যান পূর্ব্বক প্রকৃত অরুন্ধতীকে দেখান হইয়া থাকে, (১)

---

* হেয়ত্বস্য ত্যাজ্যতায়া অবচনাৎ অনভিধানাৎ চ অপি প্রধানং ন সৎ-শব্দবাচ্যম্। ইত্যক্ষরার্থঃ।—ত্যাগোপদেশ না থাকাতে প্রধান সৎশব্দবাচ্য নহে। (ভাষ্যানুবাদ দেখ)।

(১) পাণিগ্রহণ সংস্কার সমাপ্ত হইলে পতি নবোঢ়া পত্নীকে অরুন্ধতী-তারা দেখাইবেন, এইরূপ বিধান ও শাস্ত্রীয় সদাচার অদ্যাপি প্রচলিত আছে। অরুন্ধতী অতি দুর্লক্ষ্য তারা, সহজে দেখা যায় না, এবং তাহা সপ্তর্ষিমণ্ডলের (সাত ভেয়ে তারার) এক প্রান্তে থাকে। নববধূ সে তারা চেনে না, দেখ বলিলে দেখিতে পাইবে না, কাযেই তন্নিকটস্থ অন্য এক জ্বলন্ত তারা দেখাইয়া, তাহার দৃষ্টি আকর্ষণ করান হয়, পশ্চাৎ প্রকৃত অরুন্ধতী দেখান

ঽরুন্ধতীং দিদর্শয়িষুঃ তৎসমীপস্থাং স্থূলাস্তারামমুখ্যাং প্রথম-মরুন্ধতীতি গ্রাহয়িত্বা তাং প্রত্যাখ্যায় পশ্চাদরুন্ধতীমেব গ্রাহয়তি তদ্বন্নায়মাত্মেতি ব্রূয়াৎ ন চৈবমবোচৎ। সন্মাত্রা-বগতিনিষ্ঠৈব হি ষষ্ঠপ্রপাঠকপরিসমাপ্তির্দৃশ্যতে। চ-শব্দঃ প্রতিজ্ঞাবিরোধাভ্যুচ্চয়প্রদর্শনার্থঃ। সত্যপি হেয়ত্ববচনে প্রতিজ্ঞাবিরোধঃ প্রসজ্যেত। কারণবিজ্ঞানাদ্ধি সর্ব্বং বিজ্ঞাত-মিতি প্রতিজ্ঞাতং, উত তমাদেশমপ্রাক্ষ্যো যেনাশ্রুতং শ্রুতং ভবত্যমতং মতমবিজ্ঞাতং বিজ্ঞাতমিতি কথং নু ভগবঃ স আদেশো ভবতীতি যথা সৌম্যৈকেন মৃৎপিণ্ডেন সর্ব্বং মৃণ্ময়ং বিজ্ঞাতং স্যাদ্বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব

ঽচেতনপ্রধানত্বানুপপত্তিঃ। অথাত্মীয়বচনস্তথাপ্যচেতনে পুরুষার্থতয়াত্মী-য়েঽপি চেতনস্য প্রণয়ানুপপত্তিঃ। ন হি মৃদাত্মা ঘট আত্মীয়েঽপি পাথসি

শ্রুতি সেরূপ পথবর্ত্তিনী না হওয়ায় গৌণ আত্মার উপদেশ করেন নাই, একবারেই মুখ্য আত্মার উপদেশ করিয়াছেন, ইহা নিশ্চয় হয়। সেরূপ উপদেশ করিলে অবশ্যই গৌণ উপদেশের প্রত্যাখ্যান করিয়া দ্বিতীয়বার মুখ্য উপদেশ করিতেন। যখন ছান্দোগ্য উপনিষদের ষষ্ঠপ্রপাঠক প্রারম্ভা-বধি সমাপ্তি পর্য্যন্ত সমস্তই সৎস্বরূপ মুখ্য আত্মায় পর্য্যবসিত দেখা যায়, তখন আর দ্বিতীয় উপদেশ আছে, এরূপ কথা বলিতে পারিবে না। [চ-শব্দঃ...শ্রবণাৎ] সূত্রস্থ চ-শব্দ প্রতিজ্ঞাবিরোধরূপ হেত্বন্তরের উন্নায়ক। অর্থাৎ, ত্যাজ্যতাবচন থাকিলে প্রতিজ্ঞাবিরোধ দোষ হইতে পারে সুতরাং ত্যাজ্যতাবচন নাই ইহা চ-শব্দের দ্বারা জানান হইয়াছে। বস্তুতঃ ত্যাজ্যতাবচন না থাকায় ঐ উপদেশ মুখ্য, গৌণ নহে। শ্রুতি প্রথমেই প্রতিজ্ঞা করিয়াছেন যে, কারণ জ্ঞান হইতেই সমুদয় কার্য্য বস্তুর জ্ঞান হয়। যথা—শ্বেতকেতু গুরুকুলবাস সমাপ্ত করিয়া প্রত্যাগত হইলে পিতা তাহাকে

সুসাধ্য হয়। এই ব্যবহার হইতে অরুন্ধতী প্রদর্শন ন্যায় প্রবর্ত্তিত হইয়াছে। ইহারই অনুরূপ শাখাচন্দ্র ন্যায়। শাখাচন্দ্র ন্যায়ের উদাহরণ এইরূপ। বালক চন্দ্র চেনে না। কিন্তু উপ-দেষ্টা তাহাকে কৌশলে চাঁদ দেখান। তিনি বলেন, ঐ দেখ, গাছের ডালে চাঁদ। বালকের দৃষ্টি তদনুসারে বৃক্ষশাখায় স্থির হয়। পরে সে চাঁদ দেখে। ক্রমে সে চাঁদ কোথায় ও কি তাহাও জানিতে পারে।

সত্যম্, এবং সৌম্য স আদেশোভবতীতি বাক্যোপক্রমে শ্রবণাৎ। ন চ সচ্ছব্দবাচ্যে প্রধানে ভোগ্যবর্গকারণে হেয়ত্বেনাহেয়ত্বেন বা বিজ্ঞাতে ভোক্তৃবর্গোবিজ্ঞাতোভবতি অপ্রধানবিকারত্বাদ্ভোক্তৃবর্গস্য। তস্মান্ন প্রধানং সচ্ছব্দ-বাচ্যম্ ॥ ৮ ॥

কুতশ্চ ন প্রধানং সচ্ছব্দবাচ্যং,

স্বাপ্যয়াৎ ॥ ৯ ॥ *

প্রলীয়তে, অপি স্বাত্মভূতায়াং মৃদ্যেব। ন চ রজতমনাত্মভূতে শুক্তিনি প্রলীয়তে, কিং ত্বাত্মভূতায়াং শুক্তাবেবেত্যাহ।—

জিজ্ঞাসা করিলেন, "বৎস! তুমি কি গুরুকে সেই বস্তু জিজ্ঞাসা করিয়াছিলে? যে বস্তু শুনিলে সমস্ত শুনা হয়, যাহা জানিলে সমস্ত জানা হয়, মনন করিলে সমস্ত মনন করা হয়?" শ্বেতকেতু বলিলেন, "ভগবন্! কি প্রকারে সে আদেশ সম্ভবে?" পিতা প্রত্যুত্তর করিলেন, "সৌম্য! যেমন এক মৃৎপিণ্ডের দ্বারা সমস্ত মৃন্ময় জানা হয়, সেইরূপ। বিকার সকল বাক্যারভ্য অর্থাৎ বাক্যবোধ্য নাম মাত্র; সুতরাং মিথ্যা, মৃত্তিকাই তাহার সত্য। হে সৌম্য! চন্দ্রবৎপ্রিয়দর্শন! সে আদেশ অর্থাৎ সে বস্তু তদ্রূপ।" (২) [ন চ... বাচ্যম্] হেয়রূপেই হউক, আর অহেয়রূপেই হউক, ভোগ্য সমূহের কারণীভূত প্রধানের জ্ঞান হইলে যে ভোক্তৃসমূহের জ্ঞান হয়, ভোক্তা জানা হয়, তাহা হয় না। কেননা, ভোক্তৃসমূহ (ভোগকর্ত্তা জীবসংঘ) প্রধানের বিকার বা কার্য্য নহে। এতাবতা ইহাই সিদ্ধ হইতেছে যে, প্রধান সৎ-শব্দের বাচ্য নহে। অপিচ, অন্য হেতু থাকাতেও প্রধান সৎ-শব্দের বাচ্য নহে, জগৎকারণও নহে। যথা—

(২) শ্রুতি এবংক্রমে একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞানের প্রতিজ্ঞা করিয়াছেন অর্থাৎ সর্ব্ব-বিজ্ঞান হয় বলিয়াছেন। এ প্রতিজ্ঞা রক্ষা পায়, যদি কারণমাত্রের সত্যতা ও কার্য্যের অসত্যতা থাকে। শ্রুতি বিকারের অর্থাৎ কার্য্যের মিথ্যাত্ব নির্ণয় করিয়া কারণমাত্রের সত্যতা বর্ণন করিয়াছেন। ইহা দেখিয়া বলিতে হয়, যাহা জগৎকারণ তাহাই সত্য ও নির্ব্বিকার। তোমার প্রধান নির্ব্বিকার নহে, সবিকার এবং সবিকার বলিয়া শ্রুতির মতে তাহা মিথ্যা বা তুচ্ছ। কাযেই বলিতে হইতেছে, প্রধান বা প্রকৃতি শ্রুত্যুক্ত সৎশব্দের বাচ্য নহে; সুতরাং জগৎকারণও নহে।

* স্বস্মিন্ অপ্যয়ঃ লয়ঃ তস্মাৎ। সুষুপ্তিকালে জীবস্য স্বস্মিন্ স্বরূপে আত্মনি লয়শ্রবণাৎ

তদেব সচ্ছব্দবাচ্যং কারণং প্রকৃত্য শ্রূয়তে, যত্রৈতৎ পুরুষঃ স্বপিতি নাম সতা সোম্য তদা সম্পন্নোভবতি স্বমপীতোভবতি তস্মাদেনং স্বপিতীত্যাচক্ষতে স্বং হ্যপীতোভবতীতি। এষা শ্রুতিঃ স্বপিতীত্যেতৎ পুরুষস্য লোকপ্রসিদ্ধং নাম নির্ব্বক্তি। স্বশব্দেনেহাত্মোচ্যতে। যঃ প্রকৃতঃ সচ্ছব্দবাচ্যস্তমপীতোভবতি অপিগতোভবতীত্যর্থঃ। অপিপূর্ব্বস্যেতের্লয়ার্থত্বং প্রসিদ্ধং, প্রভবাপ্যয়াবিত্যুৎপত্তিপ্রলয়য়োঃ প্রয়োগদর্শনাৎ। মনঃপ্রচারোপাধিবিশেষসম্বন্ধাদিন্দ্রিয়ার্থান্

সুষুপ্তৌ জীবস্য সদাত্মনি স্বস্মিন্ অপ্যয়শ্রবণাৎ সচ্চেতনমেবিতি সূত্রযোজনা। এতৎ স্বপনং যথাস্যাৎ তথা যত্র সুষুপ্তৌ স্বপিতীতি নাম ভবতি তদা পুরুষঃ সতা সম্পন্ন একীভবতি। সদৈক্যেঽপি নামপ্রবৃত্তিঃ কথং তত্রাহ—"স্ব"মিতি। তত্র লোকপ্রসিদ্ধিমাহ—"তস্মা"দিতি। হি যস্মাৎ সদাত্মানং অপীতোভবতি তস্মাদিত্যর্থঃ। শ্রুতেস্তাৎপর্য্যমাহ—"এষা" ইত্যাদিনা। ইতের্ধাতোর্গত্যর্থস্য অপি-পূর্ব্বস্য লয়ার্থত্বেঽপি কথং নিত্যস্য জীবস্য লয় ইত্যাশঙ্ক্য উপাধিলয়াদিতি বক্তুং জাগ্রৎস্বপ্নয়োরুপাধিত্বমাহ—

[তদেব...দর্শনাৎ] শ্রুতি সৎশব্দ বাচ্য জগৎকারণের উল্লেখ করিয়া বলিয়াছেন, "সুপ্তিকালে এই পুরুষের "স্বপিতি" নাম হয় এবং সেই সময়ে ইনি সৎসম্পন্ন বা স্বরূপ প্রাপ্ত হন। অর্থাৎ তিনি সতের সহিত একীভূত হন। যেহেতু ইনি স্বরূপে অপীত হন, লীন হন, সেই হেতু ইহাঁকে "স্বপিতি" বলে।" এই শ্রুতি এতদ্রূপে পুরুষের বা আত্মার লোক প্রসিদ্ধ স্বপিতি নামের নির্ব্বচন (ব্যুৎপত্তি) দেখাইয়াছেন এবং "স্ব"-শব্দের দ্বারা আত্মাই বলিয়াছেন। অতএব, যাহা প্রকরণপ্রতিপাদ্য, তাহাই প্রকৃত ও সৎশব্দের বাচ্য এবং জীব তাহাতেই অপিগত হয়, এইরূপ অর্থ লব্ধ হইল। অপি-পূর্ব ই-ধাতুর অর্থ লয়, ইহা প্রসিদ্ধ। শাস্ত্রেও সেই প্রসিদ্ধি অনুসারে "অপ্যয়" শব্দের প্রয়োগ দেখা যায়।

[মনঃ...ত্যুচ্যতে] ইন্দ্রিয়ের দ্বারা মনের বিষয়াকারা বৃত্তি জন্মে; সেই

ন সৎশব্দবাচ্যং প্রধানমিতি সূত্রাক্ষরাণামর্থঃ।—সুষুপ্তি কালে জীব আপন স্বরূপে লীন হয়, সে স্বরূপ সৎ ও আত্মা, সুতরাং সৎশব্দ আত্মারই বাচক, প্রধানের বাচক নহে। (ভাষ্যানুবাদ দেখ)।

গৃহ্লংস্তদ্বিশেষাপন্নোজীবোজাগর্ত্তি, তদ্বাসনাবিশিষ্টঃ স্বপ্নান্ পশ্যন্মনঃশব্দবাচ্যোভবতি। স উপাধিদ্বয়োপরমে সুষুপ্ত্য-বস্থায়ামুপাধিকৃতবিশেষাভাবাৎ স্বাত্মনি প্রলীন ইবেতি স্বং হ্যপীতোভবতীত্যুচ্যতে। যথা হৃদয়শব্দনির্ব্বচনং শ্রুত্যা দর্শিতং, স বা এষ আত্মা হৃদি, তস্যৈতদেব নিরুক্তং হৃদ্যয়-

"মন" ইতি। ঐন্দ্রিয়কমনোবৃত্তয় উপাধয়ঃ। তৈর্ঘটাদিস্থূলার্থবিশেষাণাং আত্মনা সম্বন্ধাৎ আত্মা তানিন্দ্রিয়ার্থান্ পশ্যন্ স্থূলবিশেষেণ দেহেনৈক্য-ভ্রান্তিমাপন্নো বিশ্বসংজ্ঞোজাগর্ত্তি। জাগ্রদ্বাসনাশ্রয়মনোবিশিষ্টঃ সন্ তৈজস সংজ্ঞঃ স্বপ্নে বিচিত্রবাসনাসহকৃতমায়াপরিণামান্ পশ্যন্ 'সৌম্য! তন্মনঃ' ইতি শ্রুতিস্থমনঃশব্দবাচ্যো ভবতি। স আত্মা স্থূলসূক্ষ্মোপাধিদ্বয়োপর-মেঽহং নরঃ কর্ত্তেতি বিশেষাভিমানাঽভাবাৎ লীন ইত্যুপচর্য্যত ইত্যর্থঃ। নন্থ স্বপিতীতিনামনিরুক্তেরর্থবাদত্বাৎ ন যথার্থতা ইত্যত আহ—"যথা"ইতি। তস্য হৃদয়শব্দস্য তন্নির্ব্বচনম্। তদশিতময়ং দ্রবীকৃত্য নয়ন্তে জরয়ন্তীত্যাপ

সকল মনোবৃত্তির নাম মনঃপ্রচার। আত্মা সেই মনঃপ্রচারে উপহিত বা তত্তাদাত্ম্য প্রাপ্ত হইয়া ইন্দ্রিয়গ্রাহ্য স্থূল বিষয় গ্রহণ করতঃ জাগ্রৎ আখ্যা প্রাপ্ত হন। আবার তিনিই সেই জাগ্রদ্বাসনাবিশিষ্ট মনোমাত্রে উপহিত হইয়া স্বপ্ন অনুভব করেন। জাগ্রৎ ও স্বপ্ন এই দুই উপাধি যখন থাকে না, বিলীন হয়, তখন তিনি সুপ্ত হন। সুপ্ত অবস্থায় অর্থাৎ সুষুপ্তিকালে মনের বৈচিত্র্য থাকে না, সূক্ষ্ম অজ্ঞানবৃত্তি ভিন্ন অন্য কোন বৃত্তি থাকে না, কাযেই এই কালে আত্মা বিস্পষ্ট ও বিচিত্র মনোবৃত্তিরূপ উপাধির অভাবে আপন স্বরূপ প্রাপ্তের ন্যায় হন অথবা আপনাতে আপনি লীন হন। (মনোবৃত্তির লয়ে আত্মার স্বরূপ প্রাপ্তি ও জীবের লয় এবং মনের প্রচারে আত্মার প্রচার বা উত্থান কল্পিত হয়)। শ্রুতি এই তথ্য উপদেশ করিবার জন্যই আত্মার "স্বপিতি" নাম দিয়া বলিয়াছেন। যেহেতু তিনি স্বং অপীতো-ভবতি অর্থাৎ আপন স্বরূপ প্রাপ্ত হন অথবা আপন স্বরূপে গিয়া লীন হন, সেই হেতু তাঁহাকে "স্বপিতি" বলা যায়। [যথা .দর্শয়তি] শ্রুতি যেমন হৃদয়-শব্দের ব্যুৎপত্তি বলিয়াছেন (১), অশনায়া ও উদন্যা শব্দের

(১) হৃদি অয়ং হৃদয়ং। যে হেতু সেই আত্মা এই হৃদয়ে, সেই হেতু ইঁহার অন্য নাম হৃদয়। বক্ষোমধ্যে পুণ্ডরীকাকার মাংসখণ্ড, তন্মধ্যে আকাশ, সেই আকাশই আত্মার উপ-

মিতি, তস্মাদুদন্যমিতি, যথা চাশনায়োদন্যাশব্দপ্রবৃত্তিমূলং দর্শয়তি শ্রুতিঃ, আপএব তদশিতং নয়ন্তে তেজএব তৎ পীতং নয়ত ইতি চ, এবং স্বমাত্মানং সচ্ছব্দবাচ্যমপীতোভবতীতি ইমমর্থং স্বপিতিনামনির্ব্বচনেন দর্শয়তি। ন চ চেতন আত্মাঽচেতনং প্রধানং স্বরূপত্বেন প্রতিপদ্যেত। যদি পুনঃ প্রধানমেবাত্মীয়ত্বাৎ স্বশব্দেনোচ্যেত, এবমপি চেতনোঽচেতনমপ্যেতীতি বিরুদ্ধমাপদ্যেত। শ্রুত্যন্তরঞ্চ, প্রাজ্ঞেনাত্মনা সম্পরিষ্বক্তো ন বাহ্যং কিঞ্চন বেদ নান্তরমিতি,

---

এবাঽশনায়াপদার্থঃ। তৎপীতমুদকং নয়তে শোষয়তি ইতি তেজ এবোদন্যম্। অত্র দীর্ঘশ্ছান্দসঃ। এবমিদমপি নির্ব্বচনং যথার্থমিত্যাহ—"এব"মিতি। ইদঞ্চ প্রধানপক্ষে ন যুক্তমিত্যাহ—"ন চে"তি। স্বশব্দস্যাত্মনীবাত্মীয়েঽপি

নির্ব্বচন দেখাইয়াছেন, (২) তেমনি, সৎ-শব্দ বাচ্য আত্মার "স্বপিতি" নামেরও প্রোক্ত প্রকার নির্ব্বচন (ব্যুৎপত্তি অর্থাৎ তদ্রূপ নাম হওয়ার কারণ) বলিয়াছেন (৩)। ঐ নির্ব্বচন প্রকৃতিপক্ষে সঙ্গত হয় না। [ন চ... পদ্যতে] আত্মা প্রকৃতির স্বরূপ প্রাপ্ত হন, অচেতন হন, এ অর্থ সর্ব্বথা অযুক্ত। যাহা চেতন তাহা কখনও অচেতন হয় না। [যদি...মাপদ্যেত] স্ব-শব্দের "আত্মসম্বন্ধীয়"-অর্থ থাকে থাকুক, কিন্তু এখানে সে অর্থ (আত্মসম্পর্কবিশিষ্ট প্রকৃতি এরূপ অর্থ) করিতে পার না। তাহার হেতু এই যে, চেতন অচেতন হয় অথবা চেতন অচেতনে লয় হয়, ইহা সম্পূর্ণ বিরুদ্ধ। [শ্রুত্যন্তরং...প্রধানম্] অন্যান্য শ্রুতিতেও সুপ্তিকালে জীবের "সুপ্তিকালে জীব প্রাজ্ঞস্বরূপে পরিষক্ত হওয়ায় বাহ্য ও আন্তর কোনও পদার্থ জানিতে

লব্ধি স্থান, ধ্যানের বা উপাসনার স্থান। এই তাৎপর্য্য ঐ প্রকার বাগ্‌ভঙ্গীর দ্বারা লব্ধ হয় বা হইতেছে।

(২) জল অশিত দ্রব্য অর্থাৎ ভুক্তান্ন সকল দ্রব করিয়া জীর্ণ করে, পরিপাক করে, তাই তাহাকে "অশনায়া" বলা হয়। তেজঃ পীতজলের শোষণ করে, তাই তাহা উদন্যা নামে উক্ত হয়। পরিপাক হইলে ক্ষুধা বা ভোজনস্পৃহা জন্মে বলিয়া লৌকিক অভিধানে অশনায়া শব্দের অর্থ বুভুক্ষা, এবং তেজঃ দ্বারা পীতজল শুষ্ক হইলে পুনর্ব্বার জলপানের ইচ্ছা হয় বলিয়া উদন্যা শব্দের পিপাসা নামও প্রচারিত আছে।

(৩) ভাষ্যকারের অভিপ্রায় ও বিশ্বাস এই যে, শ্রুত্যুক্ত ঐ সকল নির্ব্বচন বা ব্যুৎপত্তি যথার্থ। অর্থাৎ সত্য। সুতরাং আদৃশ সত্য বা যথার্থ অর্থ পরিত্যাগ করা সর্ব্বথা অযুক্ত।

সুষুপ্ত্যবস্থায়াং চেতনে অপ্যয়ং দর্শয়তি। অতো যস্মিন্নপ্যয়ঃ সর্ব্বেষাং চেতনানাং তচ্চেতনং সচ্ছব্দবাচ্যং জগতঃ কারণং ন প্রধানম্ ॥ ৯ ॥

কুতশ্চ ন প্রধানং জগতঃ কারণং,

গতিসামান্যাৎ ॥ ১০ ॥*

যদি তার্কিকসময় ইব বেদান্তেষ্বপি ভিন্না কারণাবগতিরভবিষ্যৎ ক্বচিচ্চেতনং ব্রহ্ম জগতঃ কারণং ক্বচিদচেতনং প্রধানং ক্বচিদন্যদেবেতি, ততঃ কদাচিৎ প্রধানকারণবাদানুরোধেনাপি ঈক্ষত্যাদিশ্রবণমকল্পয়িষ্যৎ, ন ত্বেতদস্তি। সমা-

শক্তিরস্তীত্যাশঙ্ক্যাহ—"যদি" ইতি। প্রাজ্ঞেন বিশ্বচৈতন্যেনেশ্বরেণ সংপরিষক্তো ভেদভ্রমাভাবেনাভেদ ইত্যর্থঃ। [ইতি রত্নপ্রভা টীকা।]

গতিরবগতিঃ। "তার্কিকসময় ইব" ইতি। যথা হি তার্কিকাণাং সময়-

পাবে না" ইত্যাদিক্রমে চেতনে লীন হওয়ার প্রণালী দর্শিত হইয়াছে। অতএব, যে-চৈতন্যে সমুদয় জীবের বা জীবধর্ম্মের অপ্যয় হয়, সেই ঈশ্বর চৈতন্যই সৎ-শব্দের বাচ্য ও জগতের হেতু বা মূল কারণ। প্রকৃতি যে জগৎ-কারণ নহে, তৎপক্ষে অন্য হেতুও আছে। যথা—

[যদি...গতিঃ] তার্কিকদিগের শাস্ত্রে যেমন ভিন্ন ভিন্ন জগৎকারণ (১) বিজ্ঞাপিত আছে, বেদান্তে যদি সেরূপ হইত বা থাকিত, তাহা হইলে না-হয় কষ্টসৃষ্টে প্রকৃতিকারণবাদ রক্ষার্থ ঈক্ষতি প্রভৃতি শব্দের অর্থ প্রকৃতিপর করিয়া লইতে। কিন্তু বেদান্তে তাহা বা সেরূপ নাই। অর্থাৎ বেদান্তমধ্যে সেরূপ বিভিন্ন কারণ বিজ্ঞাপিত হয় নাই। প্রণিধান কর, দেখিতে পাইবে,

---

* গতিঃ অবগতিঃ। তস্যাঃ সামান্যং সমানতা। তস্মাৎ। যস্মাৎ সর্ব্বেষপি বেদান্তবাক্যেষু সমানা চেতনকারণাবগতিঃ, তস্মাচ্চেতন এব জগৎকারণং নান্যদিতি সূত্রার্থঃ।— যেহেতু সমুদায় সৃষ্টিবোধক বেদান্তবাক্যে সমানরূপে চেতনেরই জগৎকারণতা প্রতীত হয়, সেই হেতু চেতন ব্রহ্মই জগৎকারণ, অন্য কিছু (প্রধান বা পরমাণু প্রভৃতি) নহে।

(১) কোন তার্কিকের শাস্ত্রে চেতন পরমেশ্বর, কোন তার্কিকের শাস্ত্রে অচেতন প্রধান, কোন তার্কিকের শাস্ত্রে অচেতন পরমাণু।

নৈব হি সর্ব্বেষু বেদান্তেষু চেতনকারণাবগতিঃ, যথাগ্নের্জ্বলতঃ সর্ব্বা দিশো বিস্ফুলিঙ্গা বিপ্রতিষ্ঠেরন্নেবমেবৈতস্মাদাত্মনঃ সর্ব্বে প্রাণা যথায়তনং প্রতিষ্ঠন্তে প্রাণেভ্যো দেবা দেবেভ্যো লোকা ইতি, তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূত ইতি, আত্মন এবেদং সর্ব্বমিতি, আত্মন এষ প্রাণোহজায়ত ইতি চাত্মনঃ কারণত্বং দর্শয়ন্তি সর্ব্বে বেদান্তাঃ। আত্মশব্দশ্চ চেতনবচন ইত্যবোচাম। মহচ্চ প্রামাণ্যকারণমেতৎ যদ্বে-দান্তবাক্যানাং চেতনকারণত্বে সমানগতিত্বং চক্ষুরাদীনামিব

ভেদেষু পরস্পরপরাহতার্থতা, নৈবং বেদান্তেষু পরস্পরপরাহতিঃ। অপি তু তেষু সর্ব্বত্র জগৎকারণচৈতন্যাবগতিঃ সমানেতি। "চক্ষুরাদীনামিব রূপা-

---

সমুদায় বেদান্তবাক্যে সমানরূপে চেতনকারণবিষয়ক জ্ঞান নিহিত আছে। [যথা বোচাম] যথা—"যদ্রূপ, জ্বলমান বহ্নি হইতে বিস্ফুলিঙ্গ প্রাদুর্ভূত হয়, হইয়া সর্ব্বদিক্ গমন করে, সেইরূপ, পরমাত্মা হইতে প্রাণ সকল (ইন্দ্রিয় সকল) আবির্ভূত হয়, হইয়া স্ব স্ব স্থানে (আপন আপন গোলকে) গিয়া স্থিতি করে। এইরূপ প্রাণসৃষ্টির পর তদনুগ্রাহক দেব-তার (সূর্য্যাদির) সৃষ্টি হয়, এবং সেই সেই সৃষ্টদেবতা হইতে লোক অর্থাৎ ভোগ্য সকল জন্মে।" "সেই এই আত্মা হইতেই এই আকাশ আবির্ভূত হইয়াছে।" "যে কিছু জ্ঞেয় বা যে কিছু জ্ঞানগম্য, সমুদায়ই আত্মা হইতে হইয়াছে।" "এই প্রাণ আত্মা হইতেই জন্মে।" ইত্যাদি ইত্যাদি অনেক বেদান্তবাক্য আছে, এ সকলের কোনও বাক্য অচেতন-কারণ বোধক নহে। সমুদায়ই আত্মকারণ-বোধক। আত্মশব্দ যে চেতন-বাচী, তাহা পূর্ব্বে বলা হইয়াছে। [মহচ্চ রূপাদিষু] যেমন রূপাদি বিষয়ে চক্ষুরাদি ইন্দ্রিয়ের সমান গতি, তৎকারণে যেমন রূপাদি জ্ঞানে চক্ষুরাদি ইন্দ্রিয়ের প্রামাণ্য অটল, তেমনি, চেতনকারণবিষয়েও বেদান্ত-বাক্য সমূহের সমান গতি (বোধিকা শক্তি সমান) এবং সেই সমান গতিত্বহেতুক তত্ত্বাবতের প্রামাণ্যও অকাট্য। (২) [অতো...কারণম্]

---

(২) এক জনের চোক্ যাহা দেখে, আর আর জনের চোক যদি ঠিক তাহাই দেখে, তাহা হইলে যেমন তাহা মিথ্যা বলিতে পারে না, যথার্থ বলিতে বাধ্য হও, তেমনি, এক

রূপাদিষু। অতোগতিসামান্যাৎ সর্ব্বজ্ঞং ব্রহ্ম জগতঃ কারণম্ ॥১০॥

কুতশ্চ সর্ব্বজ্ঞং ব্রহ্ম জগতঃ কারণম্,—

শ্রুতত্বাচ্চ ॥ ১১ ॥ *

স্বশব্দেনৈব সর্ব্বজ্ঞ ঈশ্বরোজগতঃ কারণমিতি শ্রূয়তে শ্বেতাশ্বতরাণাং মন্ত্রোপনিষদি। সর্ব্বজ্ঞমীশ্বরং প্রকৃত্য, স কারণং করণাধিপাধিপোন চাস্য কশ্চিজ্জনিতা ন চাধিপ ইতি। তস্মাৎ সর্ব্বজ্ঞং ব্রহ্ম জগতঃ কারণং নাচেতনং প্রধানমন্যদ্বেতি সিদ্ধম্ ॥ ১১ ॥

দিষু"। যথা হি সর্ব্বেষাং চক্ষূরূপমেব গ্রাহয়তি ন পুনাবসাদিকং কস্যচিদ্দর্শয়তি কস্যচিদ্রূপম্। এবং বসনাদিষ্বপি গতিসামান্যং দর্শনীয়ম্।

তদৈক্ষতেত্যত্র ঈক্ষণমাত্রং জগৎকারণস্য শ্রুতং ন তু সর্ব্ববিষয়ম্। জগৎকাবণসম্বন্ধিতযা তু তদর্থাৎ সর্ব্ববিষয়মবগতং শ্বেতাশ্বতরাণামুপনিষদি সর্ব্বজ্ঞ ঈশ্ববোজগৎকাবণমিতি সাক্ষাদুক্তমিতি বিশেষঃ।

প্রদর্শিত হেতুতে ইহাই স্থির হইল যে, সর্ব্বজ্ঞ ব্রহ্মই জগৎকারণ, অন্য কেহ নহে। ব্রহ্মের জগৎকারণতাপক্ষে আরও হেতু আছে। যথা—

[স্ব...ইতি] "ঈশ্বর জগৎকাবণ" এ কথা শ্রুতি স্ব-শব্দের দ্বারা অর্থাৎ চেতনবাচক শব্দের দ্বারা বলিয়াছেন। শ্বেতাশ্বতর উপনিষদে "ঈশ্বর সর্ব্বজ্ঞ" এইরূপ উপদেশেব পর কথিত হইয়াছে "সেই সর্ব্বজ্ঞ ঈশ্বরই জগতের কাবণ এবং জীবগণের অধিপতি। তাঁহার জনক নাই এবং অধিপতিও নাই।" [তস্মাৎ...সিদ্ধম্] এ হেতুতেও ব্রহ্মের জগৎকারণতা সিদ্ধ হয়, প্রধানের অথবা অন্য কোন অচেতনের জগৎকারণতা সিদ্ধ হয় না।

বেদান্তবাক্য যাহা বলে, অন্য বাক্য যদি ঠিক্ তাহাই বলে, তবে তাহাও উক্ত দৃষ্টান্তে সত্য হইবে, মিথ্যা বলিতে পারিবে না। বাধা হইয়া সত্য বলিতে হইবে। অর্থাৎ চেতনকারণবাদকেই সত্য বলিয়া স্বীকার করিতে হইবে, মিথ্যা বলিতে পারিবে না।

* সর্ব্বজ্ঞমীশ্বরং প্রকৃত্য, স সর্ব্বজ্ঞঃ কারণমিতি শ্রুত্যা অভিহিতত্বাৎ নাচেতনং প্রধানং জগৎকারণমিতি সূত্রার্থঃ।—শ্বেতাশ্বতর শ্রুতিতে সর্ব্বজ্ঞ ঈশ্বর জগৎকারণ, এইরূপ অভিহিত বা উক্ত হওয়ায় চেতন ব্রহ্মই জগৎকারণ, অচেতন প্রধান জগৎকারণ নহে, ইহা সিদ্ধ হয়।

জন্মাদ্যস্য যত ইত্যারভ্য শ্রুতত্বাচ্চেত্যেবমন্তৈঃ সূত্রৈ-র্যান্যুদাহৃতানি বেদান্তবাক্যানি তেষাং সর্ব্বজ্ঞঃ সর্ব্বশক্তি-রীশ্বরোজগতোজন্মস্থিতিলয়কারণমিত্যেতস্যার্থস্য প্রতিপা-দকত্বং ন্যায়পূর্ব্বকং প্রতিপাদিতং। গতিসামান্যোপন্যাসেন চ সর্ব্বে বেদান্তাশ্চেতনকারণবাদিন ইতি ব্যাখ্যাতম্। অতঃ পরস্য গ্রন্থস্য কিমুত্থানমিত্যুচ্যতে। দ্বিরূপং হি ব্রহ্মাবগম্যতে নামরূপবিকারভেদোপাধিবিশিষ্টং তদ্বিপরীতঞ্চ সর্ব্বোপাধি-বর্জ্জিতম্। যত্র হি দ্বৈতমিব ভবতি তদিতর ইতরং পশ্যতি, যত্র ত্বস্য সর্ব্বমাত্মৈবাভূৎ তৎ কেন কং পশ্যেৎ, যত্র নান্যৎ

উত্তরসূত্রসন্দর্ভমাক্ষিপতি।—"জন্মাদ্যস্য যত ইত্যারভ্য"। ব্রহ্ম জিজ্ঞা-সিতব্যমিতি প্রতিজ্ঞাতং, তচ্চ শাস্ত্রৈকসমধিগম্যং, শাস্ত্রঞ্চ সর্ব্বজ্ঞে সর্ব্বশক্তৌ জগদুৎপত্তিস্থিতিপ্রলয়কারণে ব্রহ্মণ্যেব প্রমাণং ন প্রধানাদাবিতি ন্যায়তো-ব্যুৎপাদিতম্। ন চাস্তি কশ্চিদ্বেদান্তভাগোযস্তদ্বিপরীতমপি বোধয়েদিতি চ গতিসামান্যাদিত্যুক্তম্। তৎকিমপরমবশিষ্যতে যদর্থমুত্তরসূত্রসন্দর্ভস্যা-বতারঃ স্যাদিতি। "কিমুত্থানমিতি" কিমাক্ষেপে। সমাধত্তে।—"উচ্যতে দ্বিরূপং হি" ইতি। যদ্যপি তত্ত্বতোনিরস্তসমস্তোপাধিরূপং ব্রহ্ম তথাপি ন তেন রূপেণ শক্যমুপদেষ্টুমিত্যুপহিতেন রূপেণোপদেষ্টব্যমিতি। তত্র চ ক-

---

[জন্মা.. উচ্যতে] প্রথম সূত্র হইতে "শ্রুতত্বাৎ" সূত্র পর্য্যন্ত যে-সকল বেদান্তবাক্য উদাহৃত হইয়াছে, সে সকলের প্রতিপাদ্য সর্ব্বজ্ঞ সর্ব্বশক্তি ঈশ্বর এবং তিনিই এই জড়জগতের মুখ্য কারণ, ইহা যুক্তিপূর্ব্বক প্রতিপাদিত হইয়াছে। অপিচ, সৃষ্টিবোধক যত বেদান্তবাক্য আছে, সে সমুদায়ই যে চেতনকারণবাদী, তাহা "গতিসামান্যাৎ" সূত্রের দ্বারা নির্ণীত হইয়াছে। অতএব, এক্ষণে আর এমন কি বক্তব্য আছে যে তাহার জন্য অতঃপর-গ্রন্থের অর্থাৎ অন্যান্য সূত্র বলিবার প্রয়োজন আছে? বলিতেছি। [দ্বি... বর্জ্জিতম্] শ্রুতিতে দ্বিবিধ ব্রহ্ম অভিহিত হইতে দেখা যায়। এক সগুণ, অপর নির্গুণ। যাহা নামরূপাত্মক বিকার বিশেষে উপহিত, তাহা সগুণ এবং যাহা তাহার বিপরীত অর্থাৎ উপাধি বা উপাধিসম্বন্ধরহিত, তাহা নির্গুণ। যথা—[যত্র...বাক্যানি] "যখন দ্বৈততুল্য (কল্পিত ভেদ বা উপাধিযুক্ততা) হয়, বা ঘটে, তখনই অন্য অন্যকে দেখে। কিন্তু যখন এ সমুদয় আত্ম-

পশ্যতি নান্যচ্ছৃণোতি নান্যদ্বিজানাতি স ভূমা, অথ যত্রান্যৎ পশ্যত্যন্যচ্ছৃণোত্যন্যদ্বিজানাতি তদল্পং, যো বৈ ভূমা তদমৃতং, অথ যদল্পং তন্মর্ত্ত্যং, সর্ব্বাণি রূপাণি বিচিত্য ধীরো নামানি কৃত্বাভিবদন্ যদাস্তে, নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনম্, অমৃতস্য পরং সেতুং দগ্ধেন্ধনমিবানলং, নেতি নেতি, অস্থূলমনণ্বহ্রস্বমদীর্ঘমিতি, ন্যূনমন্যৎ স্থানং, সম্পূর্ণমন্যৎ ইতি চৈবং সহস্রশোবিদ্যাবিদ্যাবিষয়ভেদেন ব্রহ্মণো-

---

ভূত হয়, আত্মা বলিয়া অনুভূত হয়, তখন কে কাহাকে কি দিয়া দেখিবে?" "যৎস্বরূপে অন্য দর্শন নাই, অন্য শ্রবণ নাই, অন্য বিজ্ঞান নাই, অর্থাৎ কোন প্রকার ভেদব্যবহারের উপযোগ নাই, সেই স্বরূপই ভূমা অর্থাৎ ব্রহ্ম। আর যাহাতে বা যে-কালে অথবা যৎস্বরূপে অন্য দর্শন হয়, ভেদদর্শন বা নানা জ্ঞান হয়, বহু অনাত্মপদার্থ দৃষ্ট শ্রুত ও বিজ্ঞাত হয়, তাহা ভূমা নহে, তাহা অল্প। যাহা ভূমা তাহা অমৃত অর্থাৎ অনশ্বর বা নিত্য। আর যাহা অল্প অর্থাৎ পরিচ্ছিন্ন, তাহা মর্ত্ত্য। নশ্বর বা অনিত্য।" (১) "সেই ধীর (পরমাত্মা) নানারূপ সৃষ্টি করিয়া সে সকলের নামকরণ করতঃ স্বসৃষ্ট বুদ্ধ্যাদিতে প্রবিষ্ট বা আবিষ্ট হইয়া জীবভাবে বিরাজ করিতেছেন।" (এটী সগুণ ব্রহ্ম বোধক বাক্য)। "যিনি নিষ্কল—নিরবয়ব, নিষ্ক্রিয়—অপরিণামী, নিরবদ্য—নির্দ্দোষ, নিরঞ্জন—তমোবর্জ্জিত, মোক্ষের সেতু ও শান্ত অর্থাৎ দগ্ধকাষ্ঠ বহ্নির ন্যায় নির্ব্বাণপ্রাপ্ত।" (২) (এটী নির্গুণব্রহ্মবোধক বাক্য)। "তিনি ইহা নহেন, তাহা নহেন, স্থূল নহেন, সূক্ষ্ম নহেন, হ্রস্ব নহেন, দীর্ঘও নহেন।

---

(১) এই নিত্য ভূমাই নির্গুণ ব্রহ্ম। অল্প বা উপাধ্যুপহিত ব্রহ্মই সগুণ ব্রহ্ম। ভূম-ব্রহ্ম সাক্ষাৎকার কালে জগদ্দর্শন হয় না। জগৎ তখন আত্মভাবে পর্য্যবসিত হয়। তখন কেবল এক অনন্ত ও অচ্ছিন্ন চিৎপ্রবাহমাত্র বিদ্যমান থাকে। সুতরাং তাহা ভূমা অর্থাৎ ব্রহ্ম। কোন প্রকার ভেদ না থাকায় এই ভূমব্রহ্ম নির্গুণ ব্রহ্ম নামে পরিচিত। উপাধি সকল অল্প অর্থাৎ পরিচ্ছিন্ন ও অনিত্য। সুতরাং তদুপধান কালে তিনি (ব্রহ্ম) অল্প। এই অল্প বা পরিচ্ছিন্ন ব্রহ্ম উপাধিগুণে গুণবান্, সুতরাং সগুণ। ব্রহ্মেরই সোপাধিকত্বকালে বা গুণবত্তাকালে দ্বৈতদর্শন হয়। দ্বৈতদর্শনের মূলকারণ উপাধি। এই উপাধি অনিত্য ও সত্তর।

(২) অনল কাষ্ঠদগ্ধ হইলেই নির্ব্বাণ প্রাপ্ত হয়। ব্রহ্মও অবিদ্যাযোগে সগুণ থাকেন, আবার অবিদ্যা মুক্ত হইলে নির্গুণ হন। অনল আশ্রিত কাষ্ঠ বিনাশ করিয়া অবশেষে আপনি বিনষ্ট হয়, অবিদ্যাও যোদ্ভূত সংসার নষ্ট করিয়া স্বয়ং বিনষ্ট হয়।

দ্বিরূপতাং দর্শয়ন্তি বাক্যানি। তত্রাবিদ্যাবস্থায়াং ব্রহ্মণ উপাস্যোপাসকাদিলক্ষণঃ সর্ব্বোব্যবহারঃ। তত্র কানিচিৎ ব্রহ্মণ উপাসনান্যভ্যুদয়ার্থানি কানিচিৎ ক্রমমুক্ত্যর্থানি কানিচিৎ কর্ম্মসমৃদ্ধ্যর্থানি। তেষাং গুণবিশেষোপাধিভেদেন ভেদঃ। এক এব তু পরমাত্মেশ্বরস্তৈস্তৈর্গুণবিশেষৈর্ব্বিশিষ্ট

টিদুপাধির্ব্বিবক্ষিতঃ। তদুপাসনানি "কানিচিদভ্যুদয়ার্থানি" মনোমাত্রসাধনতয়াঽত্র পঠিতানি। "কানিচিৎ ক্রমমুক্ত্যর্থানি, কানিচিৎ কর্ম্মসমৃদ্ধ্যর্থানি"। কচিৎ পুনরুক্তোপ্যুপাধিরবিবক্ষিতো যথাঽত্রৈবাঽন্নময়াদয় আনন্দময়ান্তাঃ পঞ্চকোশাঃ। তদত্র কস্মিন্নুপাধির্ব্বিবক্ষিতঃ কস্মিন্নেতি নাদ্যাপি বিবেচিতম্। তথা গতিসামান্যমপি সিদ্ধবদুক্তং ন ত্বদ্যাপি সাধিতমিতি। তদর্থমুত্তরগ্রন্থসন্দর্ভাবস্ত ইত্যর্থঃ। স্যাদেতৎ। পরস্যাত্মনস্তত্তদুপাধিভেদবিশিষ্টস্যাপ্যভেদাৎ কথমুপাসনাভেদঃ কথঞ্চ ফলভেদ ইত্যত আহ।—"এক এব তু"।

তিনি সর্ব্বনিষেধের সীমাস্বরূপ। (এটীও নির্গুণবোধক) "যাহা ন্যূন অর্থাৎ সগুণরূপ অল্পতা, তাহা নির্গুণ হইতে ভিন্ন। যাহা পূর্ণ, তাহা সগুণ হইতে অন্য।" এই সকল শ্রুতি এবং এইরূপ অন্যান্য শ্রৌত বিদ্যা ও অবিদ্যা নামক বিষয়দ্বৈবিধ্য অনুসারে পরব্রহ্মের দ্বিরূপতা প্রদর্শন করিতেছে।(৩) [তত্রাবিদ্যা...ভেদঃ] তন্মধ্যে অবিদ্যাবস্থাতেই উপাস্য উপাসকাদি ব্যবহার নির্ব্বাহিত হয়। সেই সেই উপাসনা বোধক বাক্যের কতকগুলি কেবল অভ্যুদয় ফলের নিমিত্ত, (৪) কতকগুলি ক্রমমুক্তি লাভের উপায়, এবং কতকগুলি কর্ম্মসমৃদ্ধি ফলের উদ্দেশে অভিহিত হইয়াছে। অপিচ, সে সকলের সেরূপ প্রভেদ কেবল গুণবিশেষরূপ উপাধির দ্বারা কল্পিত। (৫) [এক...ইতি চ] যদিও একই পরমাত্মা বা একই পরমেশ্বর গুণবিশেষবিশিষ্ট

---

(৩) যাহা বিদ্যার বিষয়, তাহা নির্গুণ ও জ্ঞেয়। তাহা কেবলমাত্র জানিতে হয়। আর যাহা অবিদ্যার বিষয়, তাহা সগুণ ও উপাস্য। সগুণ ব্রহ্মেরই পূজা ও উপাসনা (ধ্যানাদি) হইয়া থাকে। নির্গুণ ব্রহ্মের পূজা ও উপাসনা হয় না।

(৪) অভ্যুদয়=জ্ঞান ও অণিমাদি ঐশ্বর্য্য। ক্রমমুক্তি=সূর্য্যলোকাদিতে জন্ম লাভ। সূর্য্যলোকে গেলে পুনর্ব্বার এ লোকে আসিতে হয় না। ক্রমে ঊর্দ্ধ ঊর্দ্ধ লোকে জন্ম হয়, তৎপরে মুক্তি হয়। কর্ম্মসমৃদ্ধি=ক্রিয়ার বা যাগযজ্ঞাদি ফলের উৎকর্ষ।

(৫) ভিন্ন ভিন্ন উপাস্য দেবতা, ভিন্ন ভিন্ন উপাসক, ভিন্ন ভিন্ন উপাসনা, সমস্তই সত্ত্বাদি গুণের তারতম্য বা চিত্তশক্তির প্রভেদ অনুসারেই হইয়াছে। ভিন্নতা বা ভেদ নিত্যসিদ্ধ নহে। জ্ঞান হইলে উহা থাকে না, তৎ কারণে উহা কল্পিত, বাস্তব নহে।

উপাস্যোযদ্যপি ভবতি তথাপি যথাগুণোপাসনমেব ফলানি ভিদ্যন্তে। (তং যথাযথোপাসতে তদেব ভ ।) যথাক্রতুরস্মিন্ লোকে পুরুষোভবতি তথেতঃ প্রেত্য ভবতীতি চ।\স্মৃতেশ্চ, যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরং, তং তমেবৈতি কৌন্তেয় সদা তদ্ভাবভাবিত) ইতি। যদ্যপ্যেক আত্মা সর্ব্বভূতেষু স্থাবরজঙ্গমেষু গূঢ়ঃ, তথাপি চিত্তোপাধিবিশেষতারতম্যাদাত্মনঃ কূটস্থনিত্যস্যৈকরূপস্যাপ্যুত্তরোত্তরমাবিষ্কৃতস্য তারতম্যৈশ্বর্য্যশক্তিবিশেষৈঃ

রূপাভেদেপ্যুপাধিভেদাদুপহিতভেদাদুপাসনাভেদস্তথা চ ফলভেদ ইত্যর্থঃ। "ক্রতুঃ" সংকল্পঃ। নম্বু যদ্যেক এব আত্মা কূটস্থনিত্যোনিরতিশয়ঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ কথমেতস্মিন্ ভূতাশ্রয়ে তারতম্যশ্রুতর ইত্যত আহ।—"যদ্যপ্যেক আত্মা" ইতি। যদ্যপি নিরতিশয়মেকমেব রূপমাত্মন ঐশ্বর্য্যং জ্ঞানং চানন্দশ্চ তথাপ্যনাদ্যবিদ্যাতমঃসমাবৃতং তেষু তেষু প্রাণভৃদ্ভেদেষু কচিদসদিব কচিৎ সদিব কচিদত্যন্তাপকৃষ্টমিব কচিৎ সৎ কচিৎ প্রকর্ষবৎ কচিদত্যন্তপ্রকর্ষবদিব ভাসতে, তৎ কস্য হেতোঃ অবিদ্যাতমসঃ প্রকর্ষনিকর্ষতারতম্যাদিতি। যথোত্তমপ্রকাশঃ সবিতা দিঙ্মণ্ডলমেকরূপেণৈব প্রকাশেনাপূরয়ন্নপি বর্ষাসু নিকৃষ্ট

হইয়া উপাস্য হইতেছেন; তথাপি, গুণবিশেষ অনুসারেই উপাসনা ফলের বৈশিষ্ট্য (ভিন্নতা) হইয়া থাকে। শ্রুতিও এ কথা বলিয়াছেন। যথা—"তাঁহাকে যে যে-রূপে উপাসনা করে, তিনি তাহার নিকট সেইরূপই হন।" "ইহলোকে যে যেরূপ ক্রতুবিশিষ্ট হয়, ধ্যানবান্ হয়, সে এতৎশরীর ত্যাগের পর তদনুরূপ শরীর প্রাপ্ত হয়।" এ কথা স্মৃতিতেও আছে। যথা—[যং যং...ইতি] জীব অন্তকালে অর্থাৎ মৃত্যুর অব্যবহিত পূর্ব্বে যদ্রূপ ভাবনায় ভাবিত হয়, হইয়া শরীর পরিত্যাগ করে, হে অর্জ্জুন! সর্ব্বদা তদ্ভাবে ভাবিত হওয়ায় সে মৃত্যুর পর সেই ভাবই প্রাপ্ত হয়। (৬) [যদ্য...মিতি] যদিও একই আত্মা স্থাবর জঙ্গম সমুদায় জীবদেহে নিগূঢ় (অদৃশ্যরূপে

---

(৬) ভাবিত—ধ্যানজ্ঞানাদি জনিত সংস্কারবিশিষ্ট। যে যাহা সর্ব্বদা ভাবে অথবা যে যেরূপ ধ্যান জ্ঞানে জীবনাতিপাত করে, তাহার চিত্তে সেইরূপ সংস্কার দৃঢ় হয়। মরণকালে তাহা উত্তেজিত হইয়া তাহার চিত্তকে তন্ময় করে। সেই তন্ময়তা অনুসারে তাহার তদনুরূপ জন্ম ঘটনা হয়।

শ্রূয়তে, তস্য য আত্মানমাবিস্তরাং বেদেত্যত্র। স্মৃতাবপি, যদ্‌যদ্বিভূতিমৎ সত্ত্বং শ্রীমদূর্জ্জিতমেব বা। তত্তদেবাঽবগচ্ছ ত্বং মম তেজোঽংশসম্ভবমিতি। যত্র যত্র বিভূত্যাদ্যতিশয়ঃ স স ঈশ্বর ইত্যুপাস্যতয়া চোদ্যতে। এবমিহাপি আদিত্য-মণ্ডলে হিরণ্ময়ঃ পুরুষঃ সর্ব্বপাপ্মোদয়লিঙ্গাৎ পরএবেতি বক্ষ্যতি। এবমাকাশস্তল্লিঙ্গাদিত্যাদিষু দ্রষ্টব্যম্। এবং সদ্যোমুক্তিকারণমপ্যাত্মজ্ঞানমুপাধিবিশেষদ্বারেণোপদিশ্যমান

স্থিত) আছেন, তথাপি, ভিন্ন ভিন্ন চিত্তরূপ উপাধির তারতম্য বা উৎকর্ষাপকর্ষ থাকায় কূটস্থ চিদ্রূপ পরমাত্মার প্রাকট্যের (প্রকটভাবের বা ঐশ্বর্য্যশক্তির) তারতম্য সম্ভব হয়। অর্থাৎ যাহার যেরূপ চিত্ত তাহার তদনুরূপ চৈতন্য-স্ফূর্ত্তি এবং তদনুরূপ ঐশ্বর্য্য শক্তি হইয়া থাকে। এ নির্ণয় শ্রুতি, স্মৃতি, যুক্তি, সর্ব্বত্রই প্রসিদ্ধ। শ্রুতি যথা—"যে আপনাকে প্রকটতর অর্থাৎ অত্যন্ত স্বপ্রকাশরূপে জানে, সে তদনুরূপ ফল প্রাপ্ত হয়।" গীতা স্মৃতি যথা—

"হে অর্জ্জুন। যে যে জীব ঐশ্বর্য্যশালী, শ্রীমান্, তেজস্বী,—সেই সেই জীবকে তুমি আমার তেজের অংশসম্ভূত বলিয়া জান।" [যত্র বক্ষ্যতি] যাহাতে যাহাতে ঈশ্বরশক্তির আবেশ বা ঐশ্বর্য্যের আধিক্য আছে, শাস্ত্রে তাহা তাহাই ঈশ্বরজ্ঞানে উপাস্য বলিয়া উপদিষ্ট হইয়াছে। (৭) অতঃপর-বর্ত্তী সূত্রেও সর্ব্বপাপবিমুক্তরূপ হেতুর দ্বারা আদিত্যমণ্ডলান্তর্গত হিরণ্ময় পুরুষকে পরমেশ্বর বলিয়া অবধারণ করিবেন। (৮) [এবমা...ষ্টব্যম্] অপিচ, "আকাশস্তল্লিঙ্গাৎ" ইত্যাদি সূত্রেও ঐরূপ ঐরূপ তথ্য উপদেশ বা নির্ণয় করিবেন। [এবং সদ্যো দিতি] ঐরূপ অবধারণের বা বিচার-সূত্রের আরও প্রয়োজন এই যে, শাস্ত্রে ব্রহ্মবস্তু দ্বিবিধবাক্যে বা মিশ্রবাক্যে উপদিষ্ট হইয়াছেন। তন্মধ্যে কতকগুলি সোপাধিক বাক্য, এবং কতক

---

(৭) যেমন সূর্য্যোপাসনা। আর্য্য উপাসকগণ জড়সূর্য্যের উপাসনা করেন না। সূর্য্যে যে অসাধারণ শক্তি আছে, সেই শক্তি ঈশ্বরাগত শক্তি, কেবল জড়শক্তি নহে, এতদ্ বিবেচনায় সূর্য্যপ্রতীকে ঈশ্বরবুদ্ধি উত্থাপনপূর্ব্বক অনির্দ্দেশ্যবপু ঈশ্বরের ধ্যান করিয়া থাকেন।

(৮) যিনি সূর্য্যমণ্ডলের অধিষ্ঠাতা বা সূর্য্যশরীরের আত্মা, তিনি নিষ্পাপ। ঈশ্বর ভিন্ন অন্য কেহ নিষ্পাপ নহে, সুতরাং সূর্য্যান্তর্গত পুরুষ ঈশ্বর ভিন্ন অন্য কেহ নহেন।

মপ্যবিবক্ষিতোপাধিবিশেষং পরাপরবিষয়ত্বেন সন্দিহ্যমানং বাক্যগতিপর্য্যালোচনয়া নির্ণেতব্যং ভবতি, যথেহৈব তাবদা-নন্দময়োঽভ্যাসাদিতি। এবমেকমপি ব্রহ্মাঽপেক্ষিতোপাধি-সম্বন্ধং নিরস্তোপাধিসম্বন্ধঞ্চ উপাস্যত্বেন জ্ঞেয়ত্বেন চ বেদা-ন্তেষূপদিশ্যত ইতি প্রদর্শয়িতুং পরোগ্রন্থ আরভ্যতে। যচ্চ গতিসামান্যাদিত্যচেতনকারণান্তরনিরাকরণমুক্তং তদপি

প্রকাশ ইব শরদি তু প্রকৃষ্টপ্রকাশ ইব প্রথতে তথেদমপীতি।—" অপেক্ষি-তোপাধিসম্বন্ধ " " মুপাস্যত্বেন " " নিরস্তোপাধিসম্বন্ধং " " জ্ঞেয়ত্বেন " ইতি॥

নিরুপাধিক বাক্য। যে আত্মজ্ঞান সদ্যোমুক্তির কারণ, সেই আত্মজ্ঞান উপাধিবিশেষ অবলম্বন করিয়া উপদিষ্ট হইলেও এবং উপাধির সহিত আত্মবস্তুর বা ব্রহ্মবস্তুর বাস্তব সম্বন্ধ না থাকিলেও এবং শাস্ত্রেরও তদ্রূপ অভিপ্রায় না থাকিলেও, সেই সেই উপদেশবাক্য শুনিলে আপাততঃ সন্দেহ হইতে পারে যে, এই সকল সোপাধিক উপদেশ বাক্যের প্রতিপাদ্য কি পর ব্রহ্ম? না অপর ব্রহ্ম? এ সন্দেহ আপাতজ্ঞানে বা অবিচারিত জ্ঞানে বিদূরিত হয় না; কাযেই সন্দেহভঞ্জনার্থ সেই সেই বাক্যের তাৎপর্য্যগতি অনুসন্ধান আবশ্যক হয়। তাৎপর্য্যনিশ্চায়ক ষড়্‌বিধচিহ্ন অবলম্বন পূর্ব্বক বাক্যতাৎপর্য্য অনুসন্ধান করিলে বাক্যের প্রকৃত উদ্দেশ্য বা যথার্থ অর্থ জানা যায়, সুতরাং তখন আর সংশয়াদি থাকে না। (অতএব, অতঃপর সূত্র রচনার প্রয়োজন নাই এমত নহে, প্রত্যুত প্রয়োজন আছে)। অদূরে বক্ষ্যমাণ "আনন্দময়োঽভ্যাসাৎ" সূত্রে যদ্রূপ বিচার ও তাহার ফলনিষ্পত্তি হইবে, তৎপরবর্ত্তী অন্যান্য সূত্রেও সেইরূপ হইবে। (অর্থাৎ কোনও সূত্র ব্যর্থ নহে, সকল সূত্রেরই এক একটী বিশেষ লক্ষ্য বা প্রয়োজন আছে)। [এবমেক...ভ্যতে] অপিচ, বেদান্তশাস্ত্রে একই ব্রহ্ম সোপাধিকরূপে উপাস্য এবং নিরুপাধিকরূপে জ্ঞেয়, এই দ্বিবিধপ্রকারে উপদিষ্ট হইয়াছেন, তাহা দেখাইবার জন্যও বক্ষ্যমাণ সূত্রসমূহের প্রয়োজন আছে। [যচ্চ... পশ্যতে] পূর্ব্বে যে "গতিসামান্যাৎ" সূত্রের দ্বারা অচেতন (পরমাণু ও প্রকৃতি) কারণবাদ নিরস্ত হইয়াছে, সে সূত্রের সে অর্থ, ব্রহ্মবোধক অন্যান্য

বাক্যান্তরাণি ব্রহ্মবিষয়াণি ব্যাচক্ষাণেন ব্রহ্মবিপরীতকারণ-নিষেধেন প্রপঞ্চ্যতে।

আনন্দময়োঽভ্যাসাৎ ॥ ১২ ॥ *

তৈত্তিরীয়কেঽন্নময়ং প্রাণময়ং মনোময়ং বিজ্ঞানময়ং চানুক্রম্যাম্নায়তে, তস্মাদ্বা এতস্মাদ্বিজ্ঞানময়াদন্যোঽন্তর আত্মানন্দময় ইতি। তত্র সংশয়ঃ। কিমিহানন্দময়শব্দেন পরমেব ব্রহ্মোচ্যতে যৎ প্রকৃতং সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্মেতি,

তত্র তাবৎ প্রথমমেকদেশিমতেনাধিকরণমারচয়তি।—"তৈত্তিরীয়কেঽন্নময়"মিত্যাদি।

গৌণপ্রবাহপাতেঽপি যুজ্যতে মুখ্যমীক্ষণম্।
মুখ্যত্বে তূভয়োস্তুল্যে-প্রায়দৃষ্টির্বিশেষিকা॥

আনন্দময় ইতি হি বিকারে প্রাচুর্যে চ ময়টস্তুল্যং মুখ্যার্থত্বমিতি বিকারাঽর্থান্নময়াদিপদপ্রায়পাঠাদানন্দময়পদমপি বিকারার্থমেবেতি যুক্তম্। ন চ প্রাণময়াদিষু বিকারার্থত্বাযোগাৎ স্বার্থিকোময়ড়িতি যুক্তম্। প্রাণাদ্যুপাধ্যবচ্ছিন্নোহ্যাত্মা ভবতি প্রাণাদিবিকারোঘটাকাশমিব ঘটবিকারঃ। ন চ সত্যর্থে স্বার্থিকত্বমুচিতম্।

বাক্যের ব্যাখ্যা প্রসঙ্গে ব্রহ্মভিন্ন অন্য পদার্থের জগৎকারণতানিষেধ সহকারে বিস্তৃত বা পূর্ণতাপ্রাপ্ত হইবে।

তৈত্তিরীয় শ্রুতি অন্নময়, প্রাণময়, মনোময়, বিজ্ঞানময়, এতন্নামক কোষ বা আত্মা অভ্যন্তরক্রমে (১) উপদেশ করিয়া তাহার অব্যবহিত পরেই বলিয়াছেন, "আনন্দময় আত্মা বিজ্ঞানময়ের অন্তরে অথচ বিজ্ঞানময় হইতে ভিন্ন।" [তত্র...মিতি] তৈত্তিরীয় শ্রুতিস্থ এই আনন্দময় বাক্যে এইরূপ সংশয় হইতে পারে যে, শ্রুতি আনন্দময়-শব্দে ব্রহ্ম উপদেশ করিয়াছেন?

* তৈত্তীরিয় শ্রুত্যুক্ত আনন্দময়ঃ পরমাত্মা এব নান্যঃ। কুতঃ? অভ্যাসাৎ পুনঃপুনঃ পাঠাৎ। যতঃ পরমাত্মন্যেবানন্দশব্দোঽভ্যস্যতে শ্রুতিষু ততস্তৈত্তিরীয়শ্রুত্যুক্ত আনন্দময়ঃ পরমাত্মৈব নান্য ইতি সূত্রার্থসংক্ষেপঃ।—যেহেতু পরমাত্মবিষয়ে আনন্দশব্দের বহু উচ্চারণ দেখা যায়, সেইহেতু তৈত্তিরীয় শ্রুত্যুক্ত আনন্দময় পরমাত্মা ভিন্ন অন্য নহেন।

(১) অন্নময়ের অভ্যন্তরে প্রাণময়, প্রাণময়ের অভ্যন্তরে মনোময় এবং মনোময়ের অভ্যন্তরে বিজ্ঞানময়,—এইরূপ ক্রমে।

কিংবা অন্নময়াদিবৎ ব্রহ্মণোঽর্থান্তরমিতি। কিং তাবৎ প্রাপ্তম্। ব্রহ্মণোঽর্থান্তরমমুখ্য আত্মানন্দময়ঃ স্যাদিতি। কস্মাৎ। অন্নময়াদ্যমুখ্যাত্মপ্রবাহপতিতত্বাৎ। অথাপি স্যাৎ সর্ব্বান্তরত্বাদানন্দময়োমুখ্য এবাত্মেতি, ন স্যাৎ, প্রিয়াদ্যবয়বযোগাচ্ছারীরত্বশ্রবণাচ্চ। মুখ্যশ্চেদাত্মা স্যাৎ ন প্রিয়াদি

চতুষ্কোশান্তরত্বে তু ন সর্ব্বান্তরতোচ্যতে।
প্রিয়াদিভাগী শারীরোজীবো ন ব্রহ্ম যুজ্যতে॥

ন চ সর্ব্বান্তরতয়া ব্রহ্মৈবানন্দময়ং ন জীব ইতি সাম্প্রতম্। ন হীয়ং শ্রুতিরানন্দময়স্য সর্ব্বান্তরতাং ব্রূতে অপি ত্বন্নময়াদিকোশচতুষ্টয়ান্তরতামানন্দময়কোশস্য। ন চাস্মাদন্যস্যান্তরস্যাশ্রবণাদয়মেব সর্ব্বান্তর ইতি যুক্তম্। যদপেক্ষং যস্যান্তরত্বং শ্রুতং তত্তস্মাদেবান্তরং ভবতি। ন হি দেবদত্তোবলবানিত্যুক্তে সর্ব্বান্ সিংহশার্দ্দূলাদীনপি প্রতিবলবান্ প্রতীয়তে অপি তু সমানজাতীয়নরান্তরমপেক্ষ্য। এবমানন্দময়োপ্যন্নময়াদিভ্যোঽন্তরো ন তু সর্ব্বস্মাৎ। ন চ নিষ্কলস্য ব্রহ্মণঃ প্রিয়াদ্যবয়বযোগো নাপি শারীরত্বং যুজ্যত ইতি সংসার্য্যেবানন্দময়ঃ। তস্মাদুপহিতমেবাত্রোপাস্যত্বেন বিবক্ষিতং ন তু ব্রহ্মরূপং জ্ঞেয়ত্বেনেতি পূর্ব্বঃ পক্ষঃ। অপি চ, যদি প্রাচুর্য্যার্থোঽপি ময়ট্

অথবা অন্নময়াদি কোষ যেমন ব্রহ্ম হইতে ভিন্ন, সেইরূপ আনন্দময়ও ব্রহ্ম হইতে ভিন্ন। (২) [কিং...স্যাৎ] উক্তবিধ সংশয়ের পর আপাততঃ কি কি বুঝা যায়? কি পাওয়া যায়? প্রথমে ইহাই বুঝা যায় বা পাওয়া যায়, উক্ত আনন্দময় ব্রহ্ম হইতে ভিন্ন, অমুখ্য আত্মা, অর্থাৎ জীব। [কস্মাৎ] কেন? [অন্ন...তত্বাৎ] উত্তর এই যে, ঐ আনন্দময় অন্নময়-প্রভৃতি অমুখ্য আত্মার প্রবাহে (শ্রেণীতে) পরিপঠিত হইয়াছে। যেহেতু উহা অন্নময়াদি অমুখ্য (গৌণ) আত্মার সঙ্গে পরিপঠিত, সেই হেতু উহা (আনন্দময়) অন্নময়াদির ন্যায় অমুখ্য, মুখ্য নহে। (মুখ্য ব্রহ্ম। অমুখ্য জীব)। [অথাপি... শ্রবণাচ্চ] আনন্দময় যখন সর্ব্বান্তর, তখন উহা অবশ্য মুখ্য আত্মা, এরূপ আশঙ্কাও করিতে পার না। তৎপ্রতি হেতু এই যে, তৈত্তিরীয় শ্রুতিতে আনন্দময়-বাক্যের শেষভাগে আনন্দময়ের অবয়বকল্পনা আছে এবং প্রিয়াপ্রিয় সম্বন্ধও কথিত হইয়াছে। [মুখ্য...ইত্যর্থঃ] আনন্দময় যদি মুখ্য আত্মা

---

(২) অর্থাৎ আনন্দময় শব্দে জীব বুঝিতে হইবে? না ব্রহ্ম বুঝিতে হইবে?

সংস্পর্শঃ স্যাৎ। ইহ তু তস্য প্রিয়মেব শির ইত্যাদি শ্রূয়তে। শারীরত্বঞ্চ শ্রূয়তে, তস্যৈষ এব শারীর আত্মা যঃ পূর্ব্বস্যেতি। তস্য পূর্ব্বস্য বিজ্ঞানময়স্যৈষ এব শারীর আত্মা য এষ আনন্দময় ইত্যর্থঃ। ন চ সশরীরস্য সতঃ প্রিয়াপ্রিয়সংস্পর্শোবারয়িতুং শক্যঃ। তস্মাৎ সংসার্য্যেবা-নন্দময় আত্মেতি। এবং প্রাপ্ত ইদমুচ্যতে, আনন্দময়ো-ঽভ্যাসাৎ। পর এবাত্মা আনন্দময়োভবিতুমর্হতি। কুতঃ। অভ্যাসাৎ। পরস্মিন্নেব হ্যাত্মন্যানন্দশব্দোবহুকৃত্বোঽভ্য-

তথাপি সংসার্য্যেবানন্দময়ো ন তু ব্রহ্ম। আনন্দপ্রাচুর্য্যং হি তদ্বিপরীত-দুঃখলবসম্ভবে ভবতি ন তু তদত্যন্তাসম্ভবে। ন চ পরমাত্মনো মনাগপি দুঃখলবসম্ভব আনন্দৈকরসত্বাদিত্যাহ।—"ন চ সশরীরস্য সত" ইতি। অশরীরস্য পুনরপ্রিয়সম্বন্ধোমনাগপি নাস্তীতি প্রাচুর্য্যার্থোঽপি ময়ট্ নোপ-পদ্যত ইত্যর্থঃ। উচ্যতে। আনন্দময়াবয়বস্য তাবৎ ব্রহ্মণঃ পুচ্ছস্যাঙ্গতয়া ন প্রাধান্যমপি ত্বঙ্গিন আনন্দময়স্যৈব ব্রহ্মণঃ প্রাধান্যম্। তথা চ তদধিকারে পঠিতমভ্যস্যমানমানন্দপদং তদ্বুদ্ধিমাধত্ত ইতি তস্যৈবানন্দময়স্যাভ্যাস ইতি

হন, ব্রহ্ম হন, তাহা হইলে তাঁহাতে প্রিয়াপ্রিয়সংযোগ (পুণ্য পাপ বা সুখ দুঃখ সম্বন্ধ), অবয়বকল্পনা ও শরীর থাকা অসম্ভব হয়। শ্রুতি ঐ কথার পরেই বলিয়াছেন, "প্রিয়ই তাঁহার মস্তক," এবং "এই আনন্দময়ই পূর্ব্বোক্ত বিজ্ঞানময় আত্মার আত্মা।" (৩) [ন চ...আত্মা] যাহার শরীর বা শরীরা-ভিমান থাকে, তাহার প্রিয়াপ্রিয় নিবারিত (নিষেধ) হয় না, হইতে পারেও না। অতএব, শরীর ও প্রিয়াপ্রিয়াদিসম্বন্ধ থাকা দৃষ্টে তৈত্তিরীয় শ্রুত্যুক্ত ঐ আনন্দময়কে সংসারী আত্মা (জীব) ভিন্ন অসংসারী পরমাত্মা (ব্রহ্ম) বলা যায় না। [এবং...ভ্যাস্যাৎ] এতদ্রূপ পূর্ব্বপক্ষ স্থির হওয়ার পর অথবা প্রথমকল্পে ঐরূপ অর্থ প্রতীত হওয়ার পর, উহার সিদ্ধান্তের জন্য অর্থাৎ পূর্ব্বপক্ষ নিরাকরণপূর্ব্বক উহার নিশ্চিতার্থ নির্দ্ধারণের জন্য এই "আনন্দময়োঽভ্যাসাৎ" সূত্র অবতারিত হইয়াছে। [পর...অভ্যাসাৎ] ঐ আনন্দময় পরমাত্মা হইবারই যোগ্য। তাহার হেতু অভ্যাস (বার বার বলা)। [পরস্মিন্...স্যতে] শ্রুতি পরমাত্মাতেই আনন্দশব্দের অভ্যাস অর্থাৎ

(৩) অর্থাৎ বিজ্ঞানময় কোষটী আনন্দময় আত্মার শরীর।

স্যতে। আনন্দময়ং প্রস্তুত্য, রসোবৈ স ইতি তস্যৈব রসত্বমুক্ত্বা উচ্যতে, রসং হ্যেবায়ং লব্ধ্বানন্দীভবতি, কোহ্যেবান্যাৎ কঃ প্রাণ্যাদ্‌যদেষ আকাশ আনন্দো ন স্যাৎ, এষ হ্যেবানন্দয়াতি, সৈষানন্দস্য মীমাংসা ভবতি, এতমানন্দময়মাত্মানমুপসংক্রামতি, আনন্দং ব্রহ্মণোবিদ্বান্ ন বিভেতি কুতশ্চন, আনন্দোব্রহ্মেতি ব্যজানাদিতি চ। শ্রুত্যন্তরে চ বিজ্ঞানমানন্দং ব্রহ্মেতি ব্রহ্মণ্যেবানন্দশব্দোদৃষ্টঃ। এবমানন্দশব্দস্য বহুকৃত্বোব্রহ্মণ্যেবাভ্যাসা-

---

যুক্তম্। জ্যোতিষ্টোমাধিকারে 'বসন্তে বসন্তে জ্যোতিষা' ইতি জ্যোতিষ্পদমিব জ্যোতিষ্টোমাভ্যাসঃ কালবিশেষবিধিপরঃ। অপি চ সাক্ষাদানন্দময়াত্মাভ্যাসঃ শ্রূয়তে 'এতমানন্দময়মাত্মানমুপসংক্রামতী'তি। পূর্ব্বপক্ষবীজমনুভাষ্য

পুনঃ পুনঃ প্রয়োগ করিয়াছেন, অন্যত্র নহে। [আনন্দ...ইতি চ] শ্রুতি "আনন্দময়" উপদেশ করিয়া, পশ্চাৎ তাঁহার রসত্ব বা সারত্ব বিধান করিয়া (১) অবশেষে বলিয়াছেন, "এই লোক বা জীব সকল সেই রস বা সেই আনন্দ লাভ করিয়াই আনন্দিত হয়। যদি সেই পূর্ণানন্দ না থাকিতেন, তাহা হইলে কেই বা প্রাণকার্য্য করিত এবং কেই বা জীবিত থাকিত। সেই আনন্দই জীবকে আনন্দিত রাখে, ইহা মীমাংসিত হইয়াছে। পুরুষ সেই আনন্দই প্রাপ্ত হয়। সে আনন্দ—সে ব্রহ্মানন্দ—সাক্ষাৎকৃত হইলে কিছু হইতে ভয় থাকে না। ভৃগু জানিয়াছিলেন, আনন্দই ব্রহ্ম।" ইত্যাদি। (২) [শ্রুত্যন্তরে...দৃষ্টঃ] অন্য শ্রুতিতেও ব্রহ্মে আনন্দ শব্দের প্রয়োগ দেখা যায়। যথা—"ব্রহ্ম বিজ্ঞান ও আনন্দ।" [এবমা...গম্যতে] এবম্প্রকারে, ব্রহ্মবিষয়েই বার বার বহুবার আনন্দশব্দ উচ্চারিত হওয়ায় ইহাই প্রতিপন্ন হইতেছে বা জানা যাইতেছে যে, তৈত্তিরীয় শ্রুত্যুক্ত আনন্দময় শব্দ ব্রহ্ম-

(১) অর্থাৎ "সেই আনন্দময়ই রস" এইরূপ বলিয়া।

(২) আনন্দময় ব্রহ্ম কি জীব, অর্থাৎ সগুণ কি নির্গুণ, এ বিচারের প্রয়োজন কি? প্রয়োজন আছে। সগুণ হইলে উপাস্য, আর নির্গুণ হইলে জ্ঞেয়। সুতরাং প্রয়োজন আছে। সিদ্ধান্তের দ্বারা জানা যাইবে, ঐ আনন্দময় জ্ঞেয় ব্রহ্ম, উপাস্য ব্রহ্ম নহে। উহাঁকে জানিতে হইবেক, উপাসনা করিতে হইবেক না। উপাসনার সহিত জ্ঞানের যে প্রভেদ—তাহা পশ্চাৎ ব্যক্ত হইবে।

দানন্দময় আত্মা ব্রহ্মেতি গম্যতে। যত্তূক্তং অন্নময়াদ্যমুখ্যাত্মপ্রবাহপতিতত্বাদানন্দময়স্যাপ্যমুখ্যাত্মত্বমিতি, নাসৌ দোষঃ, আনন্দময়স্য সর্ব্বান্তরত্বাৎ। মুখ্যমেব হ্যাত্মানমুপদিদিক্ষু শাস্ত্রং লোকবুদ্ধিমনুসরদন্নময়ং শরীরমনাত্মানমত্যন্তমূঢ়ানামাত্মত্বেন প্রসিদ্ধমনূদ্য মূষানিষিক্তদ্রুততাম্রাদিপ্রতিমাবৎ ততোঽন্তরন্তরস্ততোঽন্তরমিত্যেবং পূর্ব্বেণ পূর্ব্বেণ সমানমুত্তরমুত্তরমনাত্মানমাত্মেতি গ্রাহয়ৎ প্রতিপত্তিসৌকর্য্যাপে-

দূষয়তি।—"যত্তূক্তমন্নময়াদী"তি। ন হি মুখ্যারুন্ধতীদর্শনং তত্তদমুখ্যারুন্ধতীদর্শনপ্রায়পঠিতমপ্যমুখ্যারুন্ধতীদর্শনং ভবতি। তাদর্থ্যাৎ পূর্ব্বদর্শনানামন্ত্যদর্শনানুগুণ্যং ন তু তদ্বিরোধিতেতি চেৎ ইহাপ্যানন্দময়াদান্তরস্যান্যস্যাঽশ্রবণাৎ তস্য অন্নময়াদিসর্ব্বান্তরত্বশ্রুতেস্তৎপর্য্যাবসানাৎ তাদর্থ্যং তুল্যম্। প্রিয়াদ্যবয়বযোগশারীরত্বে চ নিগদব্যাখ্যাতেন ভাষ্যেণ সমাহিতে। প্রিয়াদ্যবয়বযোগাচ্চ সুখলবযোগোঽপি পরমাত্মন ঔপাধিক উপপাদিতঃ। তথানন্দময় ইতি প্রাচুর্য্যার্থতা ময়ট উপপাদিতেতি॥

বোধক। (১) [যত্তূক্তং...সর্ব্বান্তরত্বাৎ] অন্নময় প্রভৃতি গৌণাত্মপ্রবাহে (এক সঙ্গে) পঠিত হইয়াছে বলিয়া আনন্দময়ও গৌণ আত্মা, এ কথা সঙ্গত কথা নহে। ঐরূপ প্রবাহপাঠ (এক সঙ্গে বলা) এ স্থলে অসঙ্গত নহে, প্রত্যুত সঙ্গত। তাহার কারণ এই যে, মুখ্য আনন্দময় আত্মাই সর্ব্বান্তর— অন্য সকল আপেক্ষিক। [মুখ্য...শ্লিষ্টতরম্] শ্রুতি মুখ্য আত্মা বুঝাইবার জন্য, লোকবুদ্ধি অনুসরণ করতঃ (২) অজ্ঞ লোকের নিকট যে অন্নময়াদি আত্মা বলিয়া প্রসিদ্ধ আছে, শ্রুতি সেই লোকসিদ্ধ আত্মচতুষ্টয়ের (৩) অনুবাদ

(১) এই সকল শ্রুতিতে যতগুলি আনন্দ শব্দ আছে সমস্তই ব্রহ্মবোধক। ব্রহ্মে বা পরমাত্মার আনন্দ শব্দের প্রচুর প্রয়োগ থাকায় আনন্দময় শব্দটিও ব্রহ্মবোধক।

(২) লোকবুদ্ধি—লৌকিক বোধ বা লৌকিক দৃষ্টান্ত। অর্থাৎ অজ্ঞ লোককে যে প্রকারে বুঝাইবার প্রণালী আছে—সেই প্রণালী।

(৩) কাহারও নিকট অন্নময় দেহই আত্মা। অন্যের নিকট প্রাণময় কোষই আত্মা। অপর এক সম্প্রদায়ের জ্ঞানে মনই আত্মা এবং অন্যের মতে বিজ্ঞানই আত্মা। এ সকল উল্লেখ করিয়া।

ক্ষয়া সর্ব্বান্তরং মুখ্যমানন্দময়মাত্মানমুপদিদেশেতি শ্লিষ্টতরম্। যথাহরুন্ধতীনিদর্শনে বহ্বীষপি তারাস্বমুখ্যাস্বরুন্ধতীষু দর্শিতাসু যাহন্ত্যা প্রদর্শ্যতে সা মুখ্যৈবারুন্ধতী ভবতি, এবমিহাপ্যানন্দময়স্য সর্ব্বান্তরত্বান্মুখ্যমাত্মত্বম্। যত্তু ক্রমে প্রিয়াদীনাং শিরস্ত্বাদিকল্পনানুপপন্না মুখ্যস্যাত্মন ইতি, অতী-

---

অপি চ মন্ত্রব্রাহ্মণয়োরুপেয়োপায়ভূতয়োঃ সম্প্রতিপত্তেরত্রৈবানন্দময়পদার্থঃ। মন্ত্রে হি পুনঃপুনরন্তোহন্তর আত্মেতি পরব্রহ্মণ্যান্তরত্বশ্রবণাত্তস্যৈব

পূর্ব্বক, মূষানিক্ষিপ্ত (১) দ্রুত তাম্রাদি প্রতিমা দৃষ্টান্তে সে সকল আত্মার আপেক্ষিক অন্তরত্ব বুঝাইয়া দিয়া সর্ব্বশেষে মুখ্য আনন্দময় আত্মার উপদেশ করিয়াছেন। এইরূপ ক্রম (২) মূঢ়বুদ্ধি লোককে বুঝাইবার ও সূক্ষ্মতত্ত্ব বুঝাইবার সহজ উপায়। [যথা...আত্মত্বম্] যেমন অরুন্ধতী প্রদর্শনে অর্থাৎ অরুন্ধতী প্রদর্শনকালে, অরুন্ধতী নহে এরূপ বহুতারাকে অরুন্ধতী বলিয়া দেখাইয়া সর্ব্বশেষে যাহাকে অরুন্ধতী বলিয়া দেখান হয়, তাহাই যেমন মুখ্য বা যথার্থ অরুন্ধতী; তদ্রূপ, এখানেও অন্নময়াদি অনাত্মচতুষ্টয়কে অন্তরাত্মা বলিয়া শেষে যাহাকে সর্ব্বান্তর বলিয়া উপদেশ করা হইয়াছে তাহাই যথার্থ বা মুখ্য আত্মা হইবে, পূর্ব্বোক্ত আত্মা সকল অনাত্মা বা অমুখ্য আত্মা হইবে। (৩) [যত্তু...এবাত্মা] আর এক কথা বলিয়াছিলে যে, আনন্দময়কে মুখ্য আত্মা বলিতে গেলে প্রিয়াদি অবয়ব ও শারীরত্ব কল্পনা স্থান প্রাপ্ত হয় না, সে কথার প্রত্যুত্তর এই যে, আনন্দময় বস্তুতঃ অশরীর;

---

(১) মূষা=ছাঁচ। দ্রুত=গলিত। তামা গলাইয়া ছাঁচে ঢালিলে তাহা দেখিতে ছাঁচের মতই হয়। উক্ত দৃষ্টান্তে দেহব্যাপী প্রাণ দেহের মত এবং প্রাণব্যাপী মন প্রাণের মত, ইহা আপাত ভাবে প্রতীত হয়, কিন্তু বিচারিত ভাবে তাহা অন্যথা হইয়া যায়।

(২) অর্থাৎ দেহ অপেক্ষা প্রাণের অন্তরতা, প্রাণ অপেক্ষা মনের অন্তরতা এবং মন অপেক্ষা বিজ্ঞানের অন্তরতা (অভ্যন্তর বর্ত্তিত্ব), এতদ্রূপ ক্রম।

(৩) সপ্তর্ষি মণ্ডলের (সাতভেয়ে তারার) অভ্যন্তরে অতি সূক্ষ্ম অরুন্ধতী নক্ষত্র আছে। বিবাহকালে তাহা নববধূকে দেখাইতে হয়। চক্ষু তাহাতে সহজে সন্নিকৃষ্ট হয় না বলিয়া প্রথমে তৎপার্শ্ববর্ত্তী স্থূল তারা দেখান হয়, পরে তদপেক্ষা সূক্ষ্মতারা, সর্ব্বশেষে প্রকৃত অরুন্ধতীতে গিয়া দৃষ্টি পড়ে। এরূপ ক্রম অবলম্বন ব্যতীত একবারে অরুন্ধতী দেখিবার ও দেখাইবার উপায় নাই। এখানেও সেইরূপ স্থূলক্রম অবলম্বন ব্যতীত একবারে মুখ্য আত্মা জানিবার উপায় নাই।

তানন্তরোপাধিজনিতা সা ন স্বাভাবিকীত্যদোষঃ। শারীরত্ব-মপ্যানন্দময়স্যান্নময়াদিশরীরপরম্পরয়া প্রদর্শ্যমানত্বাৎ ন পুনঃ সাক্ষাদেব শারীরত্বং সংসারিবৎ। তস্মাদানন্দময়ঃ পর এবাত্মা ॥ ১২ ॥

বিকারশব্দান্নেতি চেন্ন প্রাচুর্য্যাৎ ॥ ১৩ ॥ *

অত্রাহ নানন্দময়ঃ পর আত্মা ভবিতুমর্হতি। কস্মাৎ। বিকারশব্দাৎ। প্রকৃতিবচনাদয়মন্যঃ শব্দোবিকারবচনঃ সমধিগতঃ,আনন্দময় ইতি ময়টোবিকারার্থত্বাৎ। তস্মাৎ অন্ন-

---

চান্যোঽন্তর আত্মানন্দময় ইতি ব্রাহ্মণে প্রত্যভিজ্ঞানাৎ পরব্রহ্মৈবানন্দময়-মিত্যাহ সূত্রকারঃ।

'তৎপ্রকৃতবচনে ময়ড়িতি' তদিতি প্রথমাসমর্থাৎ শব্দাৎ প্রাচুর্য্য-বিশিষ্টস্য প্রস্তুতস্য বচনেঽভিধানে ময়ট্ প্রত্যয়ো ভবতীতি সূত্রার্থঃ। অত্র

সুতরাং তাঁহার মস্তকাদি পূর্ব্ববর্ত্তী বিজ্ঞানময় কোষরূপ উপাধির দ্বারা কল্পিত, স্বাভাবিক বা বাস্তবিক নহে; সুতরাং ঐরূপ উক্তি দোষাবহ নহে। তাঁহাকে যে শারীর বলা হইয়াছে, তাহা অন্নময়াদিশরীরপরম্পরা দ্বারা জ্ঞেয় বলিয়াই বলা হইয়াছে অর্থাৎ শরীরপরম্পরায় জানা যায় বলিয়াই তিনি শারীর (বিজ্ঞান-শরীরের আত্মা) কিন্তু সংসারী জীব যেরূপ শারীর, তিনি সেরূপ শারীর নহেন। বিচারের ও সিদ্ধান্তের উপসংহার এই যে, ঐ ঐ কারণে তৈত্তিরীয় শ্রুত্যুক্ত আনন্দময় পরমাত্মা, জীবাত্মা নহে।

কথিত সিদ্ধান্তে কেহ কেহ এইরূপ আশঙ্কা করিয়া থাকেন যে, আনন্দ-ময় শব্দ পরমাত্মবোধক হইতে পারে না। তাহার কারণ এই যে, আনন্দময় শব্দ বিকারবাচী ময়ট্প্রত্যয়নিষ্পন্ন। ময়ট্ প্রত্যয়ের অর্থ বিকার, তৎসম্বন্ধ থাকায় আনন্দময় শব্দ কোন এক সবিকার পদার্থের বোধক। প্রকৃত বা নির্ব্বিকার ব্রহ্মবোধক নহে। অতএব, ঐ আনন্দময় শব্দ অন্নময়াদি শব্দের

---

* বিকারার্থকময়ট্প্রত্যয়ান্তত্বাৎ আনন্দময়ঃ পরমাত্মা ন ইতি ন বক্তব্যম্। কুতঃ? প্রাচুর্য্যাৎ ময়টঃ প্রাচুর্য্যার্থত্বাৎ। প্রাচুর্য্যার্থেঽপি ময়ট্ ভবতীতি যাবৎ।—"আনন্দময়" শব্দ বিকারবাচী ময়ট্ প্রত্যয়নিষ্পন্ন বলিয়া পরমাত্মার বোধক নহে, এরূপ বলা যায় না। হেতু এই যে, প্রচুর অর্থেও ময়ট্ প্রত্যয়ের বিধান আছে। (এটি আশঙ্কা সূত্র)।

